দৈনিক
সকালবেলা
নতুন প্রজন্মের কাগজ
The Daily Sakalbela
প্রতিষ্ঠাতা ঃ সৈয়দ এনামুল হক
প্রকাশনার ৩০ বছর

বুধবার
- রেজি নং ডিএ- ১৯৮৭
- ৩০ তম বর্ষ, ২০১ সংখ্যা
- ঢাকা, ২৫ নভেম্বর ২০২৬
- ১০ অগ্রহায়ণ ১৪৩৩ বাংলা
- ১৪ জমা: সানি ১৪৪৮ হিজরী
- ৮ পৃষ্ঠা, মূল্য ৫ টাকা



বলে লালা ব্যবহারের নিষেধাজ্ঞা তুলে নেওয়ার দাবি গিলের

পৃষ্ঠা-০৬

পেট্রাপোল সীমান্তে বৈঠক গভীর ষড়যন্ত্রের ইঙ্গিত: রিজভী

স্টাফ রিপোর্টার :
ভারতের পেট্রাপোল সীমান্তে ইমিগ্রেশন কর্মকর্তাদের সঙ্গে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাদের বৈঠক এবং দেশে সাম্প্রতিক সহিংস ঘটনার পেছনে গভীর ষড়যন্ত্র ও অশুভ ইঙ্গিত রয়েছে বলে ২ এর পাতায় দেখুন

শান্তিরক্ষায় সশস্ত্রবাহিনীর প্রশংসা করলেন আইরিন খান

স্টাফ রিপোর্টার :
জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত আইরিন জুবাইদা খান দেশের সার্বভৌমত্ব রক্ষা ও বিশ্বশান্তি প্রতিষ্ঠায় সশস্ত্র বাহিনীর অবদানের কথা তুলে ধরেছেন। এ সময় তিনি সশস্ত্র বাহিনীর সদস্যদের ২ এর পাতায় দেখুন

বিএনপি লাশের রাজনীতিতে বিশ্বাস করে না: সমাজকল্যাণমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেছেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) লাশের রাজনীতিতে বিশ্বাস করে না, যে পলাতক যে স্বৈরাচারী উনি বিশ্বাস করেন। বাংলাদেশ ২ এর পাতায় দেখুন

তুমি রবে নিরবে...

বিনম্র শ্রদ্ধায় স্মরণ করি



লায়ন, এ্যাডভোকেট
সৈয়দ এনামুল হক
প্রতিষ্ঠাতা সম্পাদক ও প্রকাশক
দৈনিক সকালবেলা
এবং The Daily Morning Times
মহাসচিব : বাংলাদেশ সংবাদপত্র পরিষদ (BSP)
ইংরেজি সংবাদ পাঠক : বাংলাদেশ বেতার, ঢাকা।

জন্ম ঃ ১৬ এপ্রিল ১৯৫৬
মৃত্যু ঃ ২৭ অক্টোবর ২০২০

ঢাকায় ৩ হাজার বৈদ্যুতিক বাস চালুর উদ্যোগ

বিশেষ প্রতিনিধি ■
রাজধানীর গণপরিবহন ব্যবস্থায় দীর্ঘদিনের বিশৃঙ্খলা দূর করা, যাত্রীসেবার মানোন্নয়ন এবং বায়ুদূষণ নিয়ন্ত্রণে পর্যায়ক্রমে ৩ হাজার আধুনিক পরিবেশবান্ধব বৈদ্যুতিক বাস চালুর পরিকল্পনা নিয়েছে সরকার। এ উদ্যোগের

> ■ এ উদ্যোগের প্রাথমিক পর্যায়ে সরকারি ব্যবস্থাপনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের (বিআরটিসি) মাধ্যমে বাস পরিচালনা শুরু করা হবে।

প্রাথমিক পর্যায়ে সরকারি ব্যবস্থাপনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের (বিআরটিসি) মাধ্যমে বাস পরিচালনা শুরু করা হবে। পরবর্তী সময়ে বেসরকারি বাস মালিকদেরও এ ব্যবস্থার আওতায় আনার পরিকল্পনা রয়েছে। বিশ্বব্যাংকের সহায়তায় 'বাংলাদেশ ক্লিন এয়ার প্রজেক্টের (বিসিএপি)' আওতায় রাজধানীর গণপরিবহন ব্যবস্থায় সংস্কার এবং 'গ্রস-কস্ট' মডেল বাস্তবায়নের বিষয়ে গতকাল মঙ্গলবার সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এক আলোচনা সভায় এ পরিকল্পনার কথা জানানো হয়। সভায় সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম সভাপতিত্ব করেন। মন্ত্রী বলেন, ঢাকা শহরের গণপরিবহন ব্যবস্থাকে আধুনিক, নিরাপদ, সাশ্রয়ী ও যাত্রীবান্ধব করতে পর্যায়ক্রমে ৩ হাজার আধুনিক বৈদ্যুতিক বাস চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। প্রাথমিকভাবে বিআরটিসির মাধ্যমে সরকারি উদ্যোগে এ কার্যক্রম শুরু হবে। একই সঙ্গে বেসরকারি বাস মালিকদেরও নতুন ব্যবস্থার আওতায় নিয়ে আসতে সরকার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। তিনি বলেন, রাজধানীর গণপরিবহন ব্যবস্থায় কেবল বাসের সংখ্যা বাড়ালেই চলবে না, বরং পুরো পরিচালন পদ্ধতিতে কাঠামোগত পরিবর্তন আনতে হবে। দীর্ঘদিনের প্রচলিত ব্যবস্থার বাইরে গিয়ে একটি সমন্বিত, পরিকল্পিত ও জবাবদিহিমূলক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন। এ জন্য সংশ্লিষ্ট সব পক্ষকে নিয়ে কাজ করতে হবে। পুরো ব্যবস্থায় প্রয়োজনীয় পরিবর্তন আনতে দুই থেকে তিন বছর সময় লাগতে পারে। এ ক্ষেত্রে বিশ্বব্যাংক বাংলাদেশের পাশে রয়েছে। সংশ্লিষ্টরা মনে করছেন, রাজধানীর গণপরিবহনে শৃঙ্খলা প্রতিষ্ঠার ক্ষেত্রে বাস পরিচালনার ২ এর পাতায় দেখুন




প্রধানমন্ত্রী তারেক রহমান নোয়াখালীর স্বর্ণদ্বীপে বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর বিশেষ যৌথ প্রশিক্ষণ মহড়া পরিদর্শনকালে কথা বলেন।

বিশ্ব দরবারে সশস্ত্র বাহিনীর সক্ষমতা তুলে ধরবে যৌথ মহড়া

-প্রধানমন্ত্রী তারেক রহমান

স্টাফ রিপোর্টার :
প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, তিন বাহিনীর যৌথ সামরিক মহড়া বিশ্বদরবারে বাংলাদেশের সশস্ত্র বাহিনীর সক্ষমতা তুলে ধরবে। তিনি বলেন, বাংলাদেশের সামরিক বাহিনীর ইতিহাসে আজ একটি নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। দেশের ইতিহাসে প্রথমবারের মতো তিন বাহিনীর স্পেশাল ফোর্সের সমন্বয়ে অনুষ্ঠিত যৌথ সামরিক মহড়ার সাক্ষী হতে পেরে আমি ব্যক্তিগতভাবে অত্যন্ত গর্বিত। প্রধানমন্ত্রী বলেন, 'আজকের এই মহড়া বিশ্বদরবারে একটি স্পষ্ট বার্তা দেবে যে বাংলাদেশের সশস্ত্র বাহিনী অত্যন্ত সুসংগঠিত, পেশাদার এবং যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলায় সদা প্রস্তুত। গতকাল নোয়াখালীর স্বর্ণদ্বীপের ভিউ পয়েন্ট-১-এ বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর বিশেষ যৌথ প্রশিক্ষণ মহড়া পরিদর্শনকালে ২ এর পাতায় দেখুন



মিডলইস্ট আইয়ের প্রতিবেদন

গাজা গণহত্যা মামলায় হারতে পারে ইসরাইল

আন্তর্জাতিক ডেস্ক :
আন্তর্জাতিক বিচার আদালত (আইসিজে) যদি রোহিঙ্গা গণহত্যা মামলায় মিয়ানমারকে দোষী সাব্যস্ত করার যুক্তিগুলো অনুসরণ করে, তবে দক্ষিণ আফ্রিকার দায়ের করা গাজা গণহত্যা মামলায় ইসরাইল সম্ভবত হেরে যাবে। এমনটাই সতর্কবার্তা দিয়েছেন তেল আবিব বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক আইন বিভাগের অধ্যাপক এলিয়াভ লিবলিখ। গত সপ্তাহে ৯-৬ ভোটে দেওয়া এক ঐতিহাসিক রায়ে আইসিজে জানায়, ২০১৭ সালে রাখাইনে সামরিক অভিযানের সময় মিয়ানমার রোহিঙ্গাদের বিরুদ্ধে গণহত্যা চালিয়েছিল। জাতিসংঘের সর্বোচ্চ আদালতের এই প্রথম ২ এর পাতায় দেখুন

শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি হতে লাগবে স্নাতক ডিগ্রি

স্টাফ রিপোর্টার :
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির সভাপতি হওয়ার জন্য ন্যূনতম স্নাতক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ করেছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে পুনর্গঠিত গভর্নিং বডি, ম্যানেজিং কমিটি ও অ্যাডহক কমিটিতে স্থানীয় পর্যায়ের তিনজন গণ্যমান্য ব্যক্তিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। তাদের মধ্যে একজন নারী প্রতিনিধি থাকতে হবে। গত সোমবার (২৩ নভেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এ সংক্রান্ত পরিপত্র জারি করেছে। পরিপত্রে বলা হয়েছে, গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির সভাপতির সাধারণ শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক পাস বা সমমান হতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে শিক্ষা বিস্তার ও ২ এর পাতায় দেখুন

এক বছরে ব্যাংক আমানত বেড়েছে প্রায় ১৩ শতাংশ

ব্যাংকিং খাতে ফিরছে গ্রাহকের আস্থা

স্টাফ রিপোর্টার :
দেশের ব্যাংকিং খাতে আমানতের প্রবৃদ্ধি ইতিবাচক ধারায় ফিরেছে। গত এক বছরে ব্যাংকগুলোতে আমানত বেড়েছে ১২ দশমিক ৯৪ শতাংশ। গত সেপ্টেম্বর শেষে ব্যাংক খাতে মোট আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ২১ লাখ ৬২ হাজার ৫২৮ কোটি ৬০ লাখ টাকা। ব্যাংক খাতের আর্থিক ভিত্তি ও সুশাসন জোরদারে চলমান সংস্কার উদ্যোগের মধ্যে আমানতের এই প্রবৃদ্ধিকে গ্রাহকদের আস্থা ফিরে আসার ইতিবাচক ইঙ্গিত হিসেবে দেখা হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী, ২০২৫ সালের সেপ্টেম্বরে ব্যাংক খাতে আমানতের পরিমাণ ছিল ১৯ লাখ ১৪ হাজার ৭৪৪ কোটি ৫০ লাখ টাকা। সেই হিসাবে এক বছরের ব্যবধানে আমানত বেড়েছে ২ লাখ ৪৭ হাজার ৭৮৪ কোটি ১০ লাখ টাকা। এদিকে, চলতি বছরের আগস্টের তুলনায় সেপ্টেম্বরে আমানত বেড়েছে ৩০ হাজার ৭ কোটি ৩০ লাখ টাকা বা ১ দশমিক ৪১ শতাংশ। আগস্ট শেষে ব্যাংক খাতে মোট আমানতের পরিমাণ ছিল ২১ লাখ ৩২ হাজার ৫২১ কোটি ৩০ লাখ টাকা। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান বলেন, কেন্দ্রীয় ব্যাংকের বিভিন্ন উদ্যোগের ফলে ব্যাংক খাতে সাধারণ মানুষের আস্থা ফিরতে শুরু করেছে। তিনি বলেন, কয়েকটি ব্যাংক সমস্যার মুখে পড়েছিল। বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে এসব ব্যাংক আমানতকারীদের অর্থ ফেরত দিতে শুরু করেছে। এর ফলে গ্রাহকদের আস্থা পুনরুদ্ধারে ইতিবাচক প্রভাব পড়েছে। কেন্দ্রীয় ব্যাংকের এই মুখপাত্র বলেন, ব্যাংক খাতে স্থিতিশীলতা ফিরিয়ে আনা, সুশাসন নিশ্চিত করা এবং বিনিয়োগ ও ঋণপ্রবাহ স্বাভাবিক করতে একটি সমন্বিত সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে ১৫টি ব্যাংকের সম্পদের গুণগত মান পর্যালোচনা (অ্যাসেট কোয়ালিটি রিভিউ) সম্পন্ন হয়েছে। বিশ্বব্যাংকের সহায়তায় বাকি ব্যাংকগুলোর মূল্যায়ন কার্যক্রমও এগিয়ে চলছে। তিনি জানান, খেলাপি ঋণ কমানো, মূলধন ঘাটতি মোকাবিলা, কর্পোরেট সুশাসন জোরদার এবং ঝুঁকি ব্যবস্থাপনার উন্নয়নে কেন্দ্রীয় ব্যাংক বিশেষ গুরুত্ব দিচ্ছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, গত সেপ্টেম্বরে ব্যাংকগুলোর বিতরণ করা ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ১৮ লাখ ১১ হাজার ৯৪৪ কোটি ৩০ লাখ টাকা। আগস্টে এর পরিমাণ ছিল ১৮ লাখ ১২ ২ এর পাতায় দেখুন

> ■ বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী, ২০২৫ সালের সেপ্টেম্বরে ব্যাংক খাতে আমানতের পরিমাণ ছিল ১৯ লাখ ১৪ হাজার ৭৪৪ কোটি ৫০ লাখ টাকা। সেই হিসাবে এক বছরের ব্যবধানে আমানত বেড়েছে ২ লাখ ৪৭ হাজার ৭৮৪ কোটি ১০ লাখ টাকা।





হামের উপসর্গে আরও ৯ জনের মৃত্যু, আক্রান্ত ১৩৫১

স্টাফ রিপোর্টার :
সারা দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৯ জনের মৃত্যু হয়েছে। সোমবার (২৩ নভেম্বর) সকাল ৮টা থেকে মঙ্গলবার (২৪ নভেম্বর) সকাল ৮টার মধ্যে এই মৃত্যুর ঘটনা ঘটে। তবে এই সময়ের মধ্যে নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি। একই সময়ের মধ্যে হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ১ হাজার ৩৫১ জন। গতকাল মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো ২ এর পাতায় দেখুন

বিনা খরচে মালয়েশিয়ার ১১২ কর্মীর যাচ্ছে

প্রথম ফ্লাইট বৃহস্পতিবার

স্টাফ রিপোর্টার :
দীর্ঘদিন বন্ধ থাকার পর ফের চালু হচ্ছে মালয়েশিয়ার শ্রমবাজার। আগামী বৃহস্পতিবার (২৬ নভেম্বর) সন্ধ্যা ৭টায় ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ১১২ কর্মী নিয়ে প্রথম ফ্লাইটটি ছেড়ে যাবে, যার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বাণিজ্যিক ফ্লাইটে তারা কুয়ালালামপুরের উদ্দেশ্যে রওনা হবেন। এ তথ্য নিশ্চিত করেছেন বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ রাশেদুল হক। বাংলাদেশ ওভারসিজ অ্যামপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) সূত্রে জানা গেছে, সম্পূর্ণ বিনা খরচে এই কর্মীরা মালয়েশিয়ার ডিএইচএল প্রতিষ্ঠানে কাজে যোগ দিতে যাচ্ছেন, তাদের যাতায়াতসহ ২ এর পাতায় দেখুন



সাইবার সুরক্ষা আইনের খসড়া চূড়ান্ত করতে উন্নয়ন সহযোগীদের সঙ্গে সরকারের বৈঠক

স্টাফ রিপোর্টার :
সাইবার সুরক্ষা (সংশোধন) আইন ২০২৬-এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে কূটনৈতিক মিশনের প্রধান এবং উন্নয়ন অংশীদারদের প্রতিনিধিদের সঙ্গে পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনামের সভাপতিত্বে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে উন্নয়ন সহযোগীদের সঙ্গে সাইবার নিরাপত্তা আইন, ২০২৬-এর সংশোধনী বিষয়ে অনুষ্ঠিত পরামর্শ সভায় আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম এবং প্রধানমন্ত্রীর উপদেষ্টা ২ এর পাতায় দেখুন

দুই পক্ষের প্রস্তাবে বড় ব্যবধান

ন্যূনতম মজুরি নিয়ে সমঝোতা হয়নি ২২ হাজার টাকায় অনড় শ্রমিকপক্ষ

স্টাফ রিপোর্টার :
তৈরি পোশাকশিল্পের শ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণের বিষয়ে এখনো কোনো চূড়ান্ত ঐকমত্যে পৌঁছাতে পারেনি মালিক ও শ্রমিক পক্ষ। ন্যূনতম মজুরি বোর্ডের চতুর্থ সভায় মালিক পক্ষ সর্বনিম্ন মজুরি ১৫ হাজার ৭০০ টাকা নির্ধারণের প্রস্তাব দিয়েছে। বিপরীতে শ্রমিকপক্ষ ২২ হাজার টাকার দাবিতেই অনড় রয়েছে। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় নিম্নতম মজুরি বোর্ডের সভাকক্ষে চতুর্থ বোর্ড সভা অনুষ্ঠিত হয়। দুপুর ২টায় শুরু হওয়া এই বৈঠকের বিরতিতে সাংবাদিকদের ব্রিফিংয়ে বোর্ডের চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজ সৈয়দ আজাদ সুবহানী এ তথ্য জানান। জানা গেছে, পোশাকশিল্পে নিয়োজিত সব শ্রেণির শ্রমিক ও কর্মচারীদের নিম্নতম মজুরি হার নির্ধারণের সুপারিশ প্রণয়নে এই সভার আয়োজন করা হয়। আজকের আলোচ্যসূচিতে দুটি প্রধান বিষয় নির্ধারিত ছিলপ্রথমত, মালিক ও শ্রমিকপক্ষের প্রতিনিধিদের দাখিল করা লিখিত মজুরি প্রস্তাব নিয়ে পর্যালোচনা এবং দ্বিতীয়ত, সব শ্রেণির শ্রমিক-কর্মচারীদের নিম্নতম মজুরি নির্ধারণে চূড়ান্ত সুপারিশ প্রণয়ন। এর আগে গতকাল সোমবার (২৩ নভেম্বর) বোর্ডের তৃতীয় সভায় প্রায় সাড়ে ৯ ঘণ্টা ধরে দীর্ঘ আলোচনা চলে। ওই বৈঠকে মালিক পক্ষ সর্বনিম্ন মাসিক মজুরি ১৫ হাজার ৮০০ টাকা দেওয়ার আগ্রহ দেখালেও আজকের সভায় তারা ১৫ হাজার ৭০০ টাকার লিখিত প্রস্তাব উপস্থাপন করে। অন্যদিকে, শ্রমিকপক্ষ আগের বৈঠকে তাদের প্রাথমিক ৩২ হাজার টাকার দাবি থেকে সরে এসে যে ২২ হাজার টাকার প্রস্তাব দিয়েছিল, আজও তারা সেই অবস্থানেই অটল থাকে। বৈঠকে শ্রমিক প্রতিনিধিরা মালিকপক্ষের প্রস্তাবকে ২ এর পাতায় দেখুন





বিরোধী দলকে দমন-পীড়নে হাসিনার অন্যতম হাতিয়ার ছিলেন জিয়াউল

-চিফ প্রসিকিউটর

স্টাফ রিপোর্টার :
আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেছেন, বিরোধী দল দমন-পীড়নে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার অন্যতম হাতিয়ার ছিলেন মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) জিয়াউল আহসানের বিরুদ্ধে শতাধিক গুম-খুনের ঘটনায় মানবতাবিরোধী ২ এর পাতায় দেখুন



'এত দেরি কেন, তাড়াতাড়ি চলে আসেন'

-হাসিনাকে বাণিজ্যমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দ্রুত দেশে ফিরে আসার আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি প্রশ্ন তুলেছেন, শেখ হাসিনা ১৬ ডিসেম্বর দেশে ফিরবেন কেন, এর আগেই ফিরতে সমস্যা কোথায়? গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) দুপুরে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। শেখ হাসিনার দেশে ফেরার ২ এর পাতায় দেখুন

লাগাম টানা যাচ্ছে না এলপিজির দামে

বিশেষ প্রতিনিধি ■
বৈশ্বিক নানা সংকটকে পুঁজি করে বারবার দাম বাড়ানোর পরও নির্ধারিত মূল্যে মিলছে না এলপিজি সিলিন্ডার। চলতি বছরের মার্চ থেকে নভেম্বর পর্যন্ত কয়েক দফায় ৫৩ দশমিক ৬ শতাংশ দাম বাড়ানোর পরও সাধারণ ক্রেতাদের অতিরিক্ত মূল্য দিতে হচ্ছে এলপিজি সিলিন্ডার কিনতে। সর্বশেষ চলতি মাসের জন্য ২২৩ টাকা বাড়িয়ে ১২ কেজির সিলিন্ডারের দাম ২ হাজার ৬০ টাকা নির্ধারণ করেছে বিইআরসি। কিন্তু খুচরা বাজারে এলাকাভেদে এই সিলিন্ডার বিক্রি হচ্ছে ২ হাজার ২০০ থেকে ২ হাজার ৫০০ টাকা পর্যন্ত। বরাবরের মতো এবারও আমদানিকারক ও পরিবেশকরা এর জন্য একে অপরকে দায়ী করছেন। এ অবস্থায় তদারকিতে কঠোর নজরদারির পরামর্শ দিচ্ছেন জ্বালানি খাতের বিশেষজ্ঞরা। মধ্যপ্রাচ্যে অস্থিরতা শুরুর পর থেকে সারা বিশ্বের মতো বাংলাদেশের জ্বালানি খাতেও এর প্রভাব পড়েছে। পাশাপাশি এলপিজি আমদানির উৎস বদলে যাওয়ায় পরিবহন খরচও বেড়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। বিইআরসির তথ্য অনুযায়ী, মধ্যপ্রাচ্যে অস্থিরতা শুরুর আগে ওমান, ইরাক, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত থেকে এলপিজি বেশি আমদানি করা হতো। এখন অধিকাংশ আমদানি হচ্ছে যুক্তরাষ্ট্র থেকে। গত বছরের সেপ্টেম্বরে দেশে আমদানি করা এলপিজির ২৭ দশমিক ৪ শতাংশ এসেছিল যুক্তরাষ্ট্র থেকে। সেখানে চলতি বছরের



> এলপিজি বেসরকারি খাতে ছেড়ে দেওয়া হয়েছে। তারা সিন্ডিকেট করে দাম বাড়াচ্ছে। বিইআরসিও গ্রাহকস্বার্থ দেখছে না।
>
> -অধ্যাপক শামসুল আলম
> জ্বালানি উপদেষ্টা, ক্যাব

সেপ্টেম্বরে এ হার বেড়ে দাঁড়িয়েছে ৮৫ শতাংশে। জ্বালানি খাতের একাধিক সূত্রে জানা গেছে, বর্তমানে সারা দেশে এক কোটির বেশি গ্রাহক এলপিজি ব্যবহার করে। এর মধ্যে ৮০ শতাংশ ব্যবহার হয় রান্নার কাজে। বাসাবাড়িতে গ্যাস সংযোগ বন্ধ থাকায় ২০১৫ সাল থেকে দেশে এলপিজির চাহিদা বাড়তে শুরু করে। বছরে এলপিজির চাহিদা এখন ১৮ লাখ টনের বেশি। এর প্রায় ৯৯ শতাংশ বেসরকারি খাতের দখলে, যারা আমদানি করে সরবরাহ করছে। ২০২৫-২৬ অর্থবছরে মোট আমদানির ৮৬ শতাংশ করেছে সাতটি প্রতিষ্ঠান। এর মধ্যে পাঁচ প্রতিষ্ঠানের অংশ প্রায় ৭১ শতাংশ। এক কথায় আমদানির ক্ষেত্রে এমন আধিপত্য ও সরবরাহে 'সিন্ডিকেটের' কারণে সরকার নির্ধারিত দামে এলপিজি পাচ্ছেন না গ্রাহক। জ্বালানি বিভাগের তথ্য অনুযায়ী, বিইআরসি লাইসেন্স দিয়েছে ৫২টি কোম্পানিকে; এর মধ্যে আমদানির অবকাঠামো রয়েছে ২৩টি কোম্পানির, কিন্তু নিয়মিত আমদানি করে মাত্র ৮ থেকে ১০টি কোম্পানি। আগস্টে আমদানি করেছিল ১৩টি কোম্পানি, সেপ্টেম্বরে ১০টি। সমস্যা হলো, এদের কয়েকটি কোম্পানি সরবরাহ কমালেই বাজারে টান পড়ে রান্নার কাজে ব্যবহৃত এই এলপিজির। আরেকটি সমস্যা হলো গ্যাসের সিলিন্ডার। প্রতিটি কোম্পানি নিজের সিলিন্ডারে শুধু নিজের গ্যাসই ভরে। তাই কোনো কোম্পানি আমদানি বন্ধ করে দিলে তার গ্রাহকের সিলিন্ডার অচল হয়ে পড়ে। নিয়ম অনুযায়ী সব কোম্পানিই যেকোনো সিলিন্ডার ২ এর পাতায় দেখুন

বিমানের জ্বালানি চুরির অভিযোগ তদন্তে কমিটি গঠন

স্টাফ রিপোর্টার :
বিমানের জ্বালানি তেল পরিবহনের সময় মাঝপথে চুরির অভিযোগ তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে রাষ্ট্রায়ত্ত জ্বালানি সরবরাহকারী প্রতিষ্ঠান পদ্মা অয়েল পিএলসি। কমিটিকে আগামী ১০ কর্মদিবসের মধ্যে তদন্ত করে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। গত শনিবার (২১ নভেম্বর) পদ্মা অয়েলের ব্যবস্থাপনা পরিচালক মো. মফিজুর রহমান স্বাক্ষরিত এক অফিস আদেশে এ কমিটি গঠন করা হয়। তবে গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) বিষয়টি জানাজানি হয়। এর আগে গত ২০ নভেম্বর 'থামছে না বিমানের জ্বালানি চুরি, পথেই হাওয়া হাজার হাজার লিটার!' শিরোনামে ঢাকা পোস্টে একটি বিশেষ প্রতিবেদন প্রকাশিত হয়। তদন্ত কমিটির আহ্বায়ক করা হয়েছে পদ্মা অয়েলের উপমহাব্যবস্থাপক (অর্থ) ও ২ এর পাতায় দেখুন



আমিরাতের উপপ্রধানমন্ত্রীর সঙ্গে ড.খলিলুর রহমানের বৈঠক

স্টাফ রিপোর্টার :
বহুপাক্ষিক সহযোগিতা, আঞ্চলিক স্থিতিশীলতা এবং বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারের বিষয়ে আলোচনা করতে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করেছেন আমিরাতের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল নাহিয়ান। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) আবুধাবিতে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি এবং বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে অভ্যর্থনা জানান শেখ আবদুল্লাহ বিন জায়েদ। বৈশ্বিক কূটনীতিতে বহুপাক্ষিক সম্পৃক্ততা বৃদ্ধির এই গুরুত্বপূর্ণ সময়ে শীর্ষ দুই কূটনীতিকের মধ্যে এই বৈঠক অনুষ্ঠিত হলো। জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির দায়িত্বে থাকায় ২ এর পাতায় দেখুন

দৈনিক
সকালবেলা
The Daily Sakalbela
নতুন প্রজন্মের কাগজ
বুধবার
২৫ নভেম্বর ২০২৬
প্রকাশনার ৩০ বছর

রূপপুরে পৌঁছেছে ইউরেনিয়ামের অষ্টম চালান

স্টাফ রিপোর্টার :
রাশিয়া থেকে আমদানি করা পারমাণবিক জ্বালানি ইউরেনিয়ামের আরেকটি চালান পাবনার ঈশ্বরদীর রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্প এলাকায় পৌঁছেছে। গতকাল মঙ্গলবার ভোর ৫টা ৪৮ মিনিটে বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে কঠোর নিরাপত্তাবলয়ের মধ্য দিয়ে ইউরেনিয়ামবাহী তিনটি বিশেষায়িত লরি প্রকল্প এলাকায় প্রবেশ করে বলে জানান রোসাটমের সাইড ইনচার্জ রুহুল কুদ্দুস টুটুল। এ নিয়ে প্রকল্পটিতে মোট আটটি চালান পৌঁছাল। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নতুন এই চালানটিসহ রূপপুর প্রকল্পের প্রথম ইউনিটের ৭ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরও ৪ মৃত্যু, হাসপাতালে ভর্তি ১১৪৫

স্টাফ রিপোর্টার :
দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৪ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ১৪৫ জন। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৫২৪ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে নভেম্বরের ২৩ দিনে মারা গেছেন ১০৬ জন। এ ছাড়া অক্টোবরে ১৭৪ জন, সেপ্টেম্বরে ১৪৮ জন, আগস্টে ৪৩ জন, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ১ হাজার ১৪৫ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৭৫ হাজার ৯৮৫ জনে এবং সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৭ এর পাতায় দেখুন



পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু গতকাল ঢাকায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'Feasibility research of Solar Electric-Based Cold Storage equipped with Low-temperature Latent Heat Material for Fruits and Vegetables in Bangladesh Climate Conditions' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন। -পিআইডি

সৌরবিদ্যুৎ চালিত হিমাগার ব্যবহারে জোর দিলেন পরিবেশমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
ফসল তোলার পর ক্ষতি কমাতে এবং ফল ও সবজির গুণমান ধরে রাখতে সৌরবিদ্যুৎ চালিত হিমাগার ব্যবহারের ওপর জোর দিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু। তিনি বলেন, হিমাগারের সঙ্গে তাপমাত্রা নিয়ন্ত্রিত পরিবহন যুক্ত করা গেলে কৃষকেরা উৎপাদিত পণ্যের বেশি অংশ বাজারজাত করতে পারবেন। এতে তাদের আয় বাড়ার সুযোগ তৈরি হবে। গতকাল রাজধানীর একটি হোটেল বাংলাদেশের আবহাওয়ায় ফল ও সবজি সংরক্ষণে সৌরবিদ্যুৎ চালিত হিমাগার ব্যবহারের সম্ভাব্যতা যাচাই প্রকল্পের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ৭ এর পাতায় দেখুন

বাংলাদেশকে ২০৩২ সাল পর্যন্ত জিএসপি সুবিধা দেবে কানাডা

স্টাফ রিপোর্টার :
বাংলাদেশ ও কানাডার দ্বিপক্ষীয় বাণিজ্য ২০২৫ সালে প্রায় ২৫ শতাংশ বেড়ে ৪ বিলিয়ন কানাডীয় ডলার ছাড়িয়েছে। একই সঙ্গে স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বাংলাদেশের টেকসই উত্তরণ নিশ্চিত করতে ২০৩২ সাল পর্যন্ত অগ্রাধিকারমূলক বাজারসুবিধা অব্যাহত রাখার আগ্রহ প্রকাশ করেছে কানাডা। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) ঢাকায় অনুষ্ঠিত বাংলাদেশ-কানাডার ষষ্ঠ দ্বিপক্ষীয় পরামর্শ সভায় এসব বিষয় উঠে আসে। সভায় বাংলাদেশের পররাষ্ট্রসচিব সালাহউদ্দিন নোমান চৌধুরী এবং কানাডার গ্লোবাল অ্যাফেয়ার্সের ইন্দো-প্যাসিফিকবিষয়ক সহকারী উপমন্ত্রী ওয়েলডন এপ যৌথভাবে সভাপতিত্ব করেন। বৈঠকে দুই দেশের মধ্যে পাঁচ দশকের বেশি সময়ের সম্পর্ক আরও জোরদারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়। এ সময় কৃষি, জ্বালানি, নিরাপত্তা ও প্রতিরক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ খাতে বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সম্ভাবনা নিয়ে আলোচনা করেন দুই দেশের প্রতিনিধিরা। এলডিসি উত্তরণের ক্ষেত্রে বাংলাদেশের প্রয়োজনীয় কাঠামোগত সংস্কারের ওপর গুরুত্বারোপ করেন উভয় পক্ষের প্রতিনিধিরা। এ সময় বাংলাদেশের পণ্যের জন্য কানাডার সংশ্লিষ্ট অগ্রাধিকারমূলক বাণিজ্য ব্যবস্থার আওতায় ২০৩২ সাল পর্যন্ত বাজারসুবিধা অব্যাহত রাখার আগ্রহ প্রকাশ করে দেশটি। বাংলাদেশের উন্নয়ন সহযোগী হিসেবে কানাডার দীর্ঘদিনের ভূমিকার বিষয়টিও বৈঠকে তুলে ধরা হয়। কানাডার পক্ষ থেকে জানানো হয়, ১৯৭২ সাল থেকে বাংলাদেশকে ৬ দশমিক ৩ বিলিয়ন কানাডীয় ডলারের বেশি উন্নয়ন সহায়তা দিয়েছে দেশটি। এ ছাড়া ২০২৬ সালের অক্টোবরে কানাডার আন্তর্জাতিক উন্নয়নবিষয়ক প্রতিমন্ত্রী রণদীপ সারাইয়ের বাংলাদেশ সফরের সময় ৪৫ মিলিয়ন কানাডীয় ডলারের সহায়তা ঘোষণার বিষয়টি উল্লেখ করা হয়। বাংলাদেশের অগ্রাধিকার অনুযায়ী অর্থনৈতিক সুশাসন, প্রাতিষ্ঠানিক সংস্কার, বেসরকারি খাতের উন্নয়ন, বাণিজ্য সক্ষমতা বৃদ্ধি এবং কৃষি উদ্ভাবনে পারস্পরিক অর্থনৈতিক অংশীদারত্ব জোরদারে এ সহায়তা ভূমিকা রাখবে বলে জানানো হয়। দুই দেশের মধ্যে দক্ষতা উন্নয়ন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, জ্ঞান বিনিময় এবং শিক্ষাক্ষেত্রে অংশীদারত্ব বাড়ানোর বিষয়েও আলোচনা হয়। বৈঠকে অভিবাসন, নিরাপত্তা সহযোগিতা, জলবায়ু ৭ এর পাতায় দেখুন



বৈঠকে দুই দেশের মধ্যে পাঁচ দশকের বেশি সময়ের সম্পর্ক আরও জোরদারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়।

২৩ দিনে নাশকতার ২১৩ ঘটনা, নিহত ১: পুলিশ

স্টাফ রিপোর্টার :
নভেম্বরের প্রথম ২৩ দিনে সারা দেশে ককটেল ও বোমা বিস্ফোরণ এবং পরিবহনে অগ্নিসংযোগের ২১৩টি ঘটনা ঘটেছে। এসব ঘটনায় একজন নিহত ও ১১ জন আহত হয়েছেন। এসব ঘটনায় ৬২টি মামলা ও ২৭টি সাধারণ ডায়েরি (জিডি) হয়েছে। গ্রেফতার করা হয়েছে ১০০ জনকে। পুলিশ সদর দফতরের অপারেশন্স শাখার 'নিষিদ্ধ দলের অপতৎপরতা ও নাশকতা সংক্রান্ত তথ্য' শীর্ষক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। গত ১ থেকে ২৩ নভেম্বর পর্যন্ত সারা দেশের পরিস্থিতি নিয়ে প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। পুলিশ সদর দফতরের তথ্য অনুযায়ী, এই সময়ে দেশের বিভিন্ন ৭ এর পাতায় দেখুন



প্রত্যর্পণ চুক্তির মাধ্যমেই শেখ হাসিনাকে ফিরতে হবে

-তথ্য প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের দেওয়া রায় কার্যকরের ক্ষেত্রে কোনো ধরনের ছাড় দেওয়া হবে না উল্লেখ করে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেছেন, শেখ হাসিনাকে বাংলাদেশে ফিরতে হলে প্রত্যর্পণ (এক্সট্রাডিশন) চুক্তির মাধ্যমেই ফিরতে হবে। তিনি বলেন, ১ হাজার ৪০০ বাংলাদেশিকে হত্যার দায়ে অভিযুক্ত কাউকে লাল গালিচা সংবর্ধনা দিয়ে, ফুলের পাপড়ি ছিটিয়ে দেশে ফিরিয়ে আনার স্বপ্ন যারা দেখছেন, তারা বোকার স্বর্গে বাস করছেন। গতকাল জাতীয় প্রেস ৭ এর পাতায় দেখুন

দ্বিতীয় দফায় জাতীয় গ্রিডে ৭ কোটি টাকার বিদ্যুৎ দিলো রূপপুর

স্টাফ রিপোর্টার :
রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট দ্বিতীয়বারের মতো সফলভাবে জাতীয় গ্রিডের সঙ্গে সংযুক্ত হয়ে টানা প্রায় ৩০ ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ করেছে। এসময় গ্রিডে সরবরাহ করা বিদ্যুতের আনুমানিক মূল্য সাত কোটি ৬ লাখ টাকা। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) বিকেল ৫টা ৫ মিনিটে গ্রিডে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা হয়। জাতীয় সঞ্চালন লাইনের একাধিক সূত্র জানায়, সোমবার (২৩ নভেম্বর) সকাল ১০টা ২০ মিনিটে দ্বিতীয় দফায় রূপপুরের প্রথম ইউনিট থেকে ধারাবাহিকভাবে প্রায় ৩২০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হয়। এ দফায় ১০ থেকে ২৪ ঘণ্টা পরীক্ষামূলক বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা থাকলেও নির্ধারিত সময়সীমা পেরিয়ে তা প্রায় ৩০ ঘণ্টা অব্যাহত ছিল। দেশের পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের অগ্রযাত্রায় এটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। একই সঙ্গে বিদ্যুৎকেন্দ্রটির পরিচালন সক্ষমতা ও প্রযুক্তিগত প্রস্তুতির ক্ষেত্রে এটি উল্লেখযোগ্য অর্জন বলে জানিয়েছেন প্রকল্পসংশ্লিষ্টরা। দ্বিতীয় দফায় সফলভাবে বিদ্যুৎ সরবরাহের পর ইউনিটটিকে জাতীয় গ্রিড থেকে বিচ্ছিন্ন করা হয়েছে। বর্তমানে বিদ্যুৎ সরবরাহকালে বিভিন্ন অপারেটিং প্যারামিটার, টারবাইন-জেনারেটর সিস্টেম এবং সংশ্লিষ্ট যন্ত্রপাতির কার্যকারিতা ও পারফরম্যান্স বিশ্লেষণ করা হচ্ছে। এসব বিশ্লেষণের ফলাফলের ভিত্তিতে পরবর্তী পরিচালন কার্যক্রম নির্ধারণ করা হবে বলে জানিয়েছে নিউক্লিয়ার পাওয়ার কোম্পানি বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)। এনপিসিবিএলের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. জাহেদুল হাসান বলেন, ?'দ্বিতীয়বারের মতো জাতীয় গ্রিডের সঙ্গে সফলভাবে সংযুক্ত হয়ে টানা ৩০ ঘণ্টা ৩২০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করতে পারা আমাদের জন্য অত্যন্ত আনন্দ ও গর্বের বিষয়। এটি এনপিসিবিএলের পরিচালন সক্ষমতা, আমাদের প্রকৌশলী ও অপারেটরদের দক্ষতা এবং রাশিয়ান অপারেশনাল সহযোগীদের সঙ্গে সম্মিলিত প্রচেষ্টার প্রতিফলন। তিনি আরও বলেন, 'অপারেটর হিসেবে এনপিসিবিএল বিদ্যুৎকেন্দ্রটির নিরাপদ, নির্ভরযোগ্য ও দক্ষ পরিচালনায় প্রতিশ্রুতিবদ্ধ। সর্বোচ্চ পারমাণবিক নিরাপত্তা নিশ্চিত করে আন্তর্জাতিক মানদণ্ড ও নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনা অনুসরণ করেই আমরা পরবর্তী কার্যক্রম এগিয়ে নিচ্ছি। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের দুটি ইউনিট থেকে মোট দুই হাজার ৪০০ মেগাওয়াট ৭ এর পাতায় দেখুন



এ দফায় ১০ থেকে ২৪ ঘণ্টা পরীক্ষামূলক বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা থাকলেও নির্ধারিত সময়সীমা পেরিয়ে তা প্রায় ৩০ ঘণ্টা অব্যাহত ছিল। দেশের পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের অগ্রযাত্রায় এটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

৭ দফা দাবিতে আজ জামায়াতের বিক্ষোভ

স্টাফ রিপোর্টার :
আজ বুধবার (২৫ নভেম্বর) ঢাকা মহানগরী বাদে দেশের অবশিষ্ট মহানগরীতে পূর্ব ঘোষিত বিক্ষোভ সমাবেশ ও মিছিল কর্মসূচি পালন করবে বাংলাদেশ জামায়াতে ইসলামী। বিক্ষোভ মিছিল সর্বাত্মকভাবে সফল করার জন্য জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) সংশ্লিষ্ট নগরবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। জামায়াত সেক্রেটারি বলেন, ১১ দলীয় ঐক্যের ৭ দফা দাবি আদায়ের লক্ষ্যে এবং পতিত ফ্যাসিস্ট আওয়ামী লীগের দেশব্যাপী নাশকতা ও নৈরাজ্য সৃষ্টি এবং জ্বালাও-পোড়াও এবং দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকারের ব্যর্থতার প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ ও মিছিল কর্মসূচি পালিত হবে। এই বিক্ষোভ কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে সর্বাত্মকভাবে সফল করার জন্য আমি বাংলাদেশ জামায়াতে ৭ এর পাতায় দেখুন



ফের উত্তাল গাজীপুর

পুলিশবক্সে ভাঙচুর-আগুন, টিয়ারশেল নিক্ষেপ

স্টাফ রিপোর্টার :
গাজীপুরের শিল্পাঞ্চলে শ্রমিক অসন্তোষকে কেন্দ্র করে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বেতন বৃদ্ধির দাবিতে এবং শ্রমিক মৃত্যুর গুজব ছড়িয়ে পড়ার জেরে গাজীপুরের টঙ্গী, গাজীপুরা, শ্রীপুর ও কোনাবাড়ী এলাকায় বিক্ষোভ, মহাসড়ক অবরোধ, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এসময় আন্দোলনকারীরা পুলিশ বক্স থেকে চেয়ার-টেবিল বের করে সড়কে ফেলে আগুন দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করেছে। এ সময় হামলা-ভাঙচুরের মধ্যে পড়ে এক পথচারী আহত হয়েছেন। গতকাল মঙ্গলবার সকাল থেকে বেলা সোয়া ১১টা পর্যন্ত এসব ঘটনা ঘটে। টঙ্গী পশ্চিম থানার অফিসার ইনচার্জ (ওসি) আরিফুর রহমান এসব তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, মহানগরীর ৭ এর পাতায় দেখুন



সমন্বিত সামাজিক আন্দোলনে শিশুশ্রম বন্ধ সম্ভব

-মাহ্‌দী আমিন

স্টাফ রিপোর্টার :
সঠিক নীতিমালা ও সমন্বিত সামাজিক আন্দোলনের মাধ্যমে শিশুশ্রম বন্ধ করা সম্ভব বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও তার কার্যালয়ের মুখপাত্র মাহ্‌দী আমিন। তিনি বলেন, নির্বাচনি ইশতেহারকে মূল ভিত্তি ধরে জনগণের ম্যান্ডেট নিয়ে রাষ্ট্র পরিচালনা করছে সরকার। শিশুশ্রম নিরসন ও শ্রমিকদের অধিকারের বিষয়গুলো ইশতেহারের সাথে সরাসরি যুক্ত থাকায় নানা সীমাবদ্ধতার মাঝেও এগুলোকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বরে) ৭ এর পাতায় দেখুন

খুলনায় কয়েক ঘণ্টায় তিন স্থানে গুলি, আতঙ্কে নগরবাসী

স্টাফ রিপোর্টার :
খুলনা নগরীতে কয়েক ঘণ্টার ব্যবধানে পৃথক তিনটি স্থানে গুলির ঘটনা ঘটেছে। গতকাল মঙ্গলবার সকালে রূপসা মৎস্য আড়ত সমবায় সমিতির সহসভাপতি সাঈদ শিকদারকে লক্ষ্য করে গুলি ছোড়ে দুর্বৃত্তরা। এ সময় তার সঙ্গে হামলাকারীদের ধস্তাধস্তিও হয়। একই দিন দুপুরে মোহাম্মদিয়া এলাকায় টুটুল নামে এক ব্যক্তির বাড়ি এবং বিকেলে দ্যা পালংকি রেস্টুরেন্ট লক্ষ্য করে গুলি চালানো হয়। তবে এসব ঘটনায় কেউ হতাহত হননি। সকালে নগরীর সদর থানাধীন বেলায়েত হোসেন সড়কে সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান হারুন অর রশিদের বাড়ির বিপরীত পাশের একটি গলিতে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, ঘটনার সময় তিন থেকে চারজন ব্যক্তি সাঈদ শিকদারের সঙ্গে কথা-কাটাকাটিতে জড়ান। একপর্যায়ে তাদের মধ্যে ধস্তাধস্তি শুরু হয়। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে একটি দরজা বন্ধ করে দেওয়া হয়। এ সময় দুর্বৃত্তদের ছোড়া এক রাউন্ড গুলি লক্ষ্যভ্রষ্ট হয়ে দরজায় লাগে। পরে হামলাকারীরা দ্রুত ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যায়। এতে এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে পুলিশ ও গোয়েন্দা সংস্থার সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেন। খুলনা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) লোকমান হোসেন জানান, সাঈদ শিকদারকে লক্ষ্য করে দুর্বৃত্তরা এক রাউন্ড গুলি ছোড়ে। তবে সেটি লক্ষ্যভ্রষ্ট হয়। তিনি আরও জানান, সাঈদ শিকদার খুলনা মেট্রোপলিটন পুলিশের (কেএমপি) তালিকাভুক্ত সন্ত্রাসী আশিক গ্রুপের প্রধান আশিকের ভায়রা। কী কারণে এবং কারা তাকে লক্ষ্য করে গুলি ছুড়েছে, তা জানা যায়নি। এদিকে, দুপুরে নগরীর মোহাম্মদিয়া এলাকায় টুটুল নামে এক ব্যক্তির বাড়ি লক্ষ্য করে গুলি ছোড়ে দুর্বৃত্তরা। লবণচরা থানার ওসি মোশাররফ হোসেন বিষয়টি নিশ্চিত করে জানান, এ ঘটনায় কেউ হতাহত হননি। ঘটনার সময় টুটুল বাড়িতে ছিলেন না। অন্যদিকে, বিকালে নগরীর দ্যা পালংকি রেস্টুরেন্ট লক্ষ্য করেও গুলি চালানো হয়। চাঁদা দাবিতে হুমকির কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর মঙ্গলবার বিকাল পৌনে ৫টার দিকে পুলিশের হস্তক্ষেপ ও নিরাপত্তার আশ্বাসে রেস্টুরেন্টটি চালু করা হয়। তবে চালুর কয়েক ঘণ্টার মধ্যেই সেখানে গুলির ঘটনা ঘটে। সোনাডাঙ্গা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. রফিকুল ইসলাম জানান, বিকেলে বাইরে থেকে দুর্বৃত্তরা রেস্টুরেন্ট লক্ষ্য করে ৭ এর পাতায় দেখুন





বিমানবন্দরে পাখি ও বন্যপ্রাণীর ঝুঁকি মোকাবিলায় আধুনিক প্রযুক্তি নেয়া হবে: বিমানমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বলেছেন, বিমানবন্দরে পাখি ও বন্যপ্রাণীর ঝুঁকি মোকাবিলায় আধুনিক প্রযুক্তি নেয়া হবে। গতকাল মঙ্গলবার বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে আয়োজিত ন্যাশনাল কমিটি ফর ওয়ার্ল্ড লাইফ হেজার্ড ম্যানেজমেন্ট এট দ্যা এয়ারপোর্টস অব বাংলাদেশ'র প্রথম সভায় তিনি এ কথা বলেন। সভায় বাংলাদেশের বিমানবন্দরসমূহে নিরাপদে বিমান উড্ডয়ন ও অবতরণ নিশ্চিতকল্পে পাখিসহ বন্যপ্রাণীর চলাচল নিয়ন্ত্রণে করণীয় বিষয়ে উন্মুক্ত আলোচনা হয়। সভাপতির বক্তব্যে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশের এভিয়েশন খাতের উন্নয়নে আমরা কাজ করে যাচ্ছি। তিনি বলেন, এভিয়েশন খাতের উন্নয়নের জন্য নিরাপদে বিমান উড্ডয়ন ও ৭ এর পাতায় দেখুন

বিমানের রিয়াদ ফ্লাইট ১৬ ডিসেম্বর পর্যন্ত স্থগিত

স্টাফ রিপোর্টার :
সৌদি আরবে সাম্প্রতিক বিমান হামলা এবং নিরাপত্তাজনিত কারণে ঢাকা-রিয়াদ-ঢাকা রুটের ফ্লাইট চলাচল আগামী ১৬ ডিসেম্বর পর্যন্ত স্থগিত ঘোষণা করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় সংস্থাটি। বিমান জানায়, ঢাকা-জেদ্দা-ঢাকা, ঢাকা-দাম্মাম-ঢাকা ও ঢাকা-মদিনা-ঢাকা রুটে পূর্বঘোষিত সিদ্ধান্ত ও সময়সূচি অনুযায়ী ফ্লাইট পরিচালনা অব্যাহত থাকবে। এসব রুটে ফ্লাইট পরিচালনার ক্ষেত্রে পূর্বঘোষিত সিদ্ধান্তে কোনো পরিবর্তন আনা হয়নি। এ পরিপ্রেক্ষিতে রিয়াদগামী যাত্রীরা আসন খালি থাকা সাপেক্ষে বাংলাদেশ থেকে জেদ্দা, দাম্মাম ও মদিনা রুট ব্যবহার করে সৌদি আরব যাতায়াতের সুযোগ পাবেন। যাত্রীদের টিকিট ও ভ্রমণসংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য নিকটস্থ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সেলস সেন্টারে যোগাযোগ করার অনুরোধ জানিয়েছে বিমান।



ঢাকায় ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ উৎপাদন পৌঁছেছে ১৬২ মেগাওয়াটে

স্টাফ রিপোর্টার :
সরকারি-বেসরকারি দফতর ও প্রতিষ্ঠানের ভবনের ছাদে সৌরবিদ্যুৎ (রুফটপ সোলার) স্থাপনের কার্যক্রম ত্বরান্বিত করতে গতকাল মঙ্গলবার ঢাকা জেলা প্রশাসনের উদ্যোগে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ঢাকা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ঢাকার জেলা প্রশাসক ফরিদা খাতুন। এতে প্রধান অতিথি ছিলেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব কে এম আলী রেজা। সভায় জানানো হয়, গত ২৩ নভেম্বর পর্যন্ত ঢাকা জেলায় সরকারি ও বেসরকারি মিলিয়ে প্রায় ২৮ হাজার ভবনের ছাদে ১৬২ মেগাওয়াট পিক গ্রিড-সংযুক্ত সৌরবিদ্যুৎ স্থাপিত হয়েছে। এর ৮৪ শতাংশ বেসরকারি এবং ১৬ শতাংশ সরকারি ভবনে। অফ-গ্রিড স্থাপনা মিলিয়ে মোট ক্ষমতা প্রায় ১৭৮ মেগাওয়াট পিক। জুনের পর ৫৫৭টি নতুন ভবনে প্রায় ২২ মেগাওয়াট পিক সৌরবিদ্যুৎ যুক্ত হয়েছে। যার মধ্যে ৭১টি সরকারি ভবনে প্রায় ৭ মেগাওয়াট পিক। আগামী বছর ফেব্রুয়ারির মধ্যে ৭ এর পাতায় দেখুন

কক্সবাজারে বাসচাপায় দুই নারীসহ ৩ অটোযাত্রী নিহত

স্টাফ রিপোর্টার :
কক্সবাজারের ঈদগাঁওয়ে বাসচাপায় সিএনজিচালিত অটোরিকশার দুই নারীসহ তিন যাত্রী নিহত হয়েছেন। এছাড়া, এক নারী ও তার শিশু আহত হয়েছেন। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়কের ঈদগাঁও থানার সামনে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, কক্সবাজারগামী একটি যাত্রীবাহী বাস চকরিয়াগামী সিএনজিচালিত অটোরিকশাটিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলে অটোরিকশার তিন যাত্রী নিহত হন। আহত অপর দুই যাত্রীকে পথচারীরা উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। তবে তাৎক্ষণিকভাবে নিহতদের পরিচয় জানা যায়নি। ঈদগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিফাতুল মাজদার দুর্ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, পুলিশ ঘটনাস্থলে রয়েছে। দুর্ঘটনার কারণে সড়কের উভয় পাশে যানবাহন আটকে পড়েছে। যানচলাচল স্বাভাবিক করার উদ্যোগ নেওয়া হয়েছে।

বন্দরে ফের লাইটার জাহাজসংকট

স্টাফ রিপোর্টার :
চট্টগ্রামে দুই মাসের ব্যবধানে ফের দেখা দিয়েছে লাইটার জাহাজের তীব্র সংকট। এ কারণে পণ্য খালাস চলছে ধীরগতিতে। বাড়ছে অপেক্ষমাণ মাদার ভেসেলের সারি। জাহাজের অপেক্ষার সময় বেড়ে যাওয়ায় আমদানিকারককে প্রতিদিন গুনতে হচ্ছে মোটা অঙ্কের ডেমারেজ। এতে একদিকে যেমন আন্তর্জাতিক অঙ্গনে চট্টগ্রাম বন্দরের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে, অন্যদিকে আমদানিকারকদের বাড়তি ব্যয়ের বোঝা শেষ পর্যন্ত ভোক্তার কাঁধে চাপতে পারে বলেও মনে করা হচ্ছে। কম গভীরতার কারণে চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে অবস্থানরত অনেক মাদার ভেসেল সরাসরি বন্দর জেটিতে ভিড়তে পারে না। এসব মাদার ভেসেল থেকে পণ্য খালাস করে দেশের বিভিন্ন ঘাটে পৌঁছে দিতে লাইটার জাহাজই প্রধান ভরসা। বর্তমানে বন্দরের বহির্নোঙরে ৮৫টি মাদার ভেসেল রয়েছে। প্রতিটিতে ন্যূনতম ৫টি করে ধরলেও ৪২৫টি লাইটার জাহাজ প্রয়োজন। সেখানে এই চাহিদার বিপরীতে একটি বড় জাহাজের জন্য মিলছে মাত্র একটি লাইটার জাহাজ। চট্টগ্রাম বন্দরের ট্রাফিক বিভাগের তথ্যমতে, বর্তমানে বন্দরের বহির্নোঙরে ৮৫টি মাদার ভেসেল রয়েছে। এর মধ্যে ৪৮টি জাহাজ থেকে পণ্য খালাসের কাজ চলছে। বাকি ৩৭টি জাহাজ খালাসের অপেক্ষায়। এসব জাহাজে রয়েছে কনটেইনারভর্তি পণ্য, খাদ্যশস্য, স্ক্র্যাপ, সার, চিনি, সিমেন্ট তৈরির কাঁচামাল ক্লিংকার, তেলসহ বিভিন্ন পণ্য। চট্টগ্রামে গত আগস্টের মাঝামাঝি থেকে শুরু হয়ে সেপ্টেম্বরের মাঝামাঝি পর্যন্ত দেখা দেয় তীব্র লাইটার জাহাজসংকট। এতে বন্দরের বহির্নোঙরে বড় জাহাজ থেকে জলপথে পণ্য পরিবহনে সমস্যা দেখা দেয়। আকারভেদে একটি মাদার ভেসেল থেকে পণ্য খালাসে ৫ থেকে ১০টি পর্যন্ত লাইটার জাহাজ প্রয়োজন হয়। সেখানে চাহিদার বিপরীতে মিলেছে



মাত্র একটি। ঠিক দুই মাস পর বর্তমানে আবারও দেখা দিয়েছে একই সংকট। গত জুন মাসে বহির্নোঙরে গড়ে ৬০ থেকে ৬৫টি মাদার ভেসেল (বড় জাহাজ) খালাসের অপেক্ষায় ছিল। তবে আগস্টে এই সংখ্যা দাঁড়ায় ৭১ থেকে ৮৯টিতে। গত ১ সেপ্টেম্বর বন্দরের বহির্নোঙরে ৭৮টি জাহাজ ছ

পেট্রাপোল সীমান্তে বৈঠক গভীর

কবির রিজভী। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক বিক্ষোভ সমাবেশে তিনি এ মন্তব্য করেন। দেশজুড়ে সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে মুক্তিযোদ্ধা দল ও মুক্তিযুদ্ধের প্রজন্ম দল যৌথভাবে এ সমাবেশ আয়োজন করে। রুহুল কবির রিজভী বলেন, বিদেশে অবস্থানরত আওয়ামী লীগের নেতারা অর্থের জোগান দিয়ে দেশে অস্থিতিশীলতা সৃষ্টির চেষ্টা করছেন। সাম্প্রতিক সময়ে গ্রামীণ ব্যাংকের প্রায় ৭৫টি শাখার সামনে ককটেল বিস্ফোরণ ও অগ্নিসংযোগ, যানবাহনে আগুন দেওয়া এবং ভাঙ্গায় কৃষক দলের রাজু ও নড়াইলের কালিয়ায় জাসাস ও কৃষক দলের নেতাদের হত্যার পেছনে সীমান্তের ওপারের মদদ রয়েছে। ভারতের পেট্রাপোল বন্দরে ইমিগ্রেশন কর্মকর্তাদের সঙ্গে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের চার নেতার প্রায় দুই ঘণ্টার বৈঠকের প্রসঙ্গ তুলে রিজভী বলেন, ভারতের কেন্দ্রীয় সরকারের মদদ ছাড়া সরকারি কর্মকর্তাদের পক্ষে কীভাবে পলাতক ও নিষিদ্ধ ঘোষিত ব্যক্তিদের সঙ্গে বৈঠক করা সম্ভব? রাষ্ট্রীয় বিমান চেয়ে দেশে ফেরার বিষয়ে শেখ হাসিনার সাম্প্রতিক বক্তব্যের সমালোচনা করে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, আইনি প্রক্রিয়ার মুখোমুখি না হয়ে সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে পরিস্থিতি অস্থিতিশীল করার অপচেষ্টা চলছে।

মুক্তিযুদ্ধের চেতনা ও স্বাধীনতার ইতিহাসকে রাজনৈতিক স্বার্থে ব্যবহারের অভিযোগ তুলে রিজভী বলেন, অতীতে মুক্তিযুদ্ধের চেতনার নামে দিল্লির কাছে নতজানু নীতি অনুসরণ করা হয়েছে। তাজউদ্দীন আহমদের কন্যার লেখা বইয়ের প্রসঙ্গ টেনে ১৯৭১ সালের প্রেক্ষাপট ও স্বাধীনতার ঘোষণা নিয়ে বিভিন্ন তথ্য তুলে ধরেন রিজভী। একই সঙ্গে ১৯৭২ থেকে ১৯৭৫ সালের শাসনব্যবস্থা, রক্ষীবাহিনী গঠন, বাকশাল প্রতিষ্ঠা এবং বিগত ১৭ বছরের শাসনামলে গুম, খুন, ক্রসফায়ার, রাজনৈতিক হত্যাকাণ্ড ও ব্যাংকিং খাতে অর্থ লোপাটের কঠোর সমালোচনা করেন তিনি। রিজভী বলেন, বাংলাদেশের মানুষ শান্তিপ্রিয় হলেও স্বাধীনতা ও সার্বভৌমত্বের ওপর আঘাত এলে তা প্রতিহত করবে। একাত্তরের মুক্তিযুদ্ধ, ৭ নভেম্বর এবং ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় উদ্বুদ্ধ হয়ে যেকোনো আধিপত্যবাদ ও নৈরাজ্যের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যাবে। মুক্তিযোদ্ধা দলের সভাপতি ইশতিয়াক আজিজ উলফাতের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিব এবং জাতীয়তাবাদী মুক্তিযুদ্ধের প্রজন্ম দলের সভাপতি ইশরাক হোসেন।

শান্তিরক্ষায় সশস্ত্রবাহিনীর প্রশংসা

(২৩ নভেম্বর) নিউইয়র্কে বাংলাদেশের ৫৬তম সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে তিনি এ শ্রদ্ধা জানান। নিউইয়র্কে বাংলাদেশ দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, আইরিন খান ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর সমন্বিত অভিযান এবং স্বাধীনতাসংগ্রামে তাদের সম্মিলিত প্রচেষ্টার কথা স্মরণ করেন। তিনি এই যৌথ প্রচেষ্টাকে মুক্তিযুদ্ধের একটি নির্ণায়ক মুহূর্ত হিসেবে অভিহিত করেন। জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের দীর্ঘদিনের অবদানের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত বাংলাদেশি শান্তিরক্ষীদের শৃঙ্খলা ও পেশাদারত্বের প্রশংসা করেন। তিনি বলেন, অত্যন্ত প্রতিকূল পরিস্থিতিতেও বাংলাদেশি শান্তিরক্ষীরা ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীকে সুরক্ষা দিচ্ছেন। একই সঙ্গে দীর্ঘস্থায়ী শান্তির ভিত্তি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। আইরিন খান দেশের অভ্যন্তরে দুর্যোগ মোকাবিলা, মানবিক সহায়তা প্রদান এবং অবকাঠামোগত উন্নয়নেও সশস্ত্র বাহিনীর অবদানের কথা তুলে ধরেন। বাংলাদেশের সঙ্গে দীর্ঘদিনের অংশীদারত্ব বজায় রাখায় আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি কৃতজ্ঞতা জানান তিনি। একইসঙ্গে শান্তি, মানবিক কার্যক্রম ও আন্তর্জাতিক সংহতির প্রতি বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। অনুষ্ঠানে জাতিসংঘের ঊর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন দেশের স্থায়ী প্রতিনিধি, রাষ্ট্রদূত, সামরিক উপদেষ্টা, সামরিক প্রতিনিধি এবং অন্যান্য কূটনীতিক উপস্থিত ছিলেন।

বিএনপি লাশের রাজনীতিতে

পর্যন্ত এগিয়ে এসেছে, জনগণের ভালোবাসা নিয়ে সকল অন্যায়, অবিচার এবং দেশবিরোধী ষড়যন্ত্র রুখে দেবে। গতকাল মঙ্গলবার (২৪ নভেম্বর) দুপুর দেড়টায় আগামী ২ ডিসেম্বর প্রধানমন্ত্রী তারেক রহমানের কুষ্টিয়া সফর উপলক্ষে জনসভাস্থল শহীদ আবরার ফাহাদ স্টেডিয়াম পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, কারা আগুন সন্ত্রাস করছে, কারা এমপির বাড়িতে আগুন দিচ্ছে, কারা মানুষকে ছুরিকাঘাত করছে, ওরা কারা লাশের রাজনীতি করে? ইতিহাস বলে। হাসপাতালে আগুন দেন, ধর্মীয় প্রতিষ্ঠানে, ব্যবসাপ্রতিষ্ঠানে আগুন দেনড়এই আগুনের ইতিহাস হচ্ছে ওই যে নিষিদ্ধঘোষিত যে দল, তাদের ইতিহাস। তারা ৭২ সন থেকে এই কাজে করে আসছে। তিনি আরও বলেন, ২০২৪ সালের জুলাই আন্দোলনে মানুষের ওপর গুলি চালিয়ে ১৪০০ মানুষকে হত্যা করেছে। প্রায় ৩০ হাজারের অধিক মানুষ আজকে পঙ্গুত্ববরণ করেছে। দীর্ঘ ১৭ বছরের গণতান্ত্রিক আন্দোলনে হাজার হাজার নেতাকর্মী গুমের শিকার হয়েছেন। ডা. জাহিদ হোসেন বলেন, তারা (আওয়ামী লীগ) আবারও সেই পুরোনো কায়দায় গায়ের জোরে একদম কর্তৃত্ববাদী এই শাসনব্যবস্থা শুধু নয়, নিজেদের মতামত মানুষের ওপর চাপিয়ে দেওয়ার যে চেষ্টা করছে। জনগণ কিন্তু মুখিয়ে আছে ১২ ফেব্রুয়ারি জাতীয় নির্বাচনে জনগণ যেমন জবাব দিয়েছে, ইনশাআল্লাহ এ দেশের মানুষ জানে গণতন্ত্র কীভাবে রক্ষা করতে হয়, গণতন্ত্র কীভাবে ধরে রাখতে হয়, দেশের সার্বভৌমত্ব কীভাবে অক্ষুণ্ন রাখতে হয়। আমরা নিশ্চিতভাবে বিশ্বাস করি, এ দেশের মানুষ সিদ্ধান্ত নিতে অতীতে কোনো দিন ভুল করে নাই। মন্ত্রী বলেন, আগামী দিনে যারা দিবাস্বপ্ন দেখছে, যারা আসামি হয়ে এবং মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি হয়েও যারা বিভিন্ন ধরনের উসকানিমূলক কর্মকাণ্ড করছে, তাদেরকে কীভাবে রুখে দিতে হয় এ দেশের মানুষ জানে। এ সময় পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য রেজা আহমেদ বাচ্চু মোল্লা, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফরিদা ইয়াসমিন, জেলা প্রশাসক তৌহিদ বিন হাসান, কুষ্টিয়া জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ সোহবার উদ্দিন, জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিন আহমেদ, সদস্যসচিব প্রকৌশলী জাকির হোসেন সরকারসহ প্রশাসনের কর্মকর্তা ও দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঢাকায় ৩ হাজার বৈদ্যুতিক

ব্যবস্থায় প্রয়োজনীয় পরিবর্তন আনতে দুই থেকে তিন বছর সময় লাগতে পারে। এ ক্ষেত্রে বিশ্বব্যাংক বাংলাদেশের পাশে রয়েছে। সংশ্লিষ্টরা মনে করছেন, রাজধানীর গণপরিবহনে শৃঙ্খলা প্রতিষ্ঠার ক্ষেত্রে বাস পরিচালনার বিদ্যমান পদ্ধতিতে পরিবর্তন আনা গুরুত্বপূর্ণ। বর্তমানে প্রচলিত ব্যবস্থায় বিভিন্ন রুটে বাস পরিচালনা, যাত্রী ওঠানো-নামানো, ভাড়া আদায় এবং বাসের মধ্যে যাত্রী সংগ্রহের প্রতিযোগিতা নিয়ে নানা অভিযোগ রয়েছে। একই রুটে একাধিক পরিবহনের বাসের মধ্যে প্রতিযোগিতা, নির্ধারিত সময়সূচি অনুসরণ না করা, যত্রতত্র বাস থামানো এবং সড়কে যানজট সৃষ্টির মতো সমস্যাও নগরবাসীর দৈনন্দিন ভোগান্তি বাড়াচ্ছে। নতুন ব্যবস্থার মাধ্যমে এসব সমস্যা কমিয়ে একটি নিয়মতান্ত্রিক গণপরিবহন কাঠামো গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। প্রস্তাবিত সংস্কারের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হচ্ছে 'গ্রস-কস্ট' মডেল বাস্তবায়ন। এ মডেলে প্রচলিত রুট পারমিট পদ্ধতির পরিবর্তে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), বাস অপারেটর এবং যানবাহন সরবরাহকারী প্রতিষ্ঠানের মধ্যে ত্রিপক্ষীয় চুক্তির ভিত্তিতে বাস পরিচালিত হবে। এ ব্যবস্থায় যাত্রীদের কাছ থেকে আদায় করা ভাড়ার অর্থ সরাসরি বাস অপারেটরের কাছে না গিয়ে কর্তৃপক্ষের মাধ্যমে সংগ্রহ করা হবে। অন্যদিকে, নির্ধারিত মানদণ্ড অনুসরণ করে বাস পরিচালনার বিপরীতে অপারেটরকে প্রতি কিলোমিটারে নির্দিষ্ট হারে অর্থ পরিশোধ করা হবে। অর্থাৎ, বাসে কতজন যাত্রী উঠল বা কত টাকা ভাড়া আদায় হলো, তার পরিবর্তে নির্ধারিত সূচি ও মান বজায় রেখে কত দূরত্ব বাস পরিচালনা করা হয়েছে, তার ভিত্তিতে অপারেটরের পাওনা নির্ধারণ করা হবে। এ ধরনের ব্যবস্থায় যাত্রী সংগ্রহের জন্য বাসগুলোর মধ্যে অসুস্থ প্রতিযোগিতা কমানো, নির্ধারিত সময়সূচি অনুসরণ এবং সেবার মান বজায় রাখার সুযোগ তৈরি হবে বলে আশা করা হচ্ছে। একই সঙ্গে বাস পরিচালনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও কেন্দ্রীয় তদারকি নিশ্চিত করা সহজ হবে। নতুন পরিকল্পনায় বৈদ্যুতিক বাস চালুর বিষয়টিও বিশেষ গুরুত্ব পাচ্ছে। প্রচলিত জ্বালানিচালিত বাসের পরিবর্তে বিদ্যুৎচালিত বাস ব্যবহারের ফলে যানবাহন থেকে নির্গত ধোঁয়া ও স্থানীয় বায়ুদূষণ কমানোর সুযোগ তৈরি হবে। পাশাপাশি আধুনিক প্রযুক্তিনির্ভর বাসের মাধ্যমে যাত্রীদের নিরাপদ ও আরামদায়ক যাতায়াত নিশ্চিত করার লক্ষ্য রয়েছে। তবে এ ধরনের বাসের কার্যকর পরিচালনার জন্য প্রয়োজনীয় চার্জিং অবকাঠামো, রক্ষণাবেক্ষণ ব্যবস্থা এবং দক্ষ জনবল গড়ে তোলাও গুরুত্বপূর্ণ হবে। রাজধানীতে প্রতিদিন বিপুলসংখ্যক মানুষ কর্মস্থল, শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল ও অন্যান্য প্রয়োজনীয় গন্তব্যে যাতায়াতের জন্য গণপরিবহনের ওপর নির্ভর করেন। কিন্তু বাসের অনিয়ন্ত্রিত চলাচল, যানজট, অতিরিক্ত ভাড়া আদায়, যাত্রীদের সঙ্গে অসদাচরণ এবং পর্যাপ্ত মানসম্মত যানবাহনের অভাব নিয়ে দীর্ঘদিন ধরে নগরবাসীর অভিযোগ রয়েছে। এ অবস্থায় নতুন পরিকল্পনা বাস্তবায়িত হলে গণপরিবহন ব্যবস্থায় ইতিবাচক পরিবর্তনের সম্ভাবনা তৈরি হতে পারে। বিশেষ করে নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী যাত্রীদের জন্য নিরাপদ ও সহজ যাতায়াত নিশ্চিত করা, বাসের নির্ধারিত স্টপেজ ও সময়সূচি অনুসরণ এবং যাত্রীসেবায় পেশাদারত্ব প্রতিষ্ঠার বিষয়গুলো সংস্কার কার্যক্রমে গুরুত্ব পাবে বলে প্রত্যাশা করা হচ্ছে। তবে ৩ হাজার বৈদ্যুতিক বাস চালুর পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থায়ন, বাস সংগ্রহ, চার্জিং স্টেশন স্থাপন, রুট পুনর্বিন্যাস, অপারেটর নির্বাচন এবং বিদ্যমান পরিবহন মালিকদের নতুন ব্যবস্থায় যুক্ত করার মতো বেশ কিছু চ্যালেঞ্জ রয়েছে। পাশাপাশি নতুন মডেলে ভাড়া নির্ধারণ, বাসের রক্ষণাবেক্ষণ এবং সেবার মান নিয়মিত পর্যবেক্ষণের জন্য কার্যকর প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তোলাও জরুরি। সভায় সড়ক পরিবহন ও সেতু বিভাগ এবং রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ হাবিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মো. জিয়াউল হক এবং বিশ্বব্যাংকের বাংলাদেশ ও ভুটানের ডিভিশন ডিরেক্টর জ্যঁ পেসমেসহ বিশ্বব্যাংকের প্রতিনিধিবৃন্দ ও সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বিশ্ব দরবারে সশস্ত্র বাহিনীর সক্ষমতা

বিমানবাহিনীর বিশেষ যৌথ প্রশিক্ষণ মহড়া পরিদর্শনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, জাতির ইতিহাসে প্রথমবারের মতো তিন বাহিনীর স্পেশাল ফোর্সের সদস্যরা একত্রে অংশ নিয়ে এ যৌথ সামরিক মহড়া সম্পন্ন করেছেন। এটি দেশের সামরিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। প্রধানমন্ত্রী বলেন, আজকের এই মহড়ার পেছনে রয়েছে দূরদর্শী চিন্তা। একই সঙ্গে এটি সামরিক বাহিনীর আধুনিকায়নে সরকারের অঙ্গীকারের প্রতিফলন। তিনি বলেন, এ ধরনের যৌথ অনুশীলন সশস্ত্র বাহিনীর পারস্পরিক সমন্বয়, পেশাদারিত্ব ও সক্ষমতা আরও সুদৃঢ় করবে। পাশাপাশি যে কোনো পরিস্থিতি মোকাবিলায় তাদের প্রস্তুতিও আরও কার্যকর হবে।

গাজা গণহত্যা মামলায় হারতে

রাষ্ট্রীয় গণহত্যার রায় ইসরাইলের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার মামলায় শক্তিশালী নজির হয়ে দাঁড়িয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে অধ্যাপক লিবলিখ লেখেন, আদালতের বিরুদ্ধে ষড়যন্ত্র তত্ত্ব খোঁজার আগে ইসরাইলের নিজেকেই দোষারোপ করা উচিত: কারণ নেতানিয়াহু সরকার নিজেই এই গর্ত খুঁড়েছে। তাঁর মতে, মিয়ানমারের জ্যেষ্ঠ কর্মকর্তাদের চেয়ে নেতানিয়াহু, বেন গভির ও স্মোট্রিচের বক্তব্যে গণহত্যার অভিপ্রায় প্রমাণ করা আরও সহজ। মিয়ানমারের রায়ে আদালত জানিয়েছেন, প্রতিকূল পরিস্থিতিতে মানুষকে উচ্ছেদ করা এবং ফিরতে বাধা দেওয়া গুরুতর মানসিক ক্ষতির শামিল, যা গণহত্যার সংজ্ঞায় পড়ে। এছাড়া একটি গোষ্ঠীকে কার্যকরভাবে টিকে থাকতে না দেওয়ার লক্ষ্যও গণহত্যার অভিপ্রায় হিসেবে গণ্য হয়। গাজায় ব্যাপক ধ্বংসযজ্ঞ, বাস্তুচ্যুতি এবং ইসরাইলি নেতাদের বক্তব্য বিবেচনায় সংখ্যাগরিষ্ঠ বিচারকদের দৃষ্টিভঙ্গিতে ইসরাইলের হারার সম্ভাবনাই বেশি বলে মনে করেন এই আইন বিশেষজ্ঞ।

শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি

উন্নয়নে ব্যক্তির বিশেষ অবদান বা যোগ্যতা বিবেচনায় সরকার এ শর্ত শিথিল করতে পারবে। গভর্নিং বডির সভাপতি মনোনয়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানপ্রধানকে তিনজন ব্যক্তির নাম ও জীবনবৃত্তান্ত শিক্ষা বোর্ডে পাঠানোর প্রস্তাব দিতে হবে। মহানগর এলাকায় বিভাগীয় কমিশনার এবং অন্যান্য এলাকায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে এ প্রস্তাব পাঠাতে হবে। প্রস্তাবিত ব্যক্তিদের মধ্য থেকে একজনকে সভাপতি মনোনীত করবে শিক্ষা বোর্ড। সভাপতি হিসেবে প্রস্তাবিত ব্যক্তিদের মধ্যে থাকতে পারবেন জেলা বা উপজেলার সরকারি, আধা-সরকারি কিংবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম শ্রেণির কর্মকর্তা, অবসরপ্রাপ্ত শিক্ষাবিদ, স্থানীয় শিক্ষানুরাগী, শিক্ষায় আগ্রহী স্থানীয় খ্যাতিমান ব্যক্তি, সমাজসেবক এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা। অন্যদিকে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের ক্ষেত্রে সভায় উপস্থিত নির্বাচিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটের বিধান রাখা হয়েছে। তাদের মধ্য থেকে অথবা পরিপত্রে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের মধ্য থেকে সভাপতি নির্বাচন করা যাবে। তবে নির্বাচিত ব্যক্তিকে স্নাতক বা সমমানের শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ করতে হবে। পরিপত্রে আরও বলা হয়েছে, পুনর্গঠিত গভর্নিং বডি, ম্যানেজিং কমিটি ও এডহক কমিটিতে স্থানীয় পর্যায়ের তিনজন গণ্যমান্য ব্যক্তিকে সদস্য হিসেবে মনোনয়ন নিশ্চিত করতে হবে। তাদের মধ্যে একজন নারী প্রতিনিধি থাকবেন। সংশ্লিষ্ট কমিটির সভাপতি বা আহ্বায়ক এ মনোনয়ন দেবেন। ঢাকা শিক্ষা বোর্ডসহ দেশের নয়টি শিক্ষা বোর্ডের আওতাধীন বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে এ নির্দেশনা দেওয়া হয়েছে। এ বিষয়ে ২০২৪ সালের প্রবিধানমালার ৩১ আগস্ট ২০২৫ তারিখের সংশোধনী অনুসরণের কথাও উল্লেখ করা হয়েছে। জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে পরিপত্রে জানানো হয়েছে।

ব্যাংকিং খাতে ফিরছে গ্রাহকের

১২ হাজার ৮৩০ কোটি টাকা। তবে এক বছরের ব্যবধানে ঋণ ও অগ্রিমের প্রবৃদ্ধি হয়েছে ৩ দশমিক ৯৬ শতাংশ। অন্যদিকে, সরকারি সিকিউরিটিজ ও অন্যান্য আর্থিক উপকরণে ব্যাংকগুলোর বিনিয়োগ এক বছরে ৩১ দশমিক ৩১ শতাংশ বেড়ে গত সেপ্টেম্বরে ৭ লাখ ৬৭ হাজার ৭৩১ কোটি টাকায় দাঁড়িয়েছে। পরিসংখ্যানে দেখা যায়, ব্যাংক খাতে আমানত সংগ্রহের প্রবৃদ্ধি ঋণ বিতরণের তুলনায় বেশি। আর্থিক খাতের বিদ্যমান চ্যালেঞ্জের কারণে বেসরকারি খাতে ঋণ সম্প্রসারণে ব্যাংকগুলো এখনো সতর্ক অবস্থানে রয়েছে। এদিকে, চলতি বছরের তৃতীয় প্রান্তিকের আর্থিক প্রতিবেদনেও কয়েকটি বেসরকারি ব্যাংকের আমানত সংগ্রহে উল্লেখযোগ্য প্রবৃদ্ধির চিত্র উঠে এসেছে। বিশেষ করে তুলনামূলক শক্তিশালী আর্থিক ভিত্তি ও সুশাসনসম্পন্ন ব্যাংকগুলোতে আমানত বাড়ছে। ব্র্যাক ব্যাংক জানিয়েছে, ২০২৫ সালের ডিসেম্বর থেকে ২০২৬ সালের সেপ্টেম্বর পর্যন্ত তাদের গ্রাহক আমানত ১৬ শতাংশ বেড়ে ১ লাখ ৩ হাজার ৯১ কোটি টাকা ছাড়িয়েছে। সেপ্টেম্বর শেষে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৭৭ হাজার ৯৪৭ কোটি টাকা। এ সময়ে খেলাপি ঋণের হার ছিল ২ দশমিক ২৭ শতাংশ। চলতি বছরের প্রথম নয় মাসে ব্যাংকটির সমন্বিত নিট মুনাফা আগের বছরের একই সময়ের তুলনায় ৩৮ শতাংশ বেড়ে ২ হাজার ১২১ কোটি টাকায় দাঁড়িয়েছে। সিটি ব্যাংকের আমানতও উল্লেখযোগ্য হারে বেড়েছে। ২০২৫ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির আমানত ছিল ৬৩ হাজার ১৬৪ কোটি ২৪ লাখ টাকা। চলতি বছরের ৩০ সেপ্টেম্বর তা বেড়ে দাঁড়িয়েছে ৭৭ হাজার ৪১২ কোটি ৪৯ লাখ টাকা। এ হিসাবে আমানত বেড়েছে ২২ দশমিক ৬ শতাংশ। ব্যাংকটির তৃতীয় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন অনুযায়ী, মেয়াদি আমানত, সঞ্চয়ী আমানত ও চলতি হিসাবের আমানত বৃদ্ধির ফলে এ প্রবৃদ্ধি হয়েছে। ব্যাংক এশিয়ার আমানতও চলতি বছরের প্রথম নয় মাসে ১৯ শতাংশ বেড়েছে। এ সময়ে ব্যাংকটির আমানতের পরিমাণ ৪৪ হাজার ৬১৫ কোটি টাকা থেকে বেড়ে ৫৩ হাজার ৩০৮ কোটি টাকায় দাঁড়িয়েছে। একই সময়ে ব্যাংকটির নিট মুনাফা ৩৪ শতাংশ বেড়ে ৪৭২ কোটি টাকা হয়েছে। গত বছরের জানুয়ারি-সেপ্টেম্বর সময়ে এ মুনাফার পরিমাণ ছিল ৩৫১ কোটি টাকা। অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ (এবিবি)-এর চেয়ারম্যান মাসরুর আরেফিন বলেন, এক বছরে ব্যাংক খাতে প্রায় ১৩ শতাংশ আমানত বৃদ্ধি গ্রাহকদের আস্থা পুনরুদ্ধারের একটি উৎসাহব্যঞ্জক লক্ষণ। তবে সব ব্যাংকে আমানত বৃদ্ধির চিত্র সমান নয় উল্লেখ করে তিনি বলেন, আমানতকারীরা এখন তুলনামূলক ভালো সুশাসন ও আর্থিক ভিত্তিসম্পন্ন ব্যাংককে বেশি গুরুত্ব দিচ্ছেন। এটি স্বাভাবিক প্রবণতা। সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হিসেবেও দায়িত্ব পালন করা মাসরুর আরেফিন বলেন, তার ব্যাংকের আমানত ২২ শতাংশের বেশি বৃদ্ধি এই প্রবণতারই প্রতিফলন। তিনি বলেন, ব্যাংক খাতে আমানতকারীদের পূর্ণ আস্থা ফিরিয়ে আনতে সুশাসন, সম্পদের গুণগত মান এবং আর্থিক শৃঙ্খলার ধারাবাহিক উন্নতি নিশ্চিত করতে হবে। এদিকে, সাধারণ আমানতকারীদের কাছে ব্যাংক খাতের পুনরুদ্ধারের সবচেয়ে বড় পরীক্ষা হলো প্রয়োজনের সময় নিজেদের অর্থ নির্বিঘ্নে উত্তোলন করতে পারা। এর মধ্যে রয়েছে নির্ধারিত সময়ে মেয়াদি আমানতের অর্থ ফেরত, চেক নিষ্পত্তি এবং এটিএম সেবা স্বাভাবিক রাখা। আর্থিক সংকটে থাকা ব্যাংকগুলোর গ্রাহকদের জন্য বিষয়টি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। অতীতে এসব ব্যাংকের তারল্যসংকটের কারণে স্বাভাবিক ব্যাংকিং সেবা ব্যাহত হওয়ার ঘটনাও ঘটেছে। এ পরিস্থিতি কাটিয়ে ন্যাশনাল ব্যাংক গত ১৫ অক্টোবর থেকে পূর্ণাঙ্গ ব্যাংকিং কার্যক্রম পুনরায় শুরু করেছে। আমানত উত্তোলন ও তারল্য পরিস্থিতি নিয়ে বাংলাদেশ ব্যাংকের সঙ্গে আলোচনার পর ব্যাংকটি এ কার্যক্রম শুরু করে। আমানতকারীদের স্বার্থ সুরক্ষা, জনআস্থা বজায় রাখা এবং ব্যাংকিং কার্যক্রম সুশৃঙ্খল রাখতে কেন্দ্রীয় ব্যাংক ব্যাংকটিকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেয়। সাউথ বাংলা এগ্রিকালচার অ্যান্ড কমার্স (এসবিএসি) ব্যাংক পিএলসির অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক আবদুল কাইয়ুম চৌধুরী বলেন, ব্যাংক খাতে আস্থা পুনরুদ্ধারে শুধু স্বল্পমেয়াদি তারল্য সহায়তা যথেষ্ট নয়। তিনি কর্পোরেট সুশাসন জোরদার, আর্থিক প্রতিবেদন স্বচ্ছ করা, ঋণ আদায় বাড়ানো, পর্যাপ্ত মূলধন সংরক্ষণ এবং আর্থিক অনিয়মের জন্য দায়ীদের জবাবদিহি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। ব্যাংকগুলোর চলমান সম্পদের গুণগত মান পর্যালোচনা এবং সংস্কার উদ্যোগের মাধ্যমে প্রতিটি ব্যাংকের প্রকৃত আর্থিক অবস্থা চিহ্নিত করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। এর ভিত্তিতে প্রয়োজন অনুযায়ী সংশোধনমূলক পদক্ষেপ নেওয়ার সুযোগ তৈরি হবে। সংশ্লিষ্টরা মনে করছেন, আমানত বৃদ্ধির এই ধারা অব্যাহত রাখার পাশাপাশি উৎপাদনশীল খাতে ঋণপ্রবাহ বাড়ানো গেলে বেসরকারি বিনিয়োগ, শিল্প সম্প্রসারণ ও কর্মসংস্থান সৃষ্টিতে ব্যাংক খাত আরও কার্যকর ভূমিকা রাখতে পারবে। সামগ্রিকভাবে দেশের অর্থনীতিতে ব্যাংক খাতের অবদান বাড়াতে জনগণের সঞ্চয় সংগ্রহের পাশাপাশি সেই অর্থ উৎপাদনশীল বিনিয়োগে দক্ষতার সঙ্গে ব্যবহার নিশ্চিত করতে হবে।

হামের উপসর্গে আরও ৯

হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১৫ মার্চ থেকে আজকে পর্যন্ত হামের উপসর্গে দেশে ১ হাজার ২৫৬ শিশুর মৃত্যুর হয়েছে। এ সময় হাম শনাক্ত হওয়ার পর মারা গেছে ১০৫ শিশু। এ নিয়ে এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে শিশুর মৃত্যু ১ হাজার ৩৬১ জনে পৌঁছেছে। স্বাস্থ্য অধিদফতরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় দেশে সন্দেহজনক হাম আক্রান্ত রোগীর সংখ্যা ১ হাজার ২৮৩ জন এবং নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ৬৮ জনের। মোট ১ হাজার ৩৫১ শিশু হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে। ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগী হাসপাতালে ভর্তি হয়েছে ২ লাখ ৩১ হাজার ৯৯৯ জন। এর মধ্যে এখন পর্যন্ত সুস্থ হয়ে ২ লাখ ২৩ হাজার ১৫৮ জন হাসপাতাল ছেড়েছে। স্বাস্থ্য অধিদফতরের তথ্যমতে, চলতি বছরের ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত হামের উপসর্গ দেখা দিয়েছে ২ লাখ ৫৯ হাজার ১৯০ জনের। এ সময়ের মধ্যে হাম শনাক্ত হয়েছে ২৬ হাজার ৩০০ জনের।

বিনা খরচে মালয়েশিয়ার ১১২

যাবতীয় ব্যয় বহন করবে নিয়োগদাতা প্রতিষ্ঠান। সরকারের ঘোষণা অনুযায়ী, প্রথম ধাপে মোট ১০ হাজার কর্মীকে বিনা খরচে মালয়েশিয়ায় পাঠানো হবে। এর আগে লটারির মাধ্যমে এসব কর্মী বাছাই করা হয়। শূন্য অভিবাসন ব্যয়ে নিয়োগ পেতে গত ৬ থেকে ৮ নভেম্বর বিকাল ৪টা পর্যন্ত অনলাইনে মোট ৪ হাজার ২৯টি আবেদন জমা পড়ে। এর মধ্য থেকে অনলাইন অটোমেশন বা লটারির মাধ্যমে প্রাথমিকভাবে ৩০০ জন প্রার্থীকে নির্বাচন করা হয়েছিল। কিন্তু দুদিনের সাক্ষাৎকারে নির্বাচিত ওই ৩০০ জনের মধ্যে কিছু সংখ্যক কর্মী অনুপস্থিত থাকেন। এ কারণে আগে নির্বাচিত ৩০০ জন বাদে অবশিষ্ট আবেদনকারীদের তালিকা থেকে লটারির মাধ্যমে নতুন আরও ৫০ জন কর্মীকে সাক্ষাৎকারে অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়। তাদের মধ্য থেকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে ১১২ জন কর্মী নিয়োগ দেবে মালয়েশিয়ার প্রতিষ্ঠান ডিএইচএল সাপ্লাই চেইন মালয়েশিয়া। ২০২২ সাল থেকে

রূপপুরে পৌঁছেছে ইউরেনিয়ামের

এসব পারমাণবিক জ্বালানি বাংলাদেশে আনার কথা রয়েছে। রাশিয়ার সর্বাধুনিক প্রযুক্তিতে নির্মিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ভিভিইআর-১২০০ মডেলের দুটি ইউনিট রয়েছে, যার প্রতিটির উৎপাদনক্ষমতা ১ হাজার ২০০ মেগাওয়াট। এর মধ্যে প্রথম ইউনিট থেকে গত ১৭ নভেম্বর পরীক্ষামূলকভাবে জাতীয় গ্রিডে ৩৫০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ শুরু হয়েছে। ওই দিন বিকেল ৩টা ১৬ মিনিটে বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনামের উপস্থিতিতে জাতীয় গ্রিডের সঙ্গে কেন্দ্রটির সফল সিনক্রোনাইজেশন সম্পন্ন হয়; সে সময় সর্বোচ্চ ৩৭৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হয়। এর ধারাবাহিকতায় গত সোমবার দ্বিতীয়বারের মতো জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করেছে রূপপুর প্রকল্প।

ডেঙ্গুতে আরও ৪ মৃত্যু,

দাঁড়িয়েছে ১ লাখ ৭৫ হাজার ৯৮৫ জনে এবং সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১ লাখ ৭০ হাজার ৬০০ জন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে, ৪১৫ জন। এ ছাড়া চট্টগ্রামে ১৭৩ জন, খুলনায় ১৪১ জন, বরিশালে ১৩৫ জন, রাজশাহীতে ১৩১ জন, ময়মনসিংহে ৮৫ জন এবং রংপুরে ৫৮ জন রোগী ভর্তি হয়েছেন।

সৌরবিদ্যুৎ চালিত হিমাগার ব্যবহারে

এতে তাদের আয় বাড়ার সুযোগ তৈরি হবে। গতকাল রাজধানীর একটি হোটেল বাংলাদেশের আবহাওয়ায় ফল ও সবজি সংরক্ষণে সৌরবিদ্যুৎ চালিত হিমাগার ব্যবহারের সম্ভাব্যতা যাচাই প্রকল্পের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, দেশের অর্থনীতি, খাদ্যনিরাপত্তা ও গ্রামীণ জীবিকায় কৃষির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাবের পাশাপাশি ফসল তোলার পর তা সংরক্ষণ করাও কৃষকদের জন্য বড় চ্যালেঞ্জ। উচ্চ তাপমাত্রা, পর্যাপ্ত হিমাগারের অভাব ও অনিয়মিত বিদ্যুৎ সরবরাহের কারণে অনেক সময় কৃষিপণ্য বাজারে পৌঁছানোর আগেই নষ্ট হয়ে যায়। রাজশাহীর একটি কৃষি খামারে পরীক্ষামূলকভাবে স্থাপিত হিমাগারের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, বাংলাদেশের আবহাওয়া, চাষাবাদ পদ্ধতি ও বিদ্যুৎ সরবরাহের পরিস্থিতি বিবেচনায় নিয়ে হিমাগারটি তৈরি করা হয়েছে। এ প্রদর্শনীর অভিজ্ঞতা গ্রামীণ এলাকায় হিমাগার আরও নির্ভরযোগ্য করতে সৌরবিদ্যুৎ ও তাপ সঞ্চয় প্রযুক্তি কীভাবে কাজে লাগানো যায়, তা নির্ধারণে সহায়তা করবে। মন্ত্রী বলেন, সম্ভাব্যতা সমীক্ষা ও রাজশাহীর অভিজ্ঞতা কাজে লাগিয়ে ফল ও সবজি দ্রুত ঠান্ডা করা, হিমাগারে সংরক্ষণ, তাপমাত্রা নিয়ন্ত্রিত পরিবহন এবং ডিজিটাল পদ্ধতিতে তাপমাত্রা পর্যবেক্ষণকে একটি ব্যবস্থায় যুক্ত করা যেতে পারে। এতে স্থানীয় পর্যায়ে কারিগরি দক্ষতা বাড়ানোর পাশাপাশি জলবায়ু-সহনশীল ও কম কার্বন নিঃসরণকারী কৃষিব্যবস্থা গড়ে তোলার সুযোগ তৈরি হবে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সহযোগিতায় প্রকল্পটি বাস্তবায়নে নেতৃত্ব দিয়েছে কোরিয়া ইনস্টিটিউট অব ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি (কাইটেক)। এতে আর্থিক সহায়তা দিয়েছে জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (ইউএনইপি) এবং জাতিসংঘের জলবায়ু প্রযুক্তি কেন্দ্র ও নেটওয়ার্ক (সিটিসিএন)। রাজশাহীতে পরীক্ষামূলকভাবে স্থাপিত সৌরবিদ্যুৎচালিত হিমাগারের ভেতরের তাপমাত্রা স্থিতিশীল রাখতে নিম্ন তাপমাত্রায় সুপ্ত তাপ সঞ্চয়কারী উপাদান (এলএইচএম) ব্যবহার করা হয়েছে। প্রকল্পের আওতায় কারিগরি প্রশিক্ষণও দেওয়া হয়েছে। মন্ত্রী প্রকল্পের সঙ্গে সংযুক্ত ইউএনইপি, সিটিসিএন, কাইটেক, স্থানীয় অংশীদার, কৃষক ও বিশেষজ্ঞদের ধন্যবাদ জানান। দেশের আরও কৃষিপ্রধান এলাকায় এ প্রযুক্তি পৌঁছে দিতে দক্ষিণ কোরিয়া ও সিটিসিএনের সঙ্গে কারিগরি সহযোগিতা অব্যাহত রাখার প্রত্যাশা জানান তিনি। সমাপনী অনুষ্ঠানে পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. নুরুন নাহার, কাইটেকের প্রধান গবেষক ও প্রকল্পপ্রধান ড. কিম জং ইয়ল, দক্ষিণ কোরিয়ার ইএসটি কোম্পানি লিমিটেডের পরিচালক ইয়ংজিন শিন এবং বিশেষজ্ঞ ড. ইনহান কিম বক্তব্য রাখেন। এসময় মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, গবেষণা প্রতিষ্ঠান, স্থানীয় প্রকল্প অংশীদার, এনজিও এবং কৃষি ও পরিবহন খাতের প্রতিনিধিগণ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক গণমাধ্যমের সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন।

বাংলাদেশকে ২০৩২ সাল পর্যন্ত

রাখবে বলে জানানো হয়। দুই দেশের মধ্যে দক্ষতা উন্নয়ন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, জ্ঞান বিনিময় এবং শিক্ষাক্ষেত্রে অংশীদারত্ব বাড়ানোর বিষয়েও আলোচনা হয়। বৈঠকে অভিবাসন, নিরাপত্তা সহযোগিতা, জলবায়ু সহনশীলতা এবং আঞ্চলিক ও বৈশ্বিক বিভিন্ন ইস্যু স্থান পায়। রোহিঙ্গা সংকটের বিষয়ে বাংলাদেশে ১২ লাখের বেশি জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশের মানবিক ভূমিকার প্রশংসা করে কানাডা। ২০১৭ সাল থেকে রোহিঙ্গা সংকট মোকাবিলায় দেশটি ৭০০ মিলিয়ন কানাডীয় ডলারের বেশি সহায়তা দিয়েছে বলেও জানানো হয়। রোহিঙ্গা ও আশ্রয়দাতা জনগোষ্ঠীর জন্য আন্তর্জাতিক সহায়তা অব্যাহত রাখার ওপর গুরুত্ব দেন দুই দেশের প্রতিনিধিরা। একই সঙ্গে মিয়ানমারে রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপদে, মর্যাদার সঙ্গে ও টেকসইভাবে প্রত্যাবাসনের উপযোগী পরিবেশ তৈরিতে আন্তর্জাতিক অংশীদারদের সঙ্গে কাজ করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন তাঁরা। গাম্বিয়া বনাম মিয়ানমার মামলায় আন্তর্জাতিক বিচার আদালতের (আইসিজে) সাম্প্রতিক সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে দুই পক্ষ জানায়, রোহিঙ্গা সংকট মোকাবিলার প্রচেষ্টায় এ সিদ্ধান্ত গুরুত্বপূর্ণ। বৈঠক শেষে অর্থনৈতিক, উন্নয়ন, বহুপক্ষীয় ও ভূরাজনৈতিক ক্ষেত্রে অভিন্ন লক্ষ্য অর্জনে দ্বিপক্ষীয় সহযোগিতা আরও এগিয়ে নেওয়ার বিষয়ে আত্মবিশ্বাস প্রকাশ করে বাংলাদেশ ও কানাডা।

২৩ দিনে নাশকতার ২১৩ ঘটনা

পুলিশ সদর দফতরের তথ্য অনুযায়ী, এই সময়ে দেশের বিভিন্ন স্থানে ককটেল ও বোমা বিস্ফোরণের ১২১টি এবং পরিবহনে অগ্নিসংযোগের ৯৯টি ঘটনা ঘটেছে।

২৩ দিনে ৭২টি ঝটিকা মিছিল : নাশকতার পাশাপাশি নভেম্বরের প্রথম ২৩ দিনে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ, কৃষক লীগ, যুবলীগ ও ছাত্রলীগের ৭২টি ঝটিকা মিছিলের ঘটনা ঘটেছে। এসব ঘটনায় ২২টি মামলা ও পাঁচটি সাধারণ ডায়েরি হয়েছে। গ্রেফতার করা হয়েছে ৬৬ জনকে।

হামলার লক্ষ্যবস্তু পুলিশও : পুলিশের স্থাপনায় হামলা, গাড়িতে অগ্নিসংযোগ এবং স্থাপনা ও গাড়ি লক্ষ্য করে ককটেল নিক্ষেপের ঘটনাও ঘটেছে। এসব ঘটনায় ২১ জন পুলিশ সদস্য আহত হয়েছেন। এ সংক্রান্ত ঘটনায় একটি মামলা হয়েছে এবং গ্রেফতার করা হয়েছে চার জনকে।

গ্রামীণ ব্যাংকে ৩৪টি নাশকতার ঘটনা : সাম্প্রতিক নাশকতায় হামলার লক্ষ্যবস্তু হয়ে উঠেছে গ্রামীণ ব্যাংকও। দেশের বিভিন্ন এলাকায় ব্যাংকটির স্থাপনায় ককটেল ও বোমা বিস্ফোরণ এবং অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। পুলিশ সদর দফতরের প্রতিবেদনে গ্রামীণ ব্যাংকে নাশকতার মোট ৩৪টি ঘটনা উল্লেখ করা হয়েছে। এসব ঘটনায় হতাহতের কোনও তথ্য নেই। তবে আটটি মামলা ও ১৯টি সাধারণ ডায়েরি হয়েছে। গ্রেফতার করা হয়েছে আট জনকে।

হামলা ও অগ্নিসংযোগের শিকার জুলাই স্মৃতিস্তম্ভ : জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণে নির্মিত জুলাই স্মৃতিস্তম্ভেও হামলা ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। পুলিশ সদর দফতরের তথ্য অনুযায়ী, নভেম্বরের প্রথম ২৩ দিনে এ ধরনের দুটি ঘটনা ঘটেছে। এসব ঘটনায় দুটি মামলা হয়েছে। গ্রেফতার করা হয়েছে ১১ জনকে।

নাশকতা প্রতিরোধে চ্যালেঞ্জ : পুলিশ সদর দফতরের প্রতিবেদনের তথ্য অনুযায়ী, সাম্প্রতিক নাশকতার ঘটনা পরিবহনে অগ্নিসংযোগ ও বোমা বিস্ফোরণের মধ্যে সীমাবদ্ধ নেই। পুলিশের স্থাপনা ও গাড়ি, আর্থিক প্রতিষ্ঠান গ্রামীণ ব্যাংক এবং জুলাই স্মৃতিস্তম্ভও হামলার লক্ষ্যবস্তু হয়েছে।

প্রত্যর্পণ চুক্তির মাধ্যমেই শেখ

ক্লাবে ময়মনসিংহ সাংবাদিক সমিতি, ঢাকার দ্বি-বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তথ্য প্রতিমন্ত্রী বলেন, জাতিসংঘের তথ্য অনুযায়ী, প্রায় ১ হাজার ৪০০ বাংলাদেশিকে হত্যার পর শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়েছেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল যে রায় দিয়েছেন, তা কার্যকর করা হবে। বাংলাদেশের আইনকে সবার শ্রদ্ধা করতে হবে। একইভাবে সব দেশের আইনকে সংশ্লিষ্ট দেশগুলোর শ্রদ্ধা করা উচিত। ময়মনসিংহের সাংবাদিকদের মধ্যে ঐক্যের ওপর গুরুত্ব আরোপ করে প্রতিমন্ত্রী বলেন, ময়মনসিংহের উন্নয়ন ও স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সবাইকে ভেদাভেদ ভুলে একসঙ্গে কাজ করতে হবে। বৃহত্তর স্বার্থে সবাইকে অন্তর্ভুক্ত করে একটি বৃহৎ সাংবাদিক পরিবার গড়ে তোলার আহ্বান জানান তিনি। ময়মনসিংহ বিভাগের অবকাঠামোগত উন্নয়নে ৩ হাজার ৮০০ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণের কথা জানিয়ে ইয়াসের খান চৌধুরী বলেন, প্রকল্পটি বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রশাসনিক ও পরিকল্পনাগত ধাপ অতিক্রম করতে হয়। ইতোমধ্যে পরিকল্পনা টিম প্রাথমিক ধাপ পেরিয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ময়মনসিংহ বিভাগের প্রতিটি উপজেলায় উন্নয়নের সুফল পৌঁছাবে। তিনি বলেন, ময়মনসিংহের বিভিন্ন উপজেলা, ইউনিয়ন ও গ্রামের সড়ক, সেতু এবং অন্যান্য অবকাঠামোর উন্নয়নে সরকার পরিকল্পনা গ্রহণ করেছে। দীর্ঘদিন ধরে অবহেলিত এসব এলাকার উন্নয়ন প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাস্তবায়ন করা হবে। শুধু প্রতিশ্রুতি নয়, বাস্তব উন্নয়নের মাধ্যমে মানুষের প্রত্যাশা পূরণ করতে চায় সরকার। সাংবাদিকদের কল্যাণে সরকারের উদ্যোগ তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, সাংবাদিক কল্যাণ ট্রাস্টের মাধ্যমে সাংবাদিকদের আর্থিক অসচ্ছলতা ও অসুস্থতাসহ বিভিন্ন সংকটে সহায়তা দেওয়া হয়। এ খাতে অনুদানের পরিমাণ ৬ কোটি টাকা থেকে বাড়িয়ে প্রায় ২৫ কোটি টাকা করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের প্রায় শেষ পর্যায়ে রয়েছে। সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক কর্মসূচির কথা উল্লেখ করে তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড কর্মসূচি বাস্তবায়ন শুরু হয়েছে। পাশাপাশি মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খতিবসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের দায়িত্বশীল ব্যক্তিদের জন্য সহায়তা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এসব উদ্যোগের মূল লক্ষ্য সাধারণ মানুষের জীবনমানের উন্নয়ন। ঢাকা শহরের যানজট পরিস্থিতির উন্নতির কথা উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, আগে যেখানে যানবাহনের গতি ঘণ্টায় প্রায় ৪ কিলোমিটার ছিল, বর্তমানে তা বেড়ে ১১ থেকে ১২ কিলোমিটারে পৌঁছেছে। যানজট নিয়ন্ত্রণে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে স্বয়ংক্রিয় ক্যামেরা ও ট্রাফিক লাইট স্থাপন করা হয়েছে। পর্যায়ক্রমে এ ব্যবস্থা আরও সম্প্রসারণ করা হবে। তিনি বলেন, সরকারের উন্নয়ন ও জনকল্যাণমূলক কার্যক্রম বাধাগ্রস্ত করতে একটি নিষিদ্ধ সংগঠন বিভিন্ন তৎপরতা চালাচ্ছে। তাদের আগুন সন্ত্রাসের রাজনীতি আবারও ফিরিয়ে আনার অপচেষ্টা চলছে। এ ধরনের অপতৎপরতা রুখতে সাংবাদিকসহ সমাজের সব শ্রেণি-পেশার মানুষকে ঐক্যবদ্ধ থাকতে হবে। সাংবাদিকদের বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের আহ্বান জানিয়ে তথ্য প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে যেন আর ফ্যাসিবাদ ফিরে আসতে না পারে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। জুলাই ছাত্র-জনতার আন্দোলনে সাংবাদিকরা গণতন্ত্র ও মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। ভবিষ্যতেও গণতন্ত্র ও ভোটাধিকার সমুন্নত রাখতে সাংবাদিকদের দায়িত্বশীল ভূমিকা অব্যাহত থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন। ময়মনসিংহ সাংবাদিক সমিতি, ঢাকার সভাপতি হামিদুল হক মানিকের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন সংসদ সদস্য জাকির হোসেন বাবুল, লুৎফাহিল মাজেদ বাবু, আকতারুজ্জামান বাচ্চু ও কামরুল হাসান মিলন, ময়মনসিংহ জেলা পরিষদের প্রশাসক সৈয়দ ইমরান সালেহ প্রিন্স। এছাড়া বক্তব্য রাখেন বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক বাছির জামাল, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক এরফানুল হক নাহিদ, নেত্রকোনা সাংবাদিক সমিতি, ঢাকার সভাপতি রফিক মুহাম্মদ, টাঙ্গাইল জেলা সাংবাদিক সমিতি ঢাকার সভাপতি শাখাওয়াত হোসেন বাদশা, সাংবাদিক লুৎফুল বারী হামিম, দৈনিক আজকের খবরের সম্পাদক মোশারফ হোসেন, মোহনা টেলিভিশনের হেড অব নিউজ রাশেদুল হক, সাংবাদিক বাদল সরকার, সৌরভ জাহাঙ্গীর, সিরাজুল ইসলাম, সামছুর রহমান শামস ও দেলোয়ার হোসেন প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন সংগঠনের সদস্য সচিব গোলাম কিবরিয়া।

দ্বিতীয় দফায় জাতীয় গ্রিডে ৭

বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। দুটি ইউনিট পূর্ণাঙ্গভাবে চালু হলে দেশের বিদ্যুৎ উৎপাদনে বহুমুখীকরণ, জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা হ্রাস এবং দীর্ঘমেয়াদি জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।

ফের উত্তাল গাজীপুর

গাজীপুরা বাসস্ট্যান্ড এলাকায় বেতন বৃদ্ধির দাবিতে শ্রমিকরা আন্দোলন করছিলেন। একপর্যায়ে আন্দোলনকারীদের সঙ্গে কিছু বহিরাগত যুক্ত হলে তারা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন। এ সময় পুলিশ বাধা দিলে উত্তেজনা ছড়িয়ে পড়ে। ওসি আরিফুর রহমান বলেন, "আন্দোলনকারীরা পুলিশ বক্স থেকে চেয়ার-টেবিল বের করে সড়কে ফেলে আগুন ধরিয়ে দিয়েছিলেন। পরে পুলিশ টিয়ারশেল নিক্ষেপ করে বিক্ষোভকারীদের সরিয়ে দিলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। আগুন নিয়ন্ত্রণে আনা হয়েছে এবং শ্রমিকদের সরিয়ে দেওয়া হয়েছে। বর্তমানে মহাসড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে"।

শ্রীপুরেও চলছে আন্দোলন : অন্যদিকে, শ্রীপুরে সকাল সাড়ে ৯টা থেকে শ্রমিকদের সঙ্গে পুলিশের ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। বাঘের বাজার, মেম্বারবাড়ী ও ভবানীপুর এলাকার কয়েকটি পোশাক কারখানা ছুটি ঘোষণা করলে শ্রমিকরা ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের বিভিন্ন স্থানে অবরোধের চেষ্টা করেন। এ সময় বাঘের বাজার এলাকায় পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করে দেয়। ছুটি ঘোষণা করা কারখানাগুলোর মধ্যে রয়েছে মেম্বারবাড়ী এলাকার সিক্কেন সুইং, ভবানীপুরের আর অ্যান্ড জি (বিডি) গার্মেন্টস কোম্পানি লিমিটেড, বাঘের বাজারের মন্ডল ইন্টিমেন্টস ও গোল্ডেন রিফিট গার্মেন্টস এবং নতুন বাজার এলাকার মেঘনা হাই ফ্যাশন। শ্রমিকরা ভবানীপুর থেকে মাওনা চৌরাস্তা পর্যন্ত মহাসড়কের বিভিন্ন স্থানে বিক্ষিপ্তভাবে অবস্থান নেওয়ার চেষ্টা করলে উভয় পাশে যান চলাচল ব্যাহত হয়। নতুন বাজার এলাকার পরমাণু কৃষি গবেষণা কেন্দ্রের সামনে শ্রমিকরা সড়কে উঠতে চাইলে পুলিশ ধাওয়া দিয়ে তাদের সরিয়ে দেয়। এতে ঢাকা অভিমুখী লেনে প্রায় আধাঘণ্টা যান চলাচল বন্ধ থাকে। পরে শ্রমিকরা গড়গড়িয়া মাস্টারবাড়ী এলাকার দিকে মিছিল নিয়ে যাওয়ার চেষ্টা করলে পুলিশ তাদের বাধা দেয়। শিরিরচালা এলাকায়ও শ্রমিকদের ছত্রভঙ্গ করতে সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করা হয়। প্রায় এক ঘণ্টা বিভিন্ন পর্যায়ে যান চলাচল বন্ধ থাকার পর পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হয়। আন্দোলনকারী শ্রমিকদের অভিযোগ, আশপাশের অনেক পোশাক কারখানা ছুটি ঘোষণা না করায় শ্রমিকদের মধ্যে বৈষম্য তৈরি হয়েছে। তাদের দাবি, বেতন বৃদ্ধির আন্দোলনে সব কারখানার শ্রমিকদের অংশগ্রহণ ও সমর্থন থাকা প্রয়োজন। কেউ সড়কে আন্দোলন করবেন, আর কেউ কারখানার ভেতরে কাজ করবেন- এ ধরনের পরিস্থিতি তারা মেনে নিতে রাজি নন।

এ কারণে অনেক শ্রমিক কারখানার ভেতরে কাজ বন্ধ রেখে অবস্থান করছেন বলেও জানান তারা। এদিকে, গাজীপুর মহানগরীর কোনাবাড়ী এলাকায় শ্রমিক মৃত্যুর গুজব ছড়িয়ে পড়লে নতুন করে উত্তেজনা দেখা দেয়। মঙ্গলবার সকাল থেকে ইসলাম ও রিপন গার্মেন্টসে এক শ্রমিকের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে শ্রমিকরা কাজে যোগ না দিয়ে বিক্ষোভ শুরু করেন। পরে ওই দুটি কারখানাসহ আশপাশের কয়েকটি কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়। সকাল পৌনে ১০টার দিকে শ্রমিকরা লাঠিসোঁটা হাতে আঞ্চলিক সড়কে অবস্থান নিয়ে অবরোধ করেন। পুলিশ তাদের বুঝিয়ে সড়ক থেকে সরানোর চেষ্টা করলে তারা উত্তেজিত হয়ে পড়েন। একপর্যায়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। এতে বিক্ষোভকারীরা ছত্রভঙ্গ হয়ে যান। বর্তমানে ওই এলাকায় থমথমে পরিবেশ বিরাজ করছে। কোনাবাড়ী থানার অফিসার ইনচার্জ (ওসি) ইফতেখার হোসেন বলেন, শ্রমিকরা সড়ক অবরোধের চেষ্টা করলে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে তাদের ছত্রভঙ্গ করে দেয়। এদিকে, গাজীপুর শিল্পাঞ্চলের বিভিন্ন স্থানে একের পর এক শ্রমিক বিক্ষোভ, সড়ক অবরোধ ও সংঘর্ষের ঘটনায় সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। তবে শিল্প পুলিশের পুলিশ সুপার আমজাদ হোসেনের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ না করায় সার্বিক পরিস্থিতি ও শ্রমিক আন্দোলনের বিষয়ে বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

৭ দফা দাবিতে আজ জামায়াতের

ইসলামীর পক্ষ থেকে সংশ্লিষ্ট নগরবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানাচ্ছি।

সমন্বিত সামাজিক আন্দোলনে

দুপুরে রাজধানীর গুলশানের একটি হোটেলে লেবার ফাউন্ডেশন (বিএলএফ) এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'ইনসেপশন অব দ্য প্রজেক্ট: রিডাকশন অব চাইল্ড লেবার ইন দ্য ইনফরমাল রেডি-মেড গার্মেন্ট (আরএমজি) সেক্টর অ্যাট কেরানীগঞ্জ উপজেলা অব ঢাকা ডিস্ট্রিক্ট, থ্রো আ হোলিস্টিক অ্যাপ্রোচ' শীর্ষক এই অনুষ্ঠান হয়। মাহদী আমিন বলেন, শিশুশ্রম নিরসনে প্রণীত পাঁচ বছর মেয়াদি জাতীয় কর্মপরিকল্পনা ইতোমধ্যে অনেক দূর এগিয়েছে এবং সবাইকে সাথে নিয়ে টেকসই ও বাস্তবসম্মত উপায়ে এর বাস্তবায়ন নিশ্চিত করা হবে। তবে কেবল শ্রমঘন এলাকাগুলোতে বিচ্ছিন্নভাবে কাজ করে শিশুশ্রম সম্পূর্ণ নির্মূল করা সম্ভব নয়। তিনি বলেন, কোনও পরিবার যেন শিশুশ্রমে উৎসাহিত না হয়, সেজন্য প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাকে ঢেলে সাজানো হচ্ছে। প্রাক-প্রাথমিক পর্যায় থেকেই মিড-ডে মিল, স্কুল ড্রেস, পাটের তৈরি স্কুল ব্যাগ ও জুতা প্রদানের কর্মসূচি হাতে নেওয়া হয়েছে এবং সরকারের পাঁচ বছরের মেয়াদের মধ্যেই প্রাথমিক বিদ্যালয়ের এক কোটিরও বেশি শিক্ষার্থীর কাছে এই সুবিধাগুলো পৌঁছে দেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। শ্রেণিকক্ষে থাকার বয়সী শিক্ষার্থীরা যেন কারখানায় চলে না যায়, সেজন্য শিক্ষাপ্রতিষ্ঠানমুখী একটি ইকোসিস্টেম গড়ে তোলার আহ্বান জানান প্রধানমন্ত্রীর উপদেষ্টা।

বাল্যবিবাহ প্রতিরোধের মতো শিশুশ্রম নিরসনেও বৃহত্তর সামাজিক আন্দোলন গড়ে তোলার পাশাপাশি শিক্ষকদের দক্ষতা বাড়িয়ে শিক্ষার গুণগত মান নিশ্চিত করার ওপর জোর দেন তিনি। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী, মানবাধিকার ও নারী অধিকার কর্মী অ্যাডভোকেট সালমা আলী, বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়ন ডেলিগেশনের হেড অব ইন্টারন্যাশনাল পার্টনারশিপস মিখাল ক্রেইজা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুর রহিম খান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কেন্দ্রীয় তহবিলের মহাপরিচালক ও অ্যাডউইব প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক আব্দুস সামাদ আল আজাদ, বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস) নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দীন আহমেদ, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের (বিইএফ) লেবার অ্যান্ড ওয়ার্কপ্লেস রিলেশনস অ্যাডভাইজার মাহফুজুর রহমান ভূঁইয়া, সোশ্যালিস্ট লেবার ফ্রন্টের (এসএলএফ) সভাপতি রাজেকুজ্জামান রতন প্রমুখ।

খুলনায় কয়েক ঘণ্টায় তিন

করে এক রাউন্ড গুলি ছোড়ে। গুলিটি রেস্টুরেন্টের ওপরের সাইনবোর্ডে লাগে। চাঁদাবাজদের ভয়ে এতদিন রেস্টুরেন্টটি বন্ধ ছিল বলে জানান তিনি। পুলিশের নিরাপত্তার আশ্বাসে মঙ্গলবার এটি চালু করা হয়েছে বলে তিনি জানতে পেরেছেন। ঘটনার সময় পুলিশের একটি দল ওই এলাকায় টহলে ছিল বলেও জানান ওসি।

বিমানবন্দরে পাখি ও বন্যপ্রাণীর ঝুঁকি

অবতরণ নিশ্চিত করা অপরিহার্য। সেক্ষেত্রে সাম্প্রতিক সময়ের বার্ড হিটের তথ্য যাচাইপূর্বক বিমানবন্দরে বন্যপ্রাণী ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। মন্ত্রী আরো বলেন, উদ্ভূত সমস্যা সমাধানে অত্যাধুনিক প্রযুক্তির এন্টি বার্ড কন্ট্রোল ইউনিট স্থাপনের মাধ্যমে বিমানবন্দরসমূহে পাখি নিয়ন্ত্রণ করতে হবে। এছাড়া প্রয়োজনীয় সংখ্যক বন্দুক ক্রয়ের ব্যবস্থা গ্রহণ এবং শূন্যপদে দ্রুত জনবল নিয়োগের জন্য কর্তৃপক্ষকে কাজ শুরু করার নির্দেশনা দেন মন্ত্রী। কমিটির উপস্থিত সদস্যবৃন্দের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, সেফ ফ্লাইজোন নিশ্চিতে সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসতে হবে। দ্রুত সমন্বয়ের সুবিধার্থে প্রতি তিনমাস অন্তর সভা আয়োজন করার নির্দেশ দেন মন্ত্রী। সভায় উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব ড. নূরুন্নাহার চৌধুরী, প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার গিয়াস উদ্দিন রিমন, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিকসহ ন্যাশনাল কমিটি ফর উইল ডিফাই হেজার্ড ম্যানেজমেন্ট এট দ্যা এয়ারপোর্ট অফ বাংলাদেশ'র সদস্যবৃন্দ।

ঢাকায় ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ

মেগাওয়াট পিক সৌরবিদ্যুৎ যুক্ত হয়েছে। যার মধ্যে ৭১টি সরকারি ভবনে প্রায় ৭ মেগাওয়াট পিক। আগামী বছর ফেব্রুয়ারির মধ্যে জেলায় আরও ৭১৪টি ভবনে প্রায় ১১৭ মেগাওয়াট পিক সৌরবিদ্যুৎ সংযুক্ত করার লক্ষ্য রয়েছে। যার ৫৯৬টি সরকারি ভবন। এ লক্ষ্য অর্জিত হলে জেলার সৌরবিদ্যুৎ ক্ষমতা প্রায় ২৭৯ মেগাওয়াট পিকে উন্নীত হবে এবং সরকারি ভবনে সৌরবিদ্যুতের ক্ষমতা প্রায় সাড়ে চার গুণ বাড়বে। তবে সোলার স্থাপিত ভবনের মাত্র এক হাজার ৬৮৬টিতে নেট মিটারিং সংযোগ থাকায় এ সংযোগ বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

বন্দরে ফের লাইটার

সম্পাদকীয়

বায়ুদূষণ প্রতিরোধে জরুরি পদক্ষেপ নিন

বাংলাদেশে সার্বিকভাবে পরিবেশ দূষণের কারণে মৃত্যুর সংখ্যা ক্রমবর্ধমান। বিশ্বের দূষিত বায়ুর শহর গুলোর মধ্যে ঢাকা অন্যতম। ধুলার কারণে এই দূষণের মাত্রা এখন আরও ভয়াবহ। মাত্রাতিরিক্ত ইটভাটা, যানবাহন, নির্মাণকাজ ও কলকারখানার ধোঁয়ার কারণে ঢাকা শহরের প্রায় দেড় কোটি মানুষ আসলে এক অবিশ্বাস্য বিষাক্ত গ্যাসের মাঝে বাস করছে। অবস্থা এমন পর্যায়ে পৌঁছিয়েছে যে, ঢাকার বায়ু দূষণমাত্রা কত এবং বায়ু দূষণমাত্রা কমানোর জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করতে হবে তা জরুরী ভিত্তিতে নির্ণয় করে সময়োপযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।

রাজধানীর বায়ু দূষণে অন্যতম ভূমিকা পালন করছে ঢাকার রাস্তায় চলাচলকারী অতিরিক্ত যানবাহন। ঢাকা শহরে প্রতিদিন গড়ে প্রায় তিন লাখ যান্ত্রিক যানবাহন চলাচল করে। নগরীতে চলাচলকারী গণপরিবহনের প্রায় সবগুলো বাস-মিনিবাস, প্রাইভেটকার, সিএনজি অটোরিক্সা, টেম্পোসহ অন্যান্য গাড়িসমূহ মেয়াদোত্তীর্ণ হয়ে পড়েছে, ফিটনেসবিহীন এই সকল গাড়ি থেকে নির্গত ধোঁয়া বায়ু দূষণের জন্য দায়ী। এছাড়া গাড়িতে ব্যবহারকারী ভেজাল ও নিম্নমানের জ্বালানীও দায়ী বায়ুদূষণে। অন্যদিকে মোটরযান চলাচলের প্রধান সড়কগুলো আবাসিক এলাকা সংলগ্ন হওয়ার কারনে এসব এলাকার লোকজন উচ্চহারে বায়ু দূষণের শিকার হচ্ছে।

> অপরিকল্পিতভাবে গ্যাস, বিদ্যুৎ, পানি, ড্রেনেজ এবং রাস্তাঘাট উন্নয়ন, মেরামত ও সংস্কার কার্যক্রমের আওতায় রাস্তা-ঘাট খোঁড়াখুঁড়ির পরিমান বৃদ্ধি পায়।

অপরিকল্পিতভাবে গ্যাস, বিদ্যুৎ, পানি, ড্রেনেজ এবং রাস্তাঘাট উন্নয়ন, মেরামত ও সংস্কার কার্যক্রমের আওতায় রাস্তা-ঘাট খোঁড়াখুঁড়ির পরিমান বৃদ্ধি পায়। মেট্রোরেলসহ অন্যান্য মেগাপ্রকল্পের জন্য রাস্তা ও আশেপাশের বিশাল এলাকা জুড়ে খোঁড়াখুড়ি, গ্যাস-পানি, বিদ্যুতের লাইন স্থাপনের সময় রাস্তা খোঁড়াখুড়ি, মাটি, বালি, ইটসহ নির্মাণসামগ্রী আচ্ছাদনহীন ট্রাকে করে শহরে পরিবহন করা, ড্রেন পরিস্কার করে রাস্তার পাশে স্তুপ করে রাখা, দোকান পাট ও গৃহস্থালীর আবর্জনা যেখানে সেখানে ফেলে রাখা, মেরামতহীন ভাংগাচোরা রাস্তায় যানবাহন চলাচল, পাকা ভবন নির্মাণের সময় মাটি, বালু, ইটসহ অন্যান্য নির্মাণ সামগ্রী রাস্তা-ফুটপাতে ফেলে রাখা, পুরাতন ভবন ভাঙ্গা, মেশিনে ইট ভাঙ্গা, যানবাহনের কালো ধোঁয়ার পাশাপাশি শিল্পপ্রতিষ্ঠানের বিষাক্ত কালো ধোঁয়া ধুলা ও বায়ু দূষণের অন্যতম উৎস। এসব উৎস থেকে বিপুল পরিমাণ ধুলা, বিষাক্ত ক্ষতিকারক গ্যাস ও ভারীধাতব কণা বাতাসে মিশে জনস্বাস্থ্য, পরিবেশ ও অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলছে। অনেক দেশ বায়ুদূষণকে গুরুত্ব দিয়ে যথাযথ প্রকল্প গ্রহণ করছে, এতে তারা সুফলও পেয়েছে। আমাদের দেশে বায়ুদূষণ রোধে বর্তমান সরকার যে পরিকল্পনাগুলো গ্রহণ করেছে সেগুলোর সুষ্ঠু বাস্তবায়ন জরুরি। নগরবাসীর স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করতে অচিরেই বায়ু দূষণের উৎসসমূহ বন্ধ করতে হবে। বায়ু দূষণের সাথে জড়িত দায়ী ব্যাক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। সর্বোপরি বায়ু দূষণের সকল উৎস বন্ধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।

মবের দিন শেষ হবে কবে?

২১ নভেম্বর শনিবার ছিল বিশ্ব টেলিভিশন দিবস। এদিন দুপুরেই রাজধানীর মহাখালীতে বৈশাখী টেলিভিশনের কার্যালয়ে মব সৃষ্টির অভিযোগ ওঠে স্বেচ্ছাসেবক দলের স্থানীয় কিছু নেতাকর্মীর বিরুদ্ধে। গণমাধ্যমের খবর বলছে, ভেতরে 'দোসর' রয়েছে আখ্যা দিয়ে এদিন বৈশাখী টেলিভিশন স্টেশনে ঢুকে মব সৃষ্টি করা হয়। তার আগে প্রতিষ্ঠানটির সামনে গিয়ে তারা 'একটা একটা লীগ ধর, ধইরা ধইরা জেলে ভর'; 'আওয়ামী লীগের আস্তানা, ভেঙে দাও গুঁড়িয়ে দাও'সহ নানা স্লোগান দেন স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীরা। পরে ঘটনাস্থলে গিয়ে পুলিশ প্রতিষ্ঠানটির উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) টিপু আলম মিলনকে হেফাজতে নেয়। এ সময় বনানী থানা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিশু গণমাধ্যমকে বলেন, আওয়ামী লীগের 'দোসর' ডিএমডি টিপু এদিন অফিসে এসে 'বিএনপিমনা সাংবাদিকদের' চাকরি ছেড়ে দিতে বলেন। বিষয়টি শুনতে পেরে তারা টেলিভিশনটির কার্যালয়ের সামনে গিয়ে অবস্থান নেন। বৈশাখী টেলিভিশনের কর্মীরা জানান, সেখানকার অনলাইন ও ডিজিটাল বিভাগের প্রধান হোসাইন মোহাম্মদ নাহিয়ানকে চাকরিচ্যুত করা নিয়ে ঘটনার সূত্রপাত।

প্রশ্ন হলো, কোনো টেলিভিশন চ্যানেল বা পত্রিকা অফিসে যদি আওয়ামী লীগ সমর্থক কোনো সাংবাদিক ও অন্য কোনো কর্মকর্তা থাকেন, তাকে ধরে পুলিশে দেয়ার দায়িত্ব কি স্বেচ্ছাসেবক দল বা ক্ষমতাসীন দলের নেতাকর্মীদের? প্রতিষ্ঠান যদি অন্যায়ভাবে কাউকে চাকরিচ্যুত করে, সেটির সালিশ বা বিচার করার দায়িত্ব কি কোনো রাজনৈতিক দলের? তাছাড়া কোনো গণমাধ্যমপ্রতিষ্ঠানে আওয়ামী সমর্থক সাংবাদিক বা কর্মী থাকতে পারবেন নাড়এই সিদ্ধান্ত কে দিয়েছে? আওয়ামী লীগের আমলে কি তৎকালীন ক্ষমতাসীন দলের নেতাকর্মীরা গণমাধ্যমপ্রতিষ্ঠানে ঢুকে বিএনপি-জামায়াতপন্থি সাংবাদিক বা কর্মকর্তাদের ওপর মব করেছেন বা পুলিশে দিয়েছেন? নাকি অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়েছে বলে এখন যে কাউকে আওয়ামী লীগের দোসর ট্যাগ দিয়ে তার ওপর মব করা, তাকে হেনস্থা করা বা তাকে পুলিশে দেয়া বৈধ?

বলা হচ্ছে, বৈশাখী টিভির ওই কর্মকর্তার বিরুদ্ধে জুলাই আন্দোলনের সময়ে সংঘটিত অপরাধের অভিযোগে মামলা আছে। জুলাই আন্দোলনে হত্যা ও হত্যার উসকানির অভিযোগে অসংখ্য সাংবাদিকের বিরুদ্ধে মামলা হয়েছে। এর অধিকাংশ মামলারই যে কোনো ভিত্তি নেই বা বিশ্বাসযোগ্যতা নেই, তা গত দুই বছরে প্রমাণিত হয়েছে। আওয়ামী লীগের আমলে অনেক সাংবাদিক সরকারি দলের সঙ্গে সম্পর্কের সুবাদে নানাবিধ বৈধ-অবৈধ সুবিধা নিয়েছেন, এটা ঠিক। কিন্তু তার অর্থ এই নয় যে, তারা কোনো হত্যাকাণ্ডের সঙ্গে যুক্ত বা তারা যেসব অপরাধ করেছেন সেগুলো হত্যার সমপর্যায়ের। সুতরাং, যার বিরুদ্ধে যেরকম অনিয়ম-দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ আছে, সেই ধরনের মামলা না দিয়ে হত্যা মামলায় গ্রেপ্তার করে মাসের পর মাস জেলখানায় রাখা বা হয়রানি করার মধ্য দিয়ে ন্যায়বিচারের সম্ভাবনাই তিরোহিত করা হয়েছে। যেসব সাংবাদিকের বিরুদ্ধে হত্যা মামলা দেয়া হয়েছে, সুষ্ঠু ও নিরপেক্ষ বিচার হলে তার একটিও প্রমাণ করা যাবে না। তারপরও তর্কের খাতিরে ধরে নেয়া যাক যে, তাদের বিরুদ্ধে আনীত অভিযাগ সত্য। কিন্তু তারপরও কি কোনো রাজনৈতিক দলের নেতাকর্মীদের এই এখতিয়ার আছে যে, তারা কোনো একটি গণমাধ্যমপ্রতিষ্ঠানে গিয়ে মব বা বিশৃঙ্খলা সৃষ্টি করবে, লোকজনকে হেনস্থা করবে এবং পুলিশের হাতে তুলে দেবে? আইনশৃঙ্খলা বাহিনীর কাজ যদি কোনো রাজনৈতিক বা অরাজনৈতিক সংগঠনের কর্মীরা করেন, তাহলে দেশে জনগণের ট্যাক্সের পয়সায় পুলিশ ও অন্যান্য বাহিনীকে বেতন দিয়ে রাখার কোনো অর্থ হয় না।

চব্বিশের জুলাই অভ্যুত্থানের পরপর এরকম মব সন্ত্রাস শুরু হয়। তখন অনেকে এগুলোকে অভ্যুত্থান-পরবর্তী র‍্যাপিড রিঅ্যাকশন বা তাৎক্ষণিক প্রতিক্রিয়া হিসেবে সাফাই গেয়েছিলেন। সরকারের প্রভাবশালীদের কেউ কেউ এটাকে প্রেশার গ্রুপ বলেও দাবি করেছিলেন। কিন্তু অন্তর্বর্তী সরকারের পুরো দেড় বছরজুড়ে যখন এই ধরনের মব চললো, তখন আর ঘটনাগুলো তাৎক্ষণিক প্রতিক্রিয়ার ভেতরে সীমাবদ্ধ থাকেনি। বরং অন্তর্বর্তী সরকারের আমলে মব মূলত প্রাতিষ্ঠানিক রূপ পায়। কেননা সরকারের একটি অংশ এই মব সন্ত্রাসে পরোক্ষভাবে ইন্ধন দিয়েছে বলে অভিযোগ ওঠে।

গত ১২ ফেব্রুয়ারির নির্বাচনের মধ্য দিয়ে বিএনপি সরকার গঠনের পরে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ যখন ঘোষণা করলেন যে, মব সন্ত্রাসের দিন শেষড়তখন মানুষ আশাবাদী হয়েছিল যে, হয়তো মবের দিন শেষ। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্যি, মব শেষ হয়নি। বরং অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, অন্তর্বর্তী সরকারের আমলে শুরু হওয়া মব সন্ত্রাস এখনই একইভাবে চলছে। তবে মবকারীদের রাজনৈতিক পরিচয় কিছুটা পরিবর্তন হয়েছে। অন্তর্বর্তী সরকারের আমলে মবের অভিযোগ এসেছে মূলত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, কিছু ধর্মীয় সংগঠন তথা তৌহিদী জনতার ব্যানারে, আর এখন মব হচ্ছে ক্ষমতাসীন দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের নেতৃত্বে। কিন্তু অন্তর্বর্তী সরকারের মব সহিংসতার লিগ্যাসি একটি গণতান্ত্রিক উপায়ে নির্বাচিত সরকারের আমলেও কেন অব্যাহত থাকবেড়সেটি বড় প্রশ্ন। সিপিবির কর্মী সভায় আওয়ামী লীগের দোসর আছে, এমন অজুহাত তুলে যুবদল নেতা নয়নের নেতৃত্বে মব সৃষ্টি এবং অনেককে পুলিশের হাতে তুলে দেয়া; সিপিবির মিছিলে 'জয় বাংলা' স্লোগান দেয়াকে কেন্দ্র করে পুনরায় সেখানে হামলা; সুপ্রিম কোর্টের আইনজীবী রাহেদুল ইসলাম রঞ্জুকে মারধর; রাজধানীর আজিমপুরে চার আওয়ামী লীগ কর্মীকে ধরে মারধর; সাবেক ছাত্রলীগ নেতা ও আইনজীবী মহিউদ্দিন আহমেদ রুদ্রকে আটকসহ নানা ঘটনায় বারবার নয়নের নাম এসেছে। এমনকি জাতীয় সংসদে তাকে গ্রেপ্তারের দাবি জানিয়ে জামায়াতের একজন সংসদ সদস্য বক্তব্যও দিয়েছেন। কিন্তু তারপরও এইধরনের তৎপরতা বন্ধ হয়নি বা মবের বিরুদ্ধে সরকারের তরফে সুস্পষ্ট কোনো বার্তা আসেনি। এমনকি স্বরাষ্ট্রমন্ত্রীও এইধরনের তৎপরতার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার কোনো ঘোষণা দেননি।

মূলত অভ্যুত্থানে আওয়ামী লীগের পতনের পর থেকেই বিভিন্ন স্থানে দলবদ্ধ হামলা, প্রতিশোধমূলক সহিংসতা ও আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা বাড়তে থাকে। বিভিন্ন স্থানে ক্ষমতাচ্যুত দলের নেতাকর্মী সন্দেহে কিংবা ধর্ম অবমাননার অভিযোগে একের পর এক মানুষ খুন; বিভিন্ন কল-কারখানায় ভাঙচুর-লুটপাট-আগুন; মাজারে হামল-ভাঙচুর এমনকি কবরে আগুন দেয়া এবং কবর থেকে লাশ তুলে পুড়িয়ে ফেলার মতো নৃশংস ঘটনা ঘটে। মানবাধিকার সংগঠনগুলো একাধিক প্রতিবেদনে এই পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ জানায়। এর ফলে সাধারণ মানুষের মধ্যে নিরাপত্তা ও ন্যায়বিচার নিয়ে আস্থার সংকট আরও প্রকট হয়ে ওঠে।

কারো বিরুদ্ধে সোশ্যাল মিডিয়ায় বা সামাজিক পরিসরে অভিযোগ তুলে তার ওপর দলবদ্ধ আক্রমণ চালানো হয়েছে। অথচ ওই অভিযোগের নিষ্পত্তি হয়নি বা কারো বিরুদ্ধে কোনো অভিযোগ থাকলে সেটি দেশের প্রচলিত আইনে বিচারের জন্য ছেড়ে না দিয়ে অনেকেই আইন নিজের হাতে তুলে নিয়েছেন। যে কারণে বিনা বিচারে হত্যা ও আক্রমণের এই ভয়াবহ প্রবণতা থেকে ছড়িয়ে পড়ে রাজধানী থেকে দেশের নানা প্রান্তে।

এটা বিশ্বাস করার যথেষ্ট কারণ রয়েছে যে, অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পরে যতগুলো বড় বড় মব হয়েছে, সরকার চাইলে খুব সহজেই এগুলো প্রতিহত করতে পারতো। বিশেষ করে সেনাবাহিনী যখন বিচারিক ক্ষমতাসহ মাঠে ছিল। কিন্তু এগুলো সরকার প্রতিহত করেনি।

> বিভিন্ন স্থানে ক্ষমতাচ্যুত দলের নেতাকর্মী সন্দেহে কিংবা ধর্ম অবমাননার অভিযোগে একের পর এক মানুষ খুন; বিভিন্ন কল-কারখানায় ভাঙচুর-লুটপাট-আগুন; মাজারে হামল-ভাঙচুর এমনকি কবরে আগুন দেয়া এবং কবর থেকে লাশ তুলে পুড়িয়ে ফেলার মতো নৃশংস ঘটনা ঘটে।

খোদ আদালত প্রাঙ্গণে অনেক আসামির ওপর হামলা হয়েছে। অনেক ঘটনায় খোদ আইনজীবীরা যুক্ত ছিলেন, এমন দৃশ্যও দেখা গেছে। অথচ একজন আসামির রাজনৈতিক পরিচয় বা তার অপরাধের মাত্রা যাই হোক না কেন, আদালত হচ্ছে নিরপেক্ষ জায়গা; সেখানে কারো ওপর হামলা চালানোর সুযোগ নেই।

দুর্ভাগ্যজনক হলেও সত্যি যে, এরকম অনাকাঙ্ক্ষিত ঘটনা নির্বাচিত সরকারের আমলেও ঘটছে। উদ্বেগটা সেখানেই যে, যেসব কারণে মানুষ একটি দ্রুত নির্বাচনের মধ্য দিয়ে গণতান্ত্রিক সরকার দেখতে চেয়েছিল, তার অন্যতম ছিল মব সন্ত্রাসের অবসান। কিন্তু নির্বাচিত সরকারের আমলেও অনির্বাচিত অন্তর্বর্তী আমলের মতো মানুষ পিটিয়ে হত্যা, মানুষের বাড়িঘর ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা-ভাঙচুর-আগুন এমনকি গণমাধ্যমপ্রতিষ্ঠানে মব ও দখল চলতে থাকলে সেটি মানুষের প্রত্যাশায় বড় ধরনের ধাক্কা দেয়। মানুষের মনে তখন এই প্রশ্ন জাগতে পারে যে, দেশে এখনও অন্তর্বর্তী শাসনই চলছে কি না?



ছোট জায়গায় কাজের বড় সুবিধা, লেনোভো এ১০ অল-ইন-ওয়ান পিসি কী

তথ্য প্রযুক্তি ডেস্ক :
ডেস্কটপ কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে আলাদা মনিটর, সিপিইউ, কিবোর্ড ও মাউস রাখার কারণে কর্মক্ষেত্রে জায়গার প্রয়োজন হয়। এ সমস্যা কিছুটা কমাতে পারে অল-ইন-ওয়ান কম্পিউটার। মনিটর ও কম্পিউটারের মূল হার্ডওয়্যার একই কাঠামোর মধ্যে থাকায় ডেস্কে কম জায়গা লাগে, পাশাপাশি কর্মপরিবেশও থাকে পরিপাটি। বাংলাদেশের বাজারে এমনই একটি অল-ইন-ওয়ান কম্পিউটার এনেছে গ্লোবাল ব্র্যান্ড পিএলসি। লেনোভোর এ১০ অল-ইন-ওয়ান পিসি (এফ০জেএন০০৪পিএলকে) মডেলটি তৈরি করা হয়েছে দৈনন্দিন অফিসের কাজ, ওয়েব ব্রাউজিং, অনলাইন যোগাযোগ ও সাধারণ কম্পিউটিংয়ের কথা মাথায় রেখে।

দৈনন্দিন কাজের জন্য প্রসেসর ও মেমোরি :
লেনোভো এ১০-এ রয়েছে ইন্টেল এন১০০ প্রসেসর। চার কোর ও চার থ্রেডের এই প্রসেসরের সর্বোচ্চ টার্বো গতি ৩ দশমিক ৪ গিগাহার্জ। ফলে অফিস অ্যাপ্লিকেশন ব্যবহার, ওয়েব ব্রাউজিং, নথি তৈরি, অনলাইন যোগাযোগ এবং একসঙ্গে একাধিক সাধারণ কাজ করার ক্ষেত্রে প্রয়োজনীয় পারফরম্যান্স পাওয়া যাবে। কম্পিউটারটিতে রয়েছে ৮ গিগাবাইট ডিডিআর৫ র‍্যাম। সংরক্ষণ ব্যবস্থার জন্য দেওয়া হয়েছে ৫১২ গিগাবাইট পিসিআই-ই ৪.০ এনভিএমই এসএসডি। দ্রুত চালু হওয়া, অ্যাপ্লিকেশন খোলার সময় কমানো এবং ফাইল সংরক্ষণে এসএসডিটি ভূমিকা রাখবে। গ্রাফিকসের জন্য রয়েছে প্রসেসরের সঙ্গে থাকা ইন্টেল ইউএইচডি গ্রাফিকস। এটি আলাদা গ্রাফিকস কার্ডের বিকল্প নয়; তবে অফিসের সাধারণ কাজ, ভিডিও দেখা এবং দৈনন্দিন গ্রাফিকস ব্যবহারের জন্য যথেষ্ট।

২৩ দশমিক ৮ ইঞ্চির পর্দা :
অল-ইন-ওয়ান কম্পিউটারের অন্যতম আকর্ষণ এর পর্দা। লেনোভো এ১০-এ রয়েছে ২৩ দশমিক ৮ ইঞ্চির পূর্ণ উচ্চ-সংজ্ঞার আইপিএস ডিসপ্লে। এর রেজল্যুশন ১৯২০দ্ধ১০৮০ পিক্সেল। ডিসপ্লেটির উজ্জ্বলতা ২৫০ নিটস এবং রঙের পরিসর ৯৯ শতাংশ এসআরজিবি। ফলে অফিসের নথি, ওয়েবসাইট, ছবি ও ভিডিও দেখার ক্ষেত্রে পরিষ্কার ও স্বাভাবিক রং পাওয়ার কথা।

ভিডিও কলের জন্য ক্যামেরা ও মাইক্রোফোন :
অনলাইন মিটিং ও ক্লাসের কথা মাথায় রেখে এতে রয়েছে ৫ মেগাপিক্সেলের ওয়েবক্যাম। ক্যামেরার সঙ্গে রয়েছে গোপনীয়তা রক্ষার জন্য প্রাইভেসি শাটার। ফলে প্রয়োজন না থাকলে ক্যামেরার লেন্স ঢেকে রাখা যাবে। এতে আরও রয়েছে দুটি মাইক্রোফোন এবং ২ ওয়াট করে দুটি স্টেরিও স্পিকার। ভিডিও কল, অনলাইন ক্লাস ও ভার্চুয়াল মিটিংয়ের পাশাপাশি সাধারণ মাল্টিমিডিয়া ব্যবহারের জন্য এগুলো কাজে আসবে।

প্রয়োজনীয় সংযোগ সুবিধা :
তারহীন সংযোগের জন্য কম্পিউটারটিতে রয়েছে ওয়াই-ফাই ৬ ও ব্লুটুথ ৫.২। পাশাপাশি বিভিন্ন আনুষঙ্গিক যন্ত্র সংযোগের জন্য রয়েছে ইউএসবি পোর্ট। কম্পিউটারের সঙ্গে কিবোর্ড ও মাউসও দেওয়া হচ্ছে। ফলে আলাদা করে এসব আনুষঙ্গিক যন্ত্র কেনার প্রয়োজন নেই।

যেসব কাজে ব্যবহার করা যাবে :
কম্প্যাক্ট নকশা ও মাঝারি মাত্রার কম্পিউটিং সক্ষমতার কারণে লেনোভো এ১০ মূলত সাধারণ অফিস ও প্রাতিষ্ঠানিক কাজের জন্য উপযোগী। ব্যাংকিং, হাসপাতাল, করপোরেট প্রতিষ্ঠান, পোশাক কারখানা, স্কুল, ওষুধ কোম্পানি, শপিং মল, সুপারশপের বিলিং কাউন্টার কিংবা বাসায় দৈনন্দিন কাজের জন্য এটি ব্যবহার করা যেতে পারে। তবে এটি মূলত সাধারণ কম্পিউটিংয়ের জন্য তৈরি। উচ্চক্ষমতার ভিডিও এডিটিং, ত্রিমাত্রিক নকশা, ভারী গ্রাফিকসের কাজ কিংবা আধুনিক উচ্চক্ষমতার গেম চালানোর জন্য আলাদা শক্তিশালী কম্পিউটার প্রয়োজন হবে।

দাম ও ওয়ারেন্টি :
ক্লাউড গ্রে রঙের লেনোভো এ১০ অল-ইন-ওয়ান পিসিটির সঙ্গে রয়েছে এক বছরের ওয়ারেন্টি। শীতকালীন বিশেষ অফারে এর দাম ৬৫ হাজার টাকা থেকে কমিয়ে ৬১ হাজার ৬৯৯ টাকা নির্ধারণ করা হয়েছে। পণ্যটি গ্লোবাল ব্র্যান্ড পিএলসির অনলাইন স্টোর, নিকটস্থ শাখা ও অনুমোদিত ডিলারদের কাছ থেকে সংগ্রহ করা যাবে।

অল-ইন-ওয়ান পিসি কী?
অল-ইন-ওয়ান পিসি হলো এমন এক ধরনের ডেস্কটপ কম্পিউটার, যেখানে মনিটর ও কম্পিউটারের মূল যন্ত্রাংশ একই কাঠামোর মধ্যে যুক্ত থাকে। প্রচলিত ডেস্কটপ কম্পিউটারের মতো আলাদা সিপিইউ বা টাওয়ার রাখার প্রয়োজন হয় না। এতে ডেস্কে জায়গা কম লাগে, তারের ব্যবহার কমে এবং কর্মক্ষেত্র থাকে পরিপাটি। সাধারণত এর সঙ্গে কিবোর্ড ও মাউস ব্যবহার করতে হয়।

নীতি আলোচনা

খেলাপি ঋণ: বাস্তবতা ও কতিপয় সুপারিশ

কোনো কোনো ক্ষেত্রে দেখা যায়, ব্যাংকের কাছে সম্পত্তি বন্ধক রাখার পর গ্রাহক বা জমির মালিক ভুয়া দলির তৈরি করে গোপনে সেই সম্পত্তি অন্যের কাছে বিক্রি করে দেয়। আবার অনেক সময় নতুন কেনা সম্পত্তি বন্ধক গ্রহণ করেও ব্যাংক ঋণ দিয়ে থাকে। পৃথিবীর সব দেশকে পেছনে ফেলে বাংলাদেশের খেলাপি ঋণের হার দ্রুতগতিতে সর্বোচ্চ অবস্থানে পৌঁছে গেলেও সে কলঙ্কজনক অবস্থান থেকে নেমে আসার পথটা বন্ধুর ও দুর্গম। সে পথকে সুগম করতে দরকার হবে সদিচ্ছা ও আইনের সংস্কার ও কঠোর প্রয়োগ। খেলাপি ঋণ কমানোর জন্য করণীয় বিষয়গুলো নিয়ে বিভিন্ন মহলে আলোচনা হয়, এ অবস্থা থেকে উত্তরণের পথ নিয়ে বহু নসিহত শুনতে হয় ব্যাংকারদের। এসব নসিহতের সারমর্ম হলো: ব্যাংকগুলোর মধ্যে সুশাসন প্রতিষ্ঠা করা, ঋণখেলাপিকে রাজনৈতিক সুরক্ষা দেয়া বন্ধ করা, অর্থ ঋণ আদালত আইনকে আরো কঠোর করা এবং প্রয়োজনীয় সংস্কার করা। পরামর্শগুলো যথার্থ হলেও মূলত তাত্ত্বিক। তবে ব্যাংকের মাঠ পর্যায়ের অভিজ্ঞতায় দেখা যায়, আরো কিছু সমস্যার সুরাহা না করলে কেবল তাত্ত্বিক সমাধান থেকে ফলোদয় হবে না।

এ সমস্যার মধ্যে অন্যতম হচ্ছে ঋণের বিপরীতে বন্ধক রাখা জমি বিক্রি করা। এ লেখকের দীর্ঘ চার দশকের অভিজ্ঞতায় খেলাপি ঋণ আদায়ের জন্য বন্ধকি সম্পত্তি বিক্রির সফলতা ১ শতাংশেরও কম। চারদলীয় জোট ও বিএনপি সরকার ক্ষমতায় থাকাকালীন সময়ে খেলাপি ঋণের লাগাম টেনে ধরার জন্য প্রবর্তন করা হয়েছিল অর্থ ঋণ আদালত আইন-২০০৩। তখনকার সরকারের সদিচ্ছায় একটা নতুন আইন হয়েছিল, অথচ আইনটি বহাল থাকা অবস্থায়ও বিগত বছরগুলোতে দেশের ব্যাংক খাতের অনেক বড় সর্বনাশ ঘটে গেছে। অবশ্য এখানে অর্থ ঋণ আদালত আইনের কোনো ভূমিকা ছিল না। তবে আইন প্রণয়নের দুই দশক পেরিয়ে যাওয়ার পর আইনটিকে পর্যালোচনা করে খাতসংশ্লিষ্টদের পরামর্শ নিয়ে প্রয়োজনীয় সংশোধনী ও সংযোজনী আনা প্রয়োজন জরুরি হয়ে পড়েছে।

এ আইনের ১২(৩) ধারা ব্যাংকারদের জন্য হতে পারত অত্যন্ত কার্যকর একটি হাতিয়ার। এ ধারায় খেলাপি ঋণের বিপরীতে বন্ধকি সম্পত্তি বিক্রি করা কিংবা বিক্রির চেষ্টা ব্যর্থ হওয়ার আগে অর্থ ঋণ আদালতে কোনো মামলা দায়ের করতে হয় না। অথচ ঋণখেলাপি হলে জমি বিক্রি করে দেয়ার জন্য বন্ধকদাতার দেয়া অপ্রত্যাহারযোগ্য আম মোক্তারনামা থাকলেও ব্যাংক খুব কম ক্ষেত্রেই এ ধারার সুফল পায়। কারণ একাধিক। কখনো স্থানীয়ভাবে প্রভাবশালী এমন মানুষের সম্পত্তি বন্ধক রাখা হয়, যা কেনার মতো সাহসী ক্রেতা পাওয়া যায় না। আবার কিছু সম্পত্তির আয়তন এত বড় যে এলাকাভেদে সেই বিশাল সম্পত্তি স্থানীয় কোনো শিল্প-কারখানা বা বাণিজ্যিক ব্যবহারে আসে না, তাই কোনো ক্রেতা আগ্রহী হয় না। বেশির ভাগ ক্ষেত্রে সম্পত্তির অতিমূল্যায়ন করে যে ঋণ দেয়া হয়েছে, নিলামে সে সম্পত্তির ক্রেতা পাওয়া গেলেও বকেয়া ঋণের তুলনায় নিলাম মূল্য নগণ্য প্রতীয়মান হয় বলে ব্যাংকের কাছে সেই মূল্য গ্রহণযোগ্য হয় না। আবার এমন পরিস্থিতিও আছে, যখন সম্পত্তির মালিকানা ও বিক্রি নিরঙ্কুশ, ঋণ পরিশোধের মতো পর্যাপ্ত নিলাম মূল্যও পাওয়া গেছে, কিন্তু ব্যাংক সিদ্ধান্ত নিতে ভয় পেয়ে নিলাম দর গ্রহণ করে না। কারণ ঋণগ্রহীতা বা বন্ধকি জমির মালিক অভিযোগ করতে পারে যে ব্যাংকার ও নিলাম ক্রেতা পরস্পর যোগসাজশে বাজারমূল্যের চেয়ে অনেক কম মূল্যে এ বন্ধকি সম্পত্তি বিক্রয় করে দিচ্ছে। এক্ষেত্রে ব্যাংকের কর্মকর্তারা বিপদে পড়ে যেতে পারেন।

অর্থ ঋণ আদালত আইনের ৩৩(৭) ধারায় একটা বিধান রয়েছে যে জারি মামলার মাধ্যমে বন্ধকি সম্পত্তি নিলামে বিক্রয় করা সম্ভব না হলে ব্যাংক সেই সম্পত্তি নিজের নামে অধিগ্রহণ করে নিতে পারে। আদালতের মাধ্যমে ব্যাংক যখন নিজের পক্ষে নামজারি করতে যায়, তখন খেলাপি গ্রাহক এ কার্যক্রমে স্থগিতাদেশ চেয়ে রিট পিটিশন দাখিল করে ব্যাংককে দীর্ঘ সময় আটকে রাখতে পারেন।

আবার কোনো কোনো ক্ষেত্রে ব্যাংকের নামে নামজারি করাতে গিয়ে দেখা যায়, কয়েক দফা মালিকানা পরিবর্তনের পর বর্তমান বন্ধকদাতার মালিকানায় সম্পত্তির নামজারি হয়েছিল, সরকারি ভূমি অফিসের বালাম বই, খাজনার রসিদ সবই ঠিক ছিল বলে ব্যাংক জমি বন্ধক গ্রহণ করেছিল। কিন্তু ব্যাংক যখন সেই সম্পত্তি নিজের পক্ষে নামজারি করতে যায়, তখন মালিকানা স্বত্বের ত্রুটির অজুহাতে ব্যাংকের পক্ষে নামজারি আটকে দেয়া হয়। এতে করে ঋণ আদায় প্রক্রিয়ার শেষ ধাপে এসে ব্যাংক আটকে যায়।

কোনো কোনো ক্ষেত্রে দেখা যায়, ব্যাংকের কাছে সম্পত্তি বন্ধক রাখার পর গ্রাহক বা জমির মালিক ভুয়া দলির তৈরি করে গোপনে সেই সম্পত্তি অন্যের কাছে বিক্রি করে দেয়। আবার অনেক সময় নতুন কেনা সম্পত্তি বন্ধক গ্রহণ করেও ব্যাংক ঋণ দিয়ে থাকে।

সাধারণত নতুন কেনা সম্পত্তির মূল দলিল তৈরি হতে অবস্থানভেদে তিন থেকে পাঁচ বছর পর্যন্ত লেগে যায়। এ রকম অবস্থায় ব্যাংক মূল দলিলের বদলে সম্পাদিত বিক্রয় দলিলের টোকেন বা রশিদের বিপরীতে বন্ধক গ্রহণ করে। কিন্তু পরে কোনো একসময় দেখা যায়, বন্ধকদাতা টোকেন হারিয়ে গেছে মর্মে থানায় দাখিল করা জিডি কপি দেখিয়ে মূল দলিল সাবরেজিস্ট্রার অফিস থেকে তুলে নিয়ে যায়। তারপর সে সম্পত্তি অন্যজনের কাছে বিক্রি করে দিয়ে বিদেশে পালিয়ে যায়।

জমিটি যথানিয়মে নতুন মালিকের নামে নামজারিও হয়ে যায়। এক্ষেত্রে ব্যাংক আগে বন্ধক গ্রহণ করেছিল বলে আইনি সুরক্ষা পায় বটে, তবে সেটা মামলা দায়ের করার দীর্ঘকাল পরে। বিদেশে না পালিয়ে যারা দেশে থেকে যায়, তাদের বিরুদ্ধে দণ্ডবিধির ৪০৬/৪২০ ধারায় মামলা করে বন্ধকদাতাকে শাস্তির আওতায় আনা ব্যাংকের জন্য আরেকটি দুরূহ কাজ হয়ে দাঁড়ায়। ফলে যিনি সে সম্পত্তি কিনেছেন তিনিও ক্ষতিগ্রস্ত হন। ভূমি ব্যবস্থাপনায় এ বড় ত্রুটিগুলোর কারণে ব্যাংক বিশাল ঝুঁকির মধ্যে থাকে।

ব্যাংকগুলোর বর্তমান খেলাপি ঋণের একটা বড় অংশের কারণ ভূমি ব্যবস্থাপনার এসব অসংগতি। অথচ প্রয়োজনীয় উদ্যোগের মাধ্যমে এ ত্রুটিগুলো দূর করা সম্ভব।

ভূমি প্রশাসনের এসব দুর্বলতার সঙ্গে যুক্ত হয় অর্

গাজায় ইসরাইলি হামলা ও গুলিতে নিহত ৪

গাজার বেসামরিক প্রতিরক্ষা সংস্থার মুখপাত্র মাহমুদ বাসাল জানান, গাঁজা সিটির তাল আল-হাওয়া এলাকায় বাস্তুচ্যুত মানুষের জন্য খাদ্য বহনকারী একটি গাড়িতে ইসরাইলি ড্রোন হামলায় তিনজন নিহত এবং বেশ কয়েকজন আহত হয়েছেন। আল-শিফা হাসপাতাল জানায়, ওই ঘটনায় নিহত এক ব্যক্তির মরদেহও তারা গ্রহণ করেছে।



আন্তর্জাতিক ডেস্ক :

ফিলিস্তিনের গাঁজা উপত্যকায় শনিবার ইসরাইলি হামলা ও গুলিতে চারজন নিহত হয়েছেন। তাদের মধ্যে তিনজন খাদ্যসহায়তা বহনকারী একটি গাড়িতে ইসরাইলি ড্রোন হামলায় প্রাণ হারান। গাঁজা সিটির আল-শিফা হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, হামলার পর তিনজন পুরুষের মরদেহ হাসপাতালে নেওয়া হয়েছে। গাজার বেসামরিক প্রতিরক্ষা সংস্থার মুখপাত্র মাহমুদ বাসাল জানান, গাঁজা সিটির তাল আল-হাওয়া এলাকায় বাস্তুচ্যুত মানুষের জন্য খাদ্য বহনকারী একটি গাড়িতে ইসরাইলি ড্রোন হামলায় তিনজন নিহত এবং বেশ কয়েকজন আহত হয়েছেন। আল-শিফা হাসপাতাল জানায়, ওই ঘটনায় নিহত এক ব্যক্তির মরদেহও তারা গ্রহণ করেছে।

হামাসের কর্তৃত্বাধীন উদ্ধারকারী সংস্থা বেসামরিক প্রতিরক্ষা বাহিনী আরও জানায়, উত্তর গাজার জাবালিয়া আল-বালাদ এলাকায় ইসরাইলি সেনাদের গুলিতে একজন নিহত হয়েছেন। গাঁজা সিটি থেকে বার্তা সংস্থা এএফপি এ খবর জানিয়েছে। এ ঘটনা সম্পর্কে মন্তব্য জানতে এএফপি ইসরাইলি সামরিক বাহিনীর সঙ্গে যোগাযোগ করলেও তাৎক্ষণিকভাবে কোনো জবাব পাওয়া যায়নি। ২০২৫ সালের অক্টোবরে কার্যকর হওয়া যুদ্ধবিরতি লঙ্ঘনের জন্য ইসরাইল ও হামাস নিয়মিত পরস্পরকে দোষারোপ করে আসছে। ২০২৩ সালের ৭ অক্টোবর ফিলিস্তিনের ইসলামপন্থী সংগঠন হামাসের নজিরবিহীন হামলার মধ্য দিয়ে ইসরাইলের সঙ্গে দুই বছরব্যাপী যুদ্ধ শুরু হয়। ঘটনাস্থলে তোলা এএফপির ছবিতে দেখা যায়, বিস্ফোরণে একটি ভ্যানের ব্যাপক ক্ষতি হয়েছে। গাড়ির ভেতরে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে খাবার। ইসরাইলি সামরিক বাহিনী এএফপিকে জানায়, তারা ওই এলাকায় 'বেশ কয়েকজন সামরিক অভিযানে জড়িত ব্যক্তিকে' লক্ষ্য করে হামলা চালিয়েছে। তবে এ বিষয়ে বিস্তারিত কিছু জানায়নি। এদিকে, শনিবার মধ্য গাজার বিভিন্ন স্থান থেকে ফিলিস্তিনিরা বুরেইজ শরণার্থীশিবিরের দক্ষিণ-পশ্চিমে আগের দিন বিমান হামলায় নিহত চারজনের জানাজায় অংশ নিতে জড়ো হন। ওই হামলার বিষয়ে ইসরাইলি সামরিক বাহিনী জানায়, গাজার মধ্যাঞ্চলে বেসামরিক ইসরাইলি নাগরিক ও ইসরাইলি প্রতিরক্ষা বাহিনীর (আইডিএফ) সদস্যদের ওপর সন্ত্রাসী হামলার পরিকল্পনা নিয়ে বৈঠক করার সময় হামাসের সামরিক শাখার 'বেশ কয়েকজন সন্ত্রাসীকে' লক্ষ্য করে তারা হামলা চালিয়েছে।

ইন্দোনেশিয়ায় মিষ্টি তৈরির কারখানায় আগুনে নিহত ৩, নিখোঁজ ৩৬

আন্তর্জাতিক ডেস্ক :

ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তার পশ্চিমে একটি মিষ্টি তৈরির কারখানায় অগ্নিকাণ্ডে তিনজন নিহত ও চারজন আহত হয়েছে। নিখোঁজ রয়েছে আরও ৩৬ জন। তাদের উদ্ধারে গতকাল রোববার উদ্ধার অভিযান চালিয়ে যাচ্ছেন দেশটির উদ্ধারকর্মীরা। স্থানীয় অনুসন্ধান ও উদ্ধার সংস্থার এক বিবৃতিতে জানানো হয়েছে, গত শনিবার বিকেলে জাকার্তা থেকে প্রায় ৫০ কিলোমিটার দূরে সেরাং জেলায় অবস্থিত 'ফোনুসা আগুং মুলিয়া' কারখানায় এই আগুন লাগে। রাতে টেলিভিশনে প্রচারিত ফুটেজে দেখা গেছে, কারখানাটির বিভিন্ন অংশে দাউদাউ করে আগুন জ্বলছে এবং ছাদের কিছু অংশ ধসে পড়েছে। উদ্ধারকারী কর্মকর্তা রিজকি দ্বিয়ান্তো বার্তা সংস্থা এএফপিকে জানান, গতকাল রোববারও কারখানাটির কিছু অংশে আগুন জ্বলতে থাকায় নিখোঁজদের উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে। এদিকে স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থা সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে দেওয়া এক পোস্টে জানিয়েছে, অগ্নিকাণ্ডের কারণ জানতে এখনও তদন্ত চলছে।

নাইজেরিয়ায় শেষকৃত্যে যাওয়ার পথে নৌকাডুবি, ২৪ জনের মৃত্যু

আন্তর্জাতিক ডেস্ক :

নাইজেরিয়ার দক্ষিণাঞ্চলে শেষকৃত্য অনুষ্ঠানে যোগ দিতে যাওয়ার পথে একটি নৌকা ডুবে অন্তত ২৪ জনের মৃত্যু হয়েছে। গতকাল রোববার দেশটির জরুরি সেবা সংস্থার বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা এপি। নাইজেরিয়ার জাতীয় জরুরি ব্যবস্থাপনা সংস্থার মুখপাত্র মানজো এজেকি এক বিবৃতিতে বলেন, শুক্রবার দেশটির দক্ষিণাঞ্চলীয় বায়েলসা রাজ্যে একটি এলাকা থেকে অন্য এলাকায় শেষকৃত্যে অংশ নিতে যাত্রীদের নিয়ে যাওয়ার সময় নৌকাটি ডুবে যায়। নিখোঁজদের সংখ্যা নির্দিষ্ট করে না জানালেও তিনি বলেন, ঘটনাস্থলে অনুসন্ধান ও উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে। এর আগে শুক্রবার পুলিশের মুখপাত্র মুসা মোহাম্মদ জানিয়েছিলেন, এ ঘটনায় আরও ২৪ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে এবং তাদের চিকিৎসার ব্যবস্থা নেওয়া হয়েছে। তবে নৌকাটিতে ঠিক কতজন যাত্রী ছিলেন, সে বিষয়ে কর্তৃপক্ষ এখনও কিছু জানায়নি। মুসা মোহাম্মদ বলেন, প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী নৌকাটিতে যান্ত্রিক ত্রুটি দেখা দিয়েছিল। যাত্রীরা নৌকার চালককে তীরের দিকে নিতে অনুরোধ করলেও তিনি তা শোনেননি বলে অভিযোগ রয়েছে।

এআই দিয়ে পরীক্ষায় জালিয়াতি, গদি ছাড়লেন দক্ষিণ কোরিয়ার শিক্ষামন্ত্রী

আন্তর্জাতিক ডেস্ক :

এআই ব্যবহার করে পরীক্ষায় জালিয়াতির ঘটনায় জনরোষের মুখে পদত্যাগ করেছেন দক্ষিণ কোরিয়ার শিক্ষামন্ত্রী চোই কিয়ো-জিন। রবিবার তার পদত্যাগপত্র গ্রহণ করেছেন প্রেসিডেন্ট লি জে মিয়ং। ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান এ খবর জানিয়েছে। গতকাল রোববার জাতীয় পর্যায়ের কর হিসাবরক্ষক পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পাওয়া এক পরীক্ষার্থী ক্ষুদ্র ক্যামেরা ও স্মার্টফোন ব্যবহার করে জালিয়াতির কথা স্বীকার করেন। দেশটির গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা 'সুনুং'-এর মাত্র চার দিন আগে এ ঘটনা প্রকাশ্যে আসে। এরপর পরীক্ষায় জালিয়াতি ঠেকাতে পরীক্ষাকেন্দ্রে পাবলিক ওয়াই-ফাই বন্ধসহ নানা পদক্ষেপ নেয় সরকার। তবে এসব ব্যবস্থা নিতে দেরি হওয়ায় সমালোচনার মুখে পড়েন শিক্ষামন্ত্রী। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া পোস্টে পদত্যাগের ঘোষণা দিয়ে চোই বলেন, 'পরীক্ষা শেষ হয়েছে। আমি এর সম্পূর্ণ দায়ভার নিচ্ছি এবং পদত্যাগ করছি'। এর আগে পার্লামেন্টের শুনানিতে পরীক্ষার দিন জালিয়াতি শনাক্তে কর্তৃপক্ষ সক্ষম কি না, এমন প্রশ্নে ৭২ বছর বয়সী চোই বলেছিলেন, বয়সের কারণে তিনি আত্মবিশ্বাসী নন। তার এ মন্তব্যে জনমনে ক্ষোভ তৈরি হয়। সুনুং পরীক্ষা নির্বিঘ্নে আয়োজন করতে দক্ষিণ কোরিয়ায় কঠোর ব্যবস্থা নেওয়া হয়। পরীক্ষার সময় স্মার্ট ডিভাইস বন্ধ করে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়।



মেক্সিকো

সেনা অভিযানের পর গোলাগুলি ও সহিংসতা

মোস্ট ওয়ান্টেড মাদকসম্রাট 'এল চাপো ইসিদ্রো' গ্রেপ্তার

আন্তর্জাতিক ডেস্ক :

মেক্সিকোয় মোস্ট ওয়ান্টেড মাদকসম্রাটদের অন্যতম এল চাপো ইসিদ্রোকে গ্রেপ্তার করেছে দেশটির সেনাবাহিনী। তাঁর মূল নাম ফাউস্তো ইসিদ্রো মেজা ফ্লোরেস। তবে এল চাপো ইসিদ্রো নামে পরিচিত তিনি। ইসিদ্রোকে গ্রেপ্তারের সময় মাদক পাচারকারী সংগঠনের আরও দুই নেতাকেও গ্রেপ্তার করা হয়েছে।

শুক্রবার রাতে মেক্সিকোর সিনালোয়া রাজ্যে বড় ধরনের অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করা হয়। আজ শনিবার সকালে দেশটির নিরাপত্তাপ্রধান এ তথ্য জানিয়েছেন।

এল চাপো ইসিদ্রো যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় তদন্ত সংস্থা এফবিআইয়ের মোস্ট ওয়ান্টেড ১০ পলাতক আসামির একজন। মার্কিন পররাষ্ট্র দপ্তরের তথ্য অনুযায়ী, ২০ বছরের বেশি সময় ধরে তিনি ও তাঁর অপরাধী সংগঠন বিপুল পরিমাণ হেরোইন, মেথামফেটামিন, কোকেন ও গাঁজা যুক্তরাষ্ট্রে পাচার করে আসছিলেন। ইসিদ্রোকে 'বেলত্রান লেইভা' মাদক চক্রের অন্যতম নেতা হিসেবে বিবেচনা করা হতো। বিভিন্ন প্রতিবেদন অনুযায়ী, এই চক্র শক্তিশালী সিনালোয়া কার্টেলের 'লস মায়োস' গোষ্ঠীর সঙ্গে জোট বেঁধেছিল। **অভিযানের পর সহিংসতা :** শুক্রবার রাতের সামরিক অভিযানের জেরে সিনালোয়া রাজ্যে ব্যাপক সহিংসতা ছড়িয়ে পড়ে।



ফিচার



ছবি থেকে ভিডিও তৈরি করে দেবে জেমিনি চ্যাটবট

প্রযুক্তি ডেস্ক

নিজেদের তৈরি কৃত্রিম বুদ্ধিমত্তানির্ভর (এআই) জেমিনি চ্যাটবটে ছবি থেকে সরাসরি ভিডিও তৈরির নতুন সুবিধা যুক্ত করেছে গুগল। এর ফলে জেমিনি চ্যাটবটের মাধ্যমে সহজেই যেকোনো ছবিকে স্বল্পদৈর্ঘ্য ভিডিওতে রূপান্তর করা যাবে। ভিডিওর সঙ্গে পরিবেশ উপযোগী শব্দ, ব্যাকগ্রাউন্ড অডিও ও কথোপকথনের মতো নানা ধরনের শব্দও যুক্ত করতে পারবেন ব্যাবহারকারীরা।

গুগল জানিয়েছে, নতুন এই সুবিধা ভিডিও জেনারেশন মডেল 'ভিউ থ্রি'এর সহায়তায় তৈরি করা হয়েছে। প্রাথমিকভাবে সুবিধাটি নির্দিষ্ট দেশে বসবাসকারী জেমিনি এআই আলট্রা ও প্রো সংস্করণের গ্রাহকেরা ব্যবহার করতে পারবেন। ১১ জুলাই থেকে ওয়েব সংস্করণ চালু হলেও কয়েক দিনের মধ্যে মোবাইল সংস্করণও চালু করা হবে।

গুগলের তথ্যমতে, জেমিনিতে ছবি থেকে ভিডিও তৈরির জন্য ব্যবহারকারীদের 'প্রম্পট বারে' থাকা 'টুলস' অপশন থেকে 'ভিডিও' নির্বাচন করতে হবে। এরপর একটি ছবি আপলোড করে লিখিত নির্দেশনা দিতে হবে। ছবিতে কোন অংশ কেমনভাবে নড়বে বা চলবে, তা বিস্তারিতভাবে লিখে জানাতে হবে। ব্যবহারকারীরা চাইলে সংলাপ, সাউন্ড ইফেক্টস ও পরিবেশের বিভিন্ন শব্দ ব্যবহারের নির্দেশনাও দিতে পারবেন। ছবি থেকে তৈরি করা ভিডিও এমপিফোর ফরম্যাটে সংরক্ষণ করা যাবে।

নতুন এ সুবিধা কাজে লাগিয়ে ব্যবহারকারীরা সহজেই নিজেদের পছন্দের যেকোনো ছবিকে ভিডিওতে রূপান্তর করে সংরক্ষণ করতে পারবেন। শুধু তাই নয়, নিজের আঁকা ছবি বা প্রাকৃতিক দৃশ্যের ভিডিও তৈরি করা যাবে। প্রতিটি ভিডিওতেই যুক্ত থাকবে গুগলের 'সিন্থ আইডি' নামের একটি অদৃশ্য ডিজিটাল ওয়াটারমার্ক। এ কারণে জানা যাবে ভিডিওটি কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির মাধ্যমে তৈরি করা হয়েছে।

২০ কোটি বছরের পুরোনো উড়ন্ত সরীসৃপের নতুন প্রজাতির সন্ধান পেয়েছেন বিজ্ঞানীরা

প্রযুক্তি ডেস্ক

বিজ্ঞানীরা টেরোসরের একটি নতুন প্রজাতির সন্ধান পেয়েছেন। এই প্রজাতির প্রাণীরা ২০ কোটি বছর আগে ডাইনোসরদের সঙ্গে বসবাস করত। স্মিথসোনিয়ানের ন্যাশনাল মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রির বিজ্ঞানীরা ২০১১ সালে যুক্তরাষ্ট্রের অ্যারিজোনার পেট্রিফাইড ফরেস্ট ন্যাশনাল পার্কে এই প্রাণীর চোয়ালের হাড়ের জীবাশ্ম আবিষ্কার করেন। সেই জীবাশ্ম বিশ্লেষণ করে নতুন এ তথ্য পাওয়া গেছে। জীবাশ্মটি উত্তর আমেরিকার টেরোসরের প্রাচীনতম প্রজাতি হিসেবে চিহ্নিত করা হয়েছে।

বিজ্ঞানীরা টেরোসরের নামকরণ করেছেন ইওটেফ্রাড্যাক্টাইলাস ম্যাসিনটিরিয়া। এর বাংলা অর্থ ছাই রঙের ডানাওয়ালা ভোরের দেবী। আগ্নেয়গিরির ছাইয়ের মধ্য থেকে হাড় পাওয়া যাওয়ায় এমন নামকরণ করা হয়েছে। চোয়ালের হাড় আবিষ্কার করা স্বেচ্ছাসেবক ম্যাকইনটায়ার জানান, এই নমুনা আবিষ্কারের বিষয়টি বেশ উত্তেজনাপূর্ণ ছিল। চোয়ালের হাড়ের মধ্যে দাঁত পাওয়া গেছে। আমি জানতাম প্রাণীটিকে শনাক্ত করা অনেক সহজ হবে।

বিজ্ঞানীদের তথ্যমতে, টেরোসরটি প্রায় ২০ কোটি ৯০ লাখ বছরের পুরোনো। ট্রায়াসিক যুগের শেষের দিকে পৃথিবীতে বসবাস করত টেরোসরটি। আধুনিক মাইক্রো-সিটি স্ক্যানিংয়ের মাধ্যমে বিজ্ঞানীরা টেরোসরের অনন্য শারীরবৃত্তীয় বৈশিষ্ট্য জানতে পেরেছেন। ইওটেফ্রাড্যাক্টাইলাস ম্যাসিনটিরিয়া একটি ছোট সীগালের আকারের সমান ছিল। ডানাওয়ালা এই সরীসৃপ সম্ভবত বর্মযুক্ত মাছ খেত। দাঁতের ক্ষয় দেখে এমনটা অনুমান করছেন বিজ্ঞানীরা।

ওয়াশিংটনের স্মিথসোনিয়ান ইনস্টিটিউশনের ন্যাশনাল মিউজিয়াম অফ ন্যাচারাল হিস্ট্রির প্যালিওন্টোলজিস্ট বেন ক্লিগম্যান বলেন, ট্রায়াসিক যুগের টেরোসরের হাড় ছোট, পাতলা ও প্রায়শই ফাঁপা ছিল।

গুগলের ক্রোম ব্রাউজারের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে এআই ব্রাউজার আনছে ওপেনএআই

প্রযুক্তি ডেস্ক

গুগলের ক্রোম ব্রাউজারে সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তিনির্ভর ওয়েব ব্রাউজার চালু করতে যাচ্ছে ওপেনএআই। আগামী কয়েক সপ্তাহের মধ্যেই ব্রাউজারটি বাজারে আনতে পারে প্রযুক্তিদুনিয়ায় হইচই ফেলে দেওয়া 'চ্যাটজিপিটি'র নির্মাতা প্রতিষ্ঠানটি।

ওপেনএআইয়ের তৈরি ব্রাউজারে 'অপারেটর' নামের একটি এআই এজেন্ট যুক্ত থাকতে পারে। এই এজেন্ট ব্যবহারকারীর হয়ে রেস্তোরাঁয় টেবিল বুক করা, অনলাইন ফরম পূরণসহ বিভিন্ন কাজ করতে পারবে। ব্রাউজারটিতে চ্যাটজিপিটির 'নেটিভ' ইন্টারফেস থাকায় ব্যবহারকারীদের আলাদা করে ওপেনএআইয়ের ওয়েবসাইটে গিয়ে চ্যাটজিপিটি ব্যবহার করতে হবে না; অর্থাৎ ব্রাউজার থেকেই সরাসরি চ্যাটজিপিটি ব্যবহার করা যাবে।

ওপেনএআইয়ের এ ব্রাউজার তৈরি করা হচ্ছে গুগলের ওপেন সোর্স প্রকল্প ক্রোমিয়ামের ওপর ভিত্তি করে। এই প্রযুক্তি ব্যবহার করেই গড়ে উঠেছে ক্রোম, এজ ও অপেরার মতো জনপ্রিয় ওয়েব ব্রাউজার। তবে ওপেনএআইয়ের তৈরি ব্রাউজারটি প্রযুক্তি দুনিয়ায় গুগলের জন্য একটি বড় হুমকি হয়ে উঠতে পারে বলে মনে করছেন বিশ্লেষকেরা প্রসঙ্গত, সার্চ ইঞ্জিন বাজারে একচেটিয়া নিয়ন্ত্রণের অভিযোগে গত বছর যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ আনুষ্ঠানিকভাবে গুগলকে আংশিক বিভক্তির প্রস্তাব দিয়েছে। এ প্রস্তাবে ক্রোম ব্রাউজারকে আলাদা প্রতিষ্ঠান হিসেবে বিক্রি করতে গুগলকে বাধ্য করার কথা বলা হয়েছে। ওপেনএআইয়ের নিজস্ব ব্রাউজার উন্মোচিত হলে সার্চ ইঞ্জিন ও ব্রাউজার খাতে প্রতিযোগিতা আরও তীব্র হবে বলে ধারণা করা হচ্ছে।



শনি গ্রহে অদ্ভুত বস্তুর আঘাত

শনি গ্রহে রহস্যময় এক বস্তুর আঘাত হানার তথ্য জানতে পেরেছেন বিজ্ঞানীরা। শনির মতো গ্যাসীয় গ্রহতে হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাসের স্তর থাকে। আর তাই গ্রহটিতে কোনো বস্তুর আঘাতের চিহ্ন বোঝা যায় না। ৫ জুলাই শনি গ্রহে একটি রহস্যময় ঝলক দেখেছেন শৌখিন জ্যোতির্বিদ মারিও রানা। তাঁর ধারণ করা ভিডিওতে দেখা গেছে, শনির ডিস্কে একটি স্বল্প সময়ের জন্য আভা ছড়িয়ে পড়েছে। জ্যোতির্বিদ মারিও রানার ভিডিওটি বেশ আলোড়ন তৈরি করায় প্ল্যানেটারি ভার্চুয়াল অবজারভেটরি অ্যান্ড ল্যাবরেটরি ভিডিওটি বিশ্লেষণ করেছে। বিজ্ঞানীদের ধারণা, এক কিলোমিটারের বেশি চওড়া কোনো বস্তু আঘাত করেছে শনি গ্রহে। এ গ্রহের ওপর খুব সংক্ষিপ্ত প্রভাবের কারণে ঝলকটি তৈরি হয়েছে। প্রতি ৩ হাজার ১২৫ বছরে একবার শনি গ্রহে এ ধরনের আঘাত হানার ঘটনা ঘটে। শনি গ্রহে প্রায়ই ছোট উল্কাপিণ্ড আঘাত করে বলে ধারণা করা হয়। নাসার জেট প্রপালশন ল্যাবরেটরির ক্যাসিনি প্রকল্পের বিজ্ঞানী লিন্ডা স্পিলকার জানিয়েছেন, শনি গ্রহের ওপর ছোট বস্তুর আঘাত অনেকটা পৃথিবীর মতোই। তবে নতুন এ আঘাতের দৃশ্য দেখা বেশ উত্তেজনাপূর্ণ। বিজ্ঞানীদের তথ্যমতে, ৫ জুলাই শনির বুকে যে আলোর ঝলক দেখা গেছে, তা বেশ আলাদা।

ভিডিও গেমের মতো পোশাক বেছে দেবে গুগল ফটোসের নতুন ফিচার

আইটি ডেস্ক

প্রতিদিন কী পোশাক পরবেন, তা ঠিক করা অনেকের জন্যই বেশ ঝামেলার কাজ। আলমারির সামনে দাঁড়িয়ে দীর্ঘ সময় ভাবার পর শেষ পর্যন্ত আগের দিনের পোশাকই পরে নেওয়া হয়। তবে গুগল ফটোসের নতুন একটি ফিচার এই কাজকে ভিডিও গেম খেলার মতো মজার করে তুলতে পারে। ফিচারটি স্মার্টফোনে থাকা ছবিগুলো থেকে আপনার পোশাকের একটি ডিজিটাল সংগ্রহ তৈরি করবে। ফলে আলমারি থেকে পোশাক না নামিয়েই ফোনের পর্দায় বিভিন্ন পোশাক মিলিয়ে নতুন সাজ তৈরি করা যাবে। গুগল ফটোসের বেশ কিছু আকর্ষণীয় ফিচারের মধ্যে এটি অন্যতম।

'ওয়ার্ড্রোব' নামের এই ফিচারটি গুগল ফটোসের 'কালেকশনস' ট্যাবে পাওয়া যাবে। এটি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে গত চার বছরের ছবি স্ক্যান করে পোশাক শনাক্ত করবে। যদিও ব্যবহারকারীর ছবিগুলো এআই প্রশিক্ষণে ব্যবহার করা হয় কি না, তা স্পষ্ট নয়। ফিচারটি চালু করতে আলাদা কোনো সেটআপের প্রয়োজন নেই। এটি স্বয়ংক্রিয়ভাবে ছবিতে থাকা শার্ট, প্যান্ট, জুতা ও অন্যান্য অনুষঙ্গ শনাক্ত করে আলাদা করে সাজিয়ে রাখবে। সব পোশাকের তালিকা তৈরি হয়ে গেলে ভিডিও গেমের চরিত্রের সাজসজ্জার মতো সেগুলো মিলিয়ে নতুন পোশাক নির্বাচন করা যাবে। একবারে সর্বোচ্চ ছয়টি পোশাক বা অনুষঙ্গ মিলিয়ে নিজের পছন্দের সাজ তৈরি করা সম্ভব।

গুগল ফিচারটিতে ভিডিও গেমের মতো অভিজ্ঞতা আরও বাড়ানোর পরিকল্পনাও করতে পারে। অ্যান্ড্রয়েড অথরিটির প্রতিবেদনে গুগল ফটোসের ৮.২ সংস্করণে 'বিল্ড আ ফিট' নামের একটি অপ্রকাশিত ফিচারের ইঙ্গিত পাওয়া গেছে। এটি চালু হলে 'সারপ্রাইজ মি' অপশনের মাধ্যমে ডিজিটাল ওয়ারড্রোব থেকে স্বয়ংক্রিয়ভাবে একটি পোশাকের সমন্বয় তৈরি করা যাবে। তবে ফিচারটি সবার জন্য উন্মুক্ত করা হবে কি না, তা এখনো নিশ্চিত নয়।

ডিজিটাল ওয়ার্ড্রোব কেন কাজে আসবে

ভিডিও গেমের চরিত্র তৈরির মতো করে পোশাক বেছে নেওয়ার বিষয়টি প্রতিদিনের পোশাক নির্বাচনের চেয়ে অনেক বেশি মজার হতে পারে। নিজের সব জ্যাকেট, জুতা, সোয়েটার ও সানগ্লাস ফোনের পর্দায় একসঙ্গে দেখা গেলে পছন্দের পোশাক খুঁজে পাওয়া সহজ হবে।





লিভারপুলের মাঠে বিধ্বস্ত ম্যানইউ

স্পোর্টস ডেস্ক

কোচ বদলালেও ম্যানচেস্টার ইউনাইটেডের দুর্ভাগ্য বদলায়নি। অ্যানফিল্ড স্টেডিয়ামে মাউরিসিও পচেত্তিনোকে দুঃস্বপ্নের শুরু উপহার দিলো লিভারপুল। ম্যানচেস্টার ক্লাবকে ৪-০ গোলে বিধ্বস্ত করেছে অলরেডরা।
প্রথম ১৩ মিনিটেই যা সর্বনাশ হওয়ার হয়ে গেছে। লেনি ইয়োরো লাল কার্ড দেখেছেন, দুটি গোলও হজম করেছে এই সময়ে। সেখান থেকে আর ঘুরে দাঁড়াতে পারেনি রেড ডেভিলরা। ১৯৩৭ সালের পর প্রথমবার তারা অ্যানফিল্ডে নেমেছিল শেষ তিনে থেকে। ওইবার তারা লিভারপুলের কাছে হেরে রেলিগেশনে থেকে মৌসুম শেষ করেছিল। এই হারে ম্যানইউ ১১ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে ১৯ নম্বরে নেমে গেছে। সবার শেষ দল ক্রিস্টাল প্যালেসের থেকে এক পয়েন্টে এগিয়ে তারা। ২১ পয়েন্ট নিয়ে লিভারপুল শীর্ষ চারে।
নতুন কোচের অধীনে ভালো কিছুর আশা নিয়ে ম্যাচ শুরু করেছিল ম্যানইউ। কিন্তু দুঃস্বপ্নের ১৩ মিনিটে তারা লণ্ডভণ্ড। ইউনাইটেড ডিফেন্ডার ইয়োরো লিভারপুলের একটি গোলের সুযোগ নষ্ট করেন। বক্সের বাইরে আলেক্সান্দার আইসাককে ফাউল করেন তিনি। অষ্টম মিনিটে পাওয়া সেই ফ্রি কিক থেকে ডোমিনিক সোবোসলাই স্বাগতিকদের এগিয়ে দেন।
প্রতিটি আক্রমণ থেকেই গোলের সুযোগ তৈরি করা লিভারপুল দ্বিতীয় গোল যোগ করলে সফরকারীদের অবস্থা আরও শোচনীয় হয়ে ওঠে। এবার বাঁ দিক থেকে রিও এনগুমোহার ক্রসে ফ্লোরিয়ান উইর্টজ দুরূহ কোণ থেকে ভলিতে জাল কাঁপান।
ম্যানইউর জন্য প্রথমার্ধে একমাত্র ইতিবাচক ব্যাপার ছিল তারা আর কোনো গোল হজম করেনি। কিন্তু তাদের সামনে ছিল পাহাড়সম চ্যালেঞ্জ।
লিভারপুল ভক্তদের মনে হয়েছিল, সাড়ে তিন বছর আগে ম্যানইউর বিপক্ষে ৭-০ গোলে জয়ের পুনরাবৃত্তি হতে চলেছে। কিন্তু দ্বিতীয়ার্ধের শুরুতে স্বাগতিকরা আক্রমণের গতি কিছুটা কমিয়ে দেয়।
দীর্ঘক্ষণ তৃতীয় গোল না খেয়ে ম্যানইউ ভক্তরা হয়তো ঘুরে দাঁড়ানোর আশা করছিল। কিন্তু তাদের সেই ভাবনা উড়িয়ে দিয়ে ব্রাডলি বারকোলার পাস থেকে এনগুমোহা গোল করেন। ওই গোলের পর লিভারপুলের ভক্তরা 'নেমে যাও' বলে বিদ্রুপ শুরু করে। ম্যানইউর যন্ত্রণা আরও বেড়ে যায় শেষ দিকে চতুর্থ গোল খেলে। রক্ষণভাগের পেছন থেকে উইর্টজের বাড়ানো বলে ভিক্টর মুনেজ জালের দেখা পান।

পিছিয়ে থেকেও জয় বার্সেলোনার

স্পোর্টস ডেস্ক

শুরুতে দুই গোল হজম করে পিছিয়ে পড়েছিল বার্সেলোনা। তবে দ্বিতীয়ার্ধে মাত্র ১০ মিনিটের ঝড়ে ম্যাচের চিত্র পাল্টে দেয় হান্সি ফ্লিকের দল। এই সময়ে তিন গোল করে ভিয়ারিয়ালকে ৩-২ ব্যবধানে হারিয়েছে কাতালানরা।
লা লিগার ম্যাচটি অনুষ্ঠিত হয় স্পটিফাই ক্যাম্প ন্যুতে। শুরুতেই স্বাগতিকদের চমকে দেয় ভিয়ারিয়াল। পঞ্চম মিনিটে তাজন বুকাননের গোলে এগিয়ে যায় তারা। দুই মিনিট পর ব্যবধান দ্বিগুণ করেন তানি ওলুসেই।
প্রথমার্ধে ঘুরে দাঁড়ানোর সুযোগ পেয়েও কাজে লাগাতে পারেনি বার্সেলোনা। ২৩ মিনিটে পেনাল্টি থেকেও গোল করতে পারেননি লামিনে ইয়ামাল।
বিরতির পর বদলে যায় ম্যাচের দৃশ্যপট। ৫৭ মিনিটে পেদ্রির ক্রস থেকে হেডে ব্যবধান কমান জেরার্দ মার্তিন।
চার মিনিট পর ইয়ামালের পাস থেকে গোল করে সমতা ফেরান ফেরমিন লোপেজ। এরপর ৬৭ মিনিটে ইয়ামালের ক্রস বিপদমুক্ত করতে গিয়ে নিজেদের জালেই বল পাঠান ভিয়ারিয়ালের পাউ নাভারো। তাতেই ৩-২ ব্যবধানে এগিয়ে যায় বার্সেলোনা।
যোগ করা সময়ে দ্বিতীয় হলুদ কার্ড দেখে মাঠ ছাড়েন নাভারো।

বলে লালা ব্যবহারের নিষেধাজ্ঞা তুলে নেওয়ার দাবি গিলের

স্পোর্টস ডেস্ক

কোভিড মহামারির সময় ক্রিকেট বলে লালা ব্যবহার করে উজ্জ্বলতা ধরে রাখার ওপর নিষেধাজ্ঞা আরোপ করে আইসিসি। এবার তা প্রত্যাহারের দাবি তুললেন ভারতের অধিনায়ক শুবমান গিল। ওয়েলিংটন টেস্টে ব্যাটারদের দাপটের বিপরীতে বোলারদের অসহায়ত্বের পর এই চাওয়া জানালেন তিনি। সোমবার পাঁচ দিনের লড়াই শেষে নিউজিল্যান্ড ও ভারতের মধ্যকার ম্যাচটি নিষ্প্রাণ ড্র হওয়ায় বলের কার্যকারিতা ধরে রাখার বিষয়টি নতুন করে আলোচনায় এসেছে। পুরো টেস্টে দুই দল মিলে উইকেট হারায় মাত্র ২৪টি। এর বিপরীতে স্কোরবোর্ডে ওঠে ১ হাজার ৩২৭ রান। নিজেদের একমাত্র ইনিংসে ৯ উইকেটে ৭২০ রান তুলে ইনিংস ঘোষণা করে ভারত। এটি নিউজিল্যান্ডের মাটিতে অনুষ্ঠিত টেস্টে দলটির সর্বোচ্চ সংগ্রহের রেকর্ড। সাধারণত গতি ও বাউন্সের জন্য পরিচিতি আছে ওয়েলিংটনের বেসিন রিজার্ভের উইকেটের। তবে দ্বিতীয় দিনের সকাল থেকেই তা হয়ে ওঠে মন্থর ও প্রাণহীন। ফলে দুই দলের বোলারদের জন্য ম্যাচটি ক্রমেই কঠিন হয়ে পড়ে।
নিজেদের দ্বিতীয় ইনিংসে নিউজিল্যান্ড ৫ উইকেটে ২৩৯ রান করার পর ড্র মেনে নেয় দুই দল। যদিও তখনও শেষ দিনের ১৫ ওভারের খেলা বাকি ছিল। ম্যাচ শেষে হতাশ গিল বলেন, 'বিশেষ করে এমন উইকেটে যদি বল উজ্জ্বল রাখা না যায় কিংবা বলের অবস্থা ঠিক রাখা সম্ভব না হয়, তাহলে বোলারদের কাজটা ভীষণ কঠিন হয়ে যায়।' লালা ব্যবহারের নিষেধাজ্ঞা তুলে নেওয়ার পক্ষে নিজের অবস্থান স্পষ্ট করেন ভারতের অধিনায়ক, 'আমি মনে করি, খেলোয়াড় ও দলগুলোকে লালা ব্যবহারের অনুমতি দেওয়া উচিত। কোভিডের সময় এই নিয়ম চালু করা হয়েছিল। আমার মনে হয়, সেই সময় আমরা অনেক আগেই পেরিয়ে এসেছি। ২৫-৩০ ওভার পর যখন বল



নরম হয়ে যায় কিংবা বলের আকৃতি নষ্ট হতে শুরু করে এবং একই সঙ্গে বলের অবস্থা ঠিক রাখার জন্য লালা ব্যবহার করা সম্ভব না হয়, তাহলে কাজটা ভীষণ কঠিন।' তবে এই বিষয়ে কিছুটা সতর্ক অবস্থানে নিউজিল্যান্ডের অধিনায়ক টম ল্যাথাম। তার ভাষায়, '(আইসিসির) নিয়ম ও শর্তের বিষয়ে, বিশেষ করে লালা ব্যবহারের প্রসঙ্গে, বিশ্ব যে পরিস্থিতির মধ্য দিয়ে গেছে, তাতে আমার মনে হয় না এই নিয়ম পরিবর্তন হবে।' বর্তমান নিয়মের মধ্যেই বলের কার্যকারিতা ধরে রাখার চেষ্টার ওপর জোর দেন তিনি, 'আপনাকে কোনো না কোনো উপায় খুঁজে বের করতে হবে। বর্তমান সময়ে ও প্রচলিত নিয়মের মধ্যে থেকে বলকে যতটা সম্ভব ভালো অবস্থায় রাখতে আমরা সর্বোচ্চ চেষ্টা করি।'

ম্যাককালামের রেকর্ড বাঙলেন পন্ত

স্পোর্টস ডেস্ক

টেস্ট ক্রিকেটে ঋষভ পন্তের ব্যাটিং দেখার আলাদা একটা আনন্দ আছে। কখনো মনে হবে, পরিস্থিতি বুঝে খেলছেন। পরক্ষণেই এমন এক শট খেলবেন, যা দেখে বোলারের পাশাপাশি দর্শকেরও মাথা ঘুরে যাবে। ঝুঁকি নিতে ভালোবাসেন। আর সেই ঝুঁকির পথ ধরেই বারবার পৌঁছে যান নতুন উচ্চতায়। নিউজিল্যান্ডের বিপক্ষে ওয়েলিংটন টেস্টে আরও একবার সেটিই দেখালেন ভারতের এই উইকেটকিপার ব্যাটসম্যান। দুর্দান্ত এক সেঞ্চুরি করে ফিরেছেন চেনা ছন্দে। মাত্র ৯১ ইনিংসেই টেস্টে পন্তের সেঞ্চুরি এখন ৯টি। এর বাইরে নব্বইয়ের ঘরে আউট হয়েছেন আরও ৭ বার। অথচ ওয়েলিংটনে মাঠে নামার আগে পন্তের সময়টা ভালো যাচ্ছিল না। চোটের কারণে গত আগস্টের পর কোনো প্রতিযোগিতামূলক ম্যাচ খেলেননি তিনি। শ্রীলঙ্কার বিপক্ষে কলম্বোয় সিরিজের দ্বিতীয় টেস্ট ছিল তাঁর সর্বশেষ ম্যাচ। এরপর অক্টোবরে ইরানি ট্রফিতে সাইড স্ট্রেইনের কারণে মাঠ ছাড়তে হয় তাঁকে। নিউজিল্যান্ড সফরে আসার আগে ভারত 'এ' দলের হয়েও খেলা হয়নি। এমন অবস্থায় ফিরে এসেই ১২৮ রানের ইনিংস। পন্তের ব্যাটিংয়ে যেন চোটের দীর্ঘ বিরতির কোনো ছাপই নেই।
তবে ভারতের ব্যাটিংয়ের গল্পে পন্ত একা নন। সেঞ্চুরি করেছেন লোকেশ রাহুলও। তাঁর ব্যাট থেকে এসেছে ১৩৬ রান। এ ছাড়া পঞ্চাশোর্ধ্ব ইনিংস খেলেছেন যশস্বী জয়সোয়াল, দেবদূত পাড়িক্কাল, শুবমান গিল ও ধ্রুব জুরেল। সব মিলিয়ে ভারত প্রথম ইনিংসে তুলেছে ৭২০ রান। লিড পেয়েছে ৩৫২ রানের। জবাবে চতুর্থ দিন শেষে নিউজিল্যান্ডের সংগ্রহ ২ উইকেটে ১১৯ রান। এখনো ২৩৩ রানে পিছিয়ে স্বাগতিকেরা।



১০ জনের গেটাফেকে হারালো অ্যাটলেটিকো

স্পোর্টস ডেস্ক

লা লিগার ইতিহাসে নতুন রেকর্ড গড়েছেন ডিয়েগো সিমিওনে। তার অধীনে ১০ জনের গেটাফেকে ৩-০ গোলে হারিয়ে স্বস্তি জয় তুলে নিয়েছে অ্যাটলেটিকো মাদ্রিদ। এই জয়ে স্পেনের শীর্ষ ফুটবল লিগে সবচেয়ে বেশি ম্যাচ জয়ের রেকর্ড নিজের করে নিয়েছেন আর্জেন্টাইন কোচ। কোচ হিসেবে ৩৪৫ ম্যাচ জয়ের রেকর্ড গড়ে তিনি টপকে গেছেন লা লিগার সর্বকালের সর্বাধিক ৩৪৪ ম্যাচ জেতা কোচ লুইস আরাগোনেসেকে। অ্যাটলেটিকোর কোচ এই রেকর্ড গড়েছেন ৫৬৭ ম্যাচে আর আরগোনেস ৩৪৪ ম্যাচে জয় পেয়েছিলেন ৭৫৬ ম্যাচে।
দাপুটে প্রথমার্ধেই গেটাফেকে ছন্নছাড়া করে দেয় অ্যাটলেটিকো মাদ্রিদ। আলেক্স বায়েনার ১০ ও জনি কারদোসোর ৩০ মিনিটের গোলে ২-০ ব্যবধানে এগিয়ে যায় তারা। এরপর দ্বিতীয়ার্ধের অতিরিক্ত সময়ে পেনাল্টি থেকে ব্যবধান আরও বাড়ান আলেহান্দ্রো গ্রিমালদো। আলেকজান্ডার সরলথকে শেষ ডিফেন্ডার হিসেবে ফাউল করে সরাসরি লাল কার্ড দেখেন গেটাফের অধিনায়ক দ্যানে ডাকোনাম।
ম্যাচের ১০ মিনিটে হুলিয়ান আলভারেজের পাস থেকে ২৫ গজ দূর থেকে নিচু শটে গোল করেন বায়েনা। এরপর ব্যবধান বাড়ানোর সুযোগ পেয়েছিলেন আলভারেজ। তবে তার দুটি প্রচেষ্টাই দারুণভাবে রুখে দেন গেটাফে গোলরক্ষক ডেভিড সোরিয়া।
৩০ মিনিটে কর্নার থেকে অ্যাটলেটিকোর দ্বিতীয় গোলটি আসে। আলভারেজের নেওয়া কর্নার ঠিকমতো সামলাতে পারেননি সোরিয়া। সেই সুযোগে কাছ থেকে বল জালে পাঠান কারদোসো।
বিরতির পরও আক্রমণের ধার কমেনি অ্যাটলেটিকোর। বায়েনার একটি শট প্রতিপক্ষের গায়ে লেগে দিক পরিবর্তন করলে সেটি সামলাতে হয় সোরিয়াকে। অন্যদিকে গেটাফের মার্টিন সাত্রিয়ানো সহজ একটি সুযোগ নষ্ট করেন।



বিনোদন



হীরার হার পাহারা দিতে আনলেন চারজনকে, সেই হারের মূল্য কত?

বিনোদন ডেস্ক

হলিউডের জনপ্রিয় তারকা জেনিফার লোপেজের সাজপোশাক নিয়ে ভক্তদের আগ্রহের শেষ নেই। তবে এবার তার পোশাকের চেয়েও বেশি নজর কেড়েছে গলার একটি হীরার নেকলেস। হীরার এক ঝকমকে গয়না পরে হাজির হয়েছিলেন তিনি। এর নিরাপত্তায় নিয়োজিত ছিলেন চারজনের বিশেষ দল। যাদের মধ্যে ছিলেন দুজন সশস্ত্র পুলিশ কর্মকর্তাও।
গত ১৯ নভেম্বর যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে নিজের কনসার্টভিত্তিক চলচ্চিত্র 'দ্য জেএলও শো: লাইভ ইন লাস ভেগাস'-এর প্রিমিয়ারে অংশ নেন জেনিফার। এদিন ইতালির বিলাসবহুল ফ্যাশন ব্র্যান্ড ডলচে অ্যান্ড গাবানার নকশা করা পোশাকে দেখা যায় তাকে। সাদা লেসের গাউন ও সাটিনের শালের সঙ্গে গলায় ছিল ব্র্যান্ডটির ১৮৬ ক্যারেটের 'সিসিলিয়া' ডায়মন্ড নেকলেস।
নেকলেসটির সবচেয়ে আকর্ষণীয় অংশ মাঝখানে থাকা নাশপাতি আকৃতির বিশাল হলুদ হীরা। এর ওজন প্রায় ১১০ ক্যারেট। বাকি অংশেও রয়েছে মূল্যবান হীরার কারুকাজ। গয়নাটির বিপুল মূল্য ও বিশেষত্বের কারণে পুরো আয়োজনজুড়েই ছিল কড়া নিরাপত্তা।
'ভ্যারাইটি'কে দেওয়া সাক্ষাৎকারে জেনিফার বলেন, নেকলেসটির চারপাশে সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা ছিল। চারজনের একটি দল সেটির ওপর নজর রাখছিলেন। তাদের মধ্যে দুজন ছিলেন অস্ত্রধারী পুলিশ কর্মকর্তা, যারা দায়িত্বের বাইরে থাকা অবস্থায় নিরাপত্তার কাজে যুক্ত হয়েছিলেন। গয়নাটিকে অত্যন্ত দামি উল্লেখ করে তিনি বলেন, এটি সত্যিই অসাধারণ। যার কাছে শেষ পর্যন্ত নেকলেসটি থাকবে, তিনি ভাগ্যবান হবেন। তার মতে, এটি বংশপরম্পরায় রেখে দেওয়ার মতো একটি গয়না। তবে নেকলেসটির সঠিক দাম প্রকাশ করেনি ডলচে অ্যান্ড গাবানা। বিভিন্ন আন্তর্জাতিক প্রতিবেদনে বলা হয়েছে, এর মূল্য কয়েক কোটি ডলার হতে পারে। গয়নাটির কেন্দ্রের ১০০ ক্যারেটের বেশি ওজনের হলুদ হীরাটির মতো বিরল ও উন্নত মানের হীরা নিলামে ১২ মিলিয়ন ডলার বা তার বেশি দামে বিক্রি হওয়ার নজির রয়েছে।



তবে এই অঙ্কটি তুলনীয় হীরার নিলামমূল্য; জেনিফারের পরা পুরো নেকলেসের নিশ্চিত দাম নয়। এর সঙ্গে নেকলেসের অন্যান্য হীরা, নকশা ও নির্মাণশৈলীর মূল্য যোগ হলে দাম আরও বাড়তে পারে।
জেনিফার জানান, চলতি বছরের জুলাইয়ে ইতালির তাওরমিনায় ডলচে অ্যান্ড গাবানার আলতা মোদা ফ্যাশন শোতে পারফর্ম করতে গিয়ে প্রথম নেকলেসটি তার নজরে আসে। তখন গয়নাটি ও এর সঙ্গে থাকা শাল-কোটটি তার খুব পছন্দ হয়েছিল। পরে প্রিমিয়ারের জন্য ব্র্যান্ডটির পক্ষ থেকে তাকে কোটটি উপহার দেওয়া হয় এবং নেকলেসটি পরার জন্য পাঠানো হয়। 'দ্য জেএলও শো: লাইভ ইন লাস ভেগাস' চলচ্চিত্রে লাস ভেগাসে জেনিফারের মঞ্চ পরিবেশনার নানা মুহূর্ত তুলে ধরা হয়েছে। এতে নিজের জনপ্রিয় গান পরিবেশনের পাশাপাশি ব্রঙ্কসে শৈশব থেকে বিশ্বজুড়ে তারকা হয়ে ওঠার গল্পও বলেছেন তিনি। আগামী ২৬ নভেম্বর সিবিএস ও প্যারামাউন্ট প্লাসে মুক্তি পাওয়ার কথা চলচ্চিত্রটির।

ভারতীয় সেনাদের সাহস দিতে যে বার্তা দিলেন শাহরুখ খান

বিনোদন ডেস্ক

ভারতীয় জওয়ানদের প্রশংসা করে বক্তব্য দিয়েছেন শাহরুখ খান। তিনি বলেন, যারা দেশকে আক্রমণ করে, ভয় আসলে তাদেরই। তার এই বক্তব্যে নিরাপত্তাকর্মীদের আত্মবিশ্বাস ও সাহস ধরে রাখার বার্তা উঠে আসে। সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্য এবং দেশের মানুষের মধ্যে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়েছেন বলিউড অভিনেতা।
এসময় তিনি ২৬/১১-র মুম্বাই হামলা, পহলগামে সন্ত্রাসী হামলা এবং সাম্প্রতিক দিল্লি বিস্ফোরণের প্রসঙ্গ তুলে নিহত ব্যক্তিদের স্মরণ করেছেন। একই সঙ্গে দেশের নিরাপত্তায় আত্মত্যাগ করা সেনা ও নিরাপত্তাকর্মীদের প্রতিও জানিয়েছেন শ্রদ্ধা।
সম্প্রতি এক অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে এসব কথা বলেন বলিউডের বাদশা। সেখানে তিনি সন্ত্রাসী হামলায় প্রাণ হারানো নিরীহ মানুষদের প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি দেশের জওয়ানদের সাহস ও দায়িত্ববোধের প্রশংসা করেন।
শাহরুখ বলেন, ২০০৮ সালের ২৬ নভেম্বর মুম্বাইয়ে সন্ত্রাসী হামলা, ২০২৫ সালে পহলগামে হামলা এবং সাম্প্রতিক দিল্লি বিস্ফোরণে যারা প্রাণ হারিয়েছেন, তাদের প্রতি তার বিনম্র শ্রদ্ধা। এসব ঘটনায় শহিদ হওয়া সাহসী নিরাপত্তাকর্মীদের প্রতিও সশ্রদ্ধ প্রণাম জানান তিনি।
দেশের সেনাসদস্যদের দায়িত্ব ও আত্মপরিচয় নিয়ে কথা বলতে গিয়ে অভিনেতা বলেন, কেউ তাদের পেশা সম্পর্কে জানতে চাইলে গর্বের সঙ্গে বলা উচিত, তারা দেশকে রক্ষা করেন। আর উপার্জন কত- এমন প্রশ্নের জবাবে ১৪০ কোটি মানুষের আশীর্বাদকেই নিজের প্রাপ্তি হিসেবে তুলে ধরতে বলেন তিনি।
জওয়ানদের সাহসের প্রশংসা করে শাহরুখ আরও বলেন, যারা দেশকে আক্রমণ করে, ভয় আসলে তাদেরই। তার এই বক্তব্যে নিরাপত্তাকর্মীদের আত্মবিশ্বাস ও সাহস ধরে রাখার বার্তা উঠে আসে। শুধু সেনাদের প্রতি শ্রদ্ধা জানানোই নয়, দেশের মানুষের মধ্যেও সম্প্রীতি ও ঐক্য গড়ে তোলার আহ্বান জানিয়েছেন অভিনেতা।



'মিস ইউনিভার্স' থেকে নতুন খবর দিলেন মাহি

বিনোদন রিপোর্ট

৭৫তম 'মিস ইউনিভার্সে' ব্যস্ত সময় পার করছেন মডেল-অভিনেত্রী সামিরা খান মাহি। সেখান থেকেই এবার নতুন খবর দিলেন তিনি। ছোট পর্দা থেকে বড় পর্দায় নাম লিখছেন মাহি। 'মস্তান' সিনেমার মধ্য দিয়ে চলচ্চিত্রে অভিষেক হবে তার। সিনেমাটি নির্মাণ করছেন নাটক ও বিজ্ঞাপন নির্মাতা কিসলু গোলাম হায়দার। বিজ্ঞাপন নির্মাতা হিসেবে দুই দশকের বেশি সময়ের অভিজ্ঞতা রয়েছে তার। নাটক ও টেলিছবি নির্মাণেও রয়েছে সুনাম। এবারই প্রথমবারের মতো চলচ্চিত্র নির্মাণে যাচ্ছেন তিনি। এদিকে প্রথম সিনেমাতেই মাহি সহশিল্পী হিসেবে পাচ্ছেন চঞ্চল চৌধুরী, আরিফিন শুভ ও তমা মির্জাকে। ২৫ নভেম্বর থেকে সিনেমাটির শুটিং শুরু হবে বলে জানান নির্মাতা কিসলু গোলাম হায়দার।

'অ্যাওয়ার্ড বানানোর কারখানা করব', কেন এই ইচ্ছে ওমর সানীর?

বিনোদন ডেস্ক

বিনোদন অঙ্গনে এখন প্রায়ই দেখা যায় নানা ধরনের অ্যাওয়ার্ড অনুষ্ঠান। এসব আয়োজনের মান, বিচারক নির্বাচন এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন চিত্রনায়ক ওমর সানী। তার অভিযোগ, চলচ্চিত্র ও সাংস্কৃতিক অঙ্গনের সঙ্গে যথাযথ অভিজ্ঞতা বা সম্পৃক্ততা না থাকা ব্যক্তিদেরও বিভিন্ন অনুষ্ঠানে বিচারকের দায়িত্ব দেওয়া হচ্ছে। এমন পরিস্থিতিতে ক্ষোভ প্রকাশ করে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি ব্যঙ্গাত্মক স্ট্যাটাস দিয়েছেন এই অভিনেতা। সঙ্গে পোস্ট করেছেন একটি কার্টুনও। যেখানে চরিত্রটিকে দেখা যাচ্ছে বড় বড় সব দাঁত বের করে বাদাম কামড়াচ্ছে। পোস্টে ওমর সানীর প্রশ্ন, যারা এসব আয়োজন করছেন, তাদের কাছে কি কেবল অর্থই মুখ্য? নাকি এই অঙ্গনে কাজ করার মতো প্রয়োজনীয় অভিজ্ঞতা ও যোগ্যতাও রয়েছে?



নিজের ফেসবুক পোস্টে তিনি লিখেছেন, 'ফিল্ম মিডিয়া নিজের ইমেজ বয়স কিছুই নাই তাকে দেখছি জাজেস। আচ্ছা আমার জানতে ইচ্ছে করে আপনারা যারা এই আয়োজন করেন আপনাদের কাছে কি শুধুই টাকা? নাকি এই সেক্টরে কোন অভিজ্ঞতা কি আছে যে এই কাজটি করছেন। স্ট্যাটাসের শেষাংশে আরও তির্যক মন্তব্য করেন ওমর সানী। লেখেন, 'রেস্টুরেন্টের পাশাপাশি ভাবছি একটা কারখানা করব অ্যাওয়ার্ড বানাবো, ভালোই ব্যবসা। ঠিক না জাজেস।
তার এই মন্তব্যে স্পষ্ট হয়েছে, যত্রতত্র অ্যাওয়ার্ড আয়োজন এবং বিচারক নির্বাচনে যোগ্যতা ও অভিজ্ঞতার বিষয়টি গুরুত্ব না পাওয়ায় তিনি অসন্তুষ্ট। বিশেষ করে চলচ্চিত্র অঙ্গনের সঙ্গে সংশ্লিষ্টতা কিংবা কাজের অভিজ্ঞতা ছাড়াই কাউকে বিচারকের আসনে বসানোর প্রবণতা নিয়ে প্রশ্ন তুলেছেন অভিনেতা।



টানা বৃষ্টিতে ৬০৯ হেক্টর জমির ফসল আক্রান্ত

দুশ্চিন্তায় কৃষক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও আবহাওয়া অফিসের তথ্য অনুযায়ী, গত তিন দিনে চাঁদপুর জেলায় ১০২ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এতে আমন ধান, ভুট্টা ও মৌসুমি সবজির মোট ৬০৯ হেক্টর জমির ফসল আক্রান্ত হয়েছে

চাঁদপুর প্রতিনিধি

ঘূর্ণিঝড় 'আকভান'-এর প্রভাবে চাঁদপুরে টানা তিন দিনের বৃষ্টিতে রোপা আমন ধান, ভুট্টা ও মৌসুমি সবজির ব্যাপক ক্ষতি হয়েছে।

বিশেষ করে আমন ধান ও আগাম শীতকালীন সবজির আবাদ নিয়ে বিপাকে পড়েছেন কৃষকরা। কোথাও ধানের গাছ নুয়ে পানিতে ডুবে গেছে, আবার কোথাও জলাবদ্ধতায় নষ্ট হয়েছে বিভিন্ন ধরনের শাকসবজি। এতে নতুন করে সবজি চাষ ও ধান কাটতে বাড়তি খরচের আশঙ্কা করছেন তাঁরা। ইতোমধ্যে জেলার ৬০৯ হেক্টর জমির ফসল আক্রান্ত হয়েছে। তবে প্রকৃত ক্ষয়ক্ষতির পরিমাণ এখনো নির্ধারণ করতে পারেনি কৃষি বিভাগ।

সরেজমিনে চাঁদপুর সদর উপজেলার বাগাদী ইউনিয়নের বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, টানা বৃষ্টিতে সবজির ক্ষেতগুলোতে পানি জমে আছে। অনেক জমিতে মৌসুমি সবজির গাছ নুয়ে পড়েছে। কোথাও কোথাও পুরো ক্ষেত পানিতে তলিয়ে গেছে।

অন্যদিকে আমন ধানের গাছ নুয়ে পড়ায় ধান কাটতেও ভোগান্তিতে পড়েছেন কৃষকরা। জমিতে পানি থাকায় অনেকটা পানির মধ্যেই ধান কাটতে হচ্ছে। এতে শ্রমিকের মজুরি ও ফসল ঘরে তোলার ব্যয় বেড়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও আবহাওয়া অফিসের তথ্য অনুযায়ী, গত তিন দিনে চাঁদপুর জেলায় ১০২ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এতে আমন ধান, ভুট্টা ও মৌসুমি সবজির মোট ৬০৯ হেক্টর জমির ফসল আক্রান্ত হয়েছে।

বাগাদী গ্রামের কৃষক মোবারক বেপারী বলেন, টানা বৃষ্টিতে শাকসবজির পাশাপাশি ধানেরও ব্যাপক ক্ষতি হয়েছে। বিশেষ করে আমন ধানের ক্ষতি বেশি। জমিতে পানি জমে থাকায় ফসলের ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তায় রয়েছেন তাঁরা। একই এলাকার কৃষক আবুল কালাম আজাদ প্রায় দুই একর জমিতে ধনিয়া, লালশাক, পালংশাক ও মুলাসহ বিভিন্ন মৌসুমি সবজির চাষ করেছেন। তিনি বলেন, বৃষ্টিতে সবজির ক্ষেত ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক জমির গাছ নষ্ট হয়ে গেছে। ফলে নতুন করে আবার আবাদ করতে হবে।

কৃষক মনসুর আহমেদ বলেন, প্রায় এক একর জমিতে আমন ধানের আবাদ করেছেন তিনি। বৃষ্টিতে ধানের গাছগুলো নুয়ে পড়েছে। চাষাবাদে খরচের পর এখন ধান কেটে বাড়িতে নিতে যে ব্যয় হবে, তার বড় অংশই শ্রমিকের মজুরি দিতে চলে যাবে। এতে লাভের পরিবর্তে লোকসানের আশঙ্কা করছেন তিনি।

আরেক কৃষক আবুল বাসার বলেন, মাঠের প্রায় সব কৃষকই কমবেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন। মৌসুমি সবজি নতুন করে রোপণ করতে হবে, পাশাপাশি আমন ধানের গাছও নুয়ে পড়েছে। ঋণ নিয়ে সবজি চাষ করায় পরিস্থিতি আরও কঠিন হয়ে পড়েছে। এ অবস্থায় সরকারি সহযোগিতা পেলে ক্ষতি কিছুটা কাটিয়ে ওঠা সম্ভব হবে।

চাঁদপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মোহাম্মদ আবু তাহের বলেন, টানা তিন দিনের বৃষ্টিতে আমন ধান, ভুট্টা ও মৌসুমি সবজি আক্রান্ত হয়েছে। মাঠপর্যায়ে কৃষি কর্মকর্তারা ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে জরিপ চালাচ্ছেন।

তবে আক্রান্ত ফসলের অধিকাংশই পুনরুদ্ধার করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। জরিপে ক্ষয়ক্ষতির পরিমাণ বেশি পাওয়া গেলে কৃষকদের সহায়তায় সরকারি প্রণোদনার জন্য সুপারিশ করা হবে।

ইমো অ্যাকাউন্ট হ্যাক করে প্রতারণা

তাড়াশ প্রতিবেদক

ইমো (imo) অ্যাকাউন্ট হ্যাক করে প্রতারণার মাধ্যমে অর্থ আত্মসাতের মামলায় তিন আসামিকে গ্রেপ্তার করেছে সিরাজগঞ্জের তাড়াশ থানা পুলিশ। গত ২১ নভেম্বর বিকেলে নাটোরের লালপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন লালপুরের নাগশোষা গ্রামের রাজীব সরদার (২৬), সজল আহমেদ (২৩) ও শিপন আলী (২৭)। পুলিশ জানায়, তাড়াশ থানায় গত ২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে দায়ের করা ৪০৬ ও ৪২০ ধারার মামলাটি তদন্ত করতে গিয়ে ইমো অ্যাকাউন্ট হ্যাক করে অর্থ আত্মসাতের ঘটনায় তাদের সংশ্লিষ্টতা পাওয়া যায়। পরে এসআই মেহেদী হাসানের নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। তাড়াশ থানার ওসি মো. ইমাম জাফর জানান, এ ঘটনায় জড়িত অন্যদের শনাক্ত ও গ্রেপ্তারের চেষ্টা চলছে। গ্রেপ্তার ব্যক্তিদের আদালতে সোপর্দ করার প্রস্তুতি নেওয়া হচ্ছে।

সীমান্তে তিন লাখ টাকার মাদক উদ্ধার

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার রংমহল সীমান্তে অভিযান চালিয়ে ৩ লাখ ৩ হাজার ৫০০ টাকা মূল্যের ভারতীয় মাদকদ্রব্য উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। উদ্ধার করা মাদকের মধ্যে রয়েছে এক কেজি গাঁজা ও দুই ধরনের এক হাজার ট্যাবলেট। তবে এ ঘটনায় কাউকে আটক করা যায়নি। গতকাল কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। বিজ্ঞপ্তিতে বলা হয়, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে শনিবার (২১ নভেম্বর) রাত ১১টার দিকে রংমহল বিওপির দায়িত্বপূর্ণ এলাকার রংমহল মাঠে অভিযান চালায় বিজিবির টহল দল। এ সময় পরিত্যক্ত অবস্থায় এক কেজি ভারতীয় গাঁজা, ৫০০ পিস ডেক্সামেথাসন ও ৫০০ পিস সাইপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করা হয়। বিজিবি জানায়, সীমান্তে মাদক পাচার ও চোরাচালান প্রতিরোধে গোয়েন্দা নজরদারি ও টহল জোরদার করা হয়েছে। এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

ব্রির নতুন পরিচালক (গবেষণা) ড. খন্দকার মো. ইফতেখারুদ্দৌলা



গাজীপুর প্রতিনিধি :

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) পরিচালক (গবেষণা) হিসেবে নিয়োগ পেয়েছেন বিশিষ্ট ধান প্রজননবিদ ড. খন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। বুধবার (১৮ নভেম্বর ২০২৬) কৃষি মন্ত্রণালয়ের জারি করা এক অফিস আদেশের মাধ্যমে তাঁকে এ পদে রুটিন দায়িত্ব প্রদান করা হয়েছে। এর আগে তিনি ব্রির উদ্ভিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

ড. খন্দকার মো. ইফতেখারুদ্দৌলা ১৯৯৮ সালের ২০ আগস্ট ব্রিতে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে কর্মজীবন শুরু করেন। দীর্ঘ কর্মজীবনে তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। ২০১৮ সালের ৯ ডিসেম্বর থেকে তিনি উদ্ভিদ প্রজনন বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। ধান গবেষণা ও উন্নয়নে তাঁর দীর্ঘ অভিজ্ঞতা এবং পেশাগত দক্ষতা নতুন দায়িত্ব পালনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।

তিনি ১৯৯৭ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রি অর্জন করেন। ১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে তৃতীয় স্থান অর্জন করেন। পরবর্তীতে ২০০৩ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ২০১০ সালে আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটে (ইরি) পরিচালিত গবেষণার মাধ্যমে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ২০১৯ সালে 'ট্রান্সফর্মিং রাইস ব্রিডিং থ্রু ক্যাপাসিটি এনহ্যান্সমেন্ট অব ব্রি' শীর্ষক সহযোগিতামূলক গবেষণা ফেলোশিপ সম্পন্ন করেন।

ধানের জাত উদ্ভাবন ও গবেষণায় তাঁর উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশেষ করে জলমগ্নতা ও আকস্মিক বন্যা সহনশীল পাঁচটি ধানের জাতব্রি ধান৫১, ব্রি ধান৫২, ব্রি ধান৭৯, ব্রি ধান১০৯ ও ব্রি ধান১১০ উদ্ভাবনে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে তাঁর নেতৃত্বে ২৬টি ধানের জাত উদ্ভাবিত হয়েছে।

এ ছাড়া মার্কার অ্যাসিস্টেড ব্যাকক্রস ব্রিডিং প্রযুক্তি ব্যবহার করে জনপ্রিয় বাংলাদেশি ধানের জাত ব্রি ধান১১, ব্রি ধান৪৪ ও ব্রি ধান৪৯-এ ঝাঁন১-ছঞ্চখ সংযোজনসংক্রান্ত গবেষণায় তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। এ গবেষণা জলমগ্নতা সহনশীল ধানের নতুন জাত উদ্ভাবনের সম্ভাবনা তৈরি করেছে। ধানের প্রজনন আধুনিকায়ন, জিনগত বৈচিত্র্য, ফিল্ড র‍্যাপিড জেনারেশন অ্যাডভান্স, জিনগত বৈশিষ্ট্য শনাক্তকরণ এবং প্রতিকূল পরিবেশে ধানের উৎপাদনশীলতা বৃদ্ধির বিষয়েও তিনি গবেষণা করেছেন।

গবেষণার অংশ হিসেবে অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, জাপান, থাইল্যান্ড, ফিলিপাইন ও যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশে প্রশিক্ষণ ও গবেষণা কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন তিনি। আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটের (ইরি) সঙ্গেও তাঁর যৌথ গবেষণার অভিজ্ঞতা রয়েছে।

গবেষণা প্রকাশনার ক্ষেত্রেও তাঁর অর্জন উল্লেখযোগ্য। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন বিজ্ঞান সাময়িকীতে তাঁর ৭৯টি পূর্ণাঙ্গ গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। এর মধ্যে ১৯টির প্রধান লেখক এবং ৬০টির সহলেখক তিনি। এ ছাড়া ২০টি বই, মনোগ্রাফ ও বুলেটিন রচনায় বা সম্পাদনায় অবদান রেখেছেন এবং বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালায় পাঁচটি গবেষণাপত্র উপস্থাপন করেছেন। তাঁর প্রকাশিত গবেষণা প্রবন্ধের মধ্যে ১৯টি ইমপ্যাক্ট ফ্যাক্টরযুক্ত আন্তর্জাতিক পিয়ার-রিভিউড জার্নালে প্রকাশিত হয়েছে। তাঁর এইচ-ইনডেক্স ২৬ এবং আই১০-ইনডেক্স ৩৪।

গবেষণায় অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি একাধিক পুরস্কার ও সম্মাননা অর্জন করেছেন। এর মধ্যে রয়েছে ২০১১ সালে সিএসআরএল-অক্সফাম ফুড অ্যান্ড এগ্রিকালচার অ্যাওয়ার্ড, বাংলাদেশ প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্স সোসাইটি থেকে ইয়ং সায়েন্টিস্ট অ্যাওয়ার্ড, ২০১৪ সালে ব্রি অ্যাওয়ার্ড এবং ২০২৪ সালে ঘঅজঝ-ওজজও ঋবযষড়ংযরঢ় অধিৎফ। এ ছাড়া ফাউন্ডেশন ট্রেনিং কোর্সে প্রথম স্থান অর্জনের জন্য বার্ক চেয়ারম্যানস অ্যাওয়ার্ড লাভ করেন। তিনি স্ট্রাসা, এডিবি-ওয়াটার সেভিং, এনএটিপি ব্যাকটেরিয়াল ব্লাইট, বিএএস-সাবমারজেন্স, আইএপিপি-ব্রি কম্পোনেন্ট, এজিজিআরআই অ্যালায়েন্স, টিআরবি, সিআরসিআইএল ও আরসিজিএসসহ মোট ১৩টি গবেষণা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের সঙ্গে যুক্ত ছিলেন।

পেশাগত জীবনে তিনি ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি), বাংলাদেশ প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্স সোসাইটি, সাবরাও (ঝঅইজঅঙ) এবং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট বিজ্ঞানী সমিতির (ব্রিসা) সদস্য। ধান গবেষণা ও জাত উদ্ভাবনে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন এই বিজ্ঞানীর নতুন দায়িত্বে ব্রির গবেষণা কার্যক্রম আরও গতিশীল হবে এবং দেশের ধান উৎপাদনশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

জেনারেল হাসপাতালে শিশু বিভাগের উদ্বোধন

দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের নতুন ভবনের তৃতীয় তলায় আনুষ্ঠানিকভাবে চালু হয়েছে শিশু বিভাগ।

গতকাল সকালে দিনাজপুর-৩ (সদর) আসনের সংসদ সদস্য সৈয়দ জাহাঙ্গীর আলম এ বিভাগের কার্যক্রম উদ্বোধন করেন।

উদ্বোধন শেষে তিনি শিশু বিভাগের তিনটি কেবিনসহ বিভিন্ন ওয়ার্ড ঘুরে দেখেন। এ সময় শিশুদের চিকিৎসাসেবার মান উন্নয়ন এবং তাদের প্রতি আরও যত্নবান হওয়ার জন্য সংশ্লিষ্ট চিকিৎসক ও কর্মীদের প্রতি গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সিরাজুল ইসলাম, আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. নূর আলম, গণপূর্ত বিভাগের (পিডব্লিউডি) এসডিই-১ (সিভিল) নুরুল হাসান সোহান এবং এসডিই (ইলেকট্রিক অ্যান্ড মেকানিক্স) শাহরিয়া আরেফিনসহ হাসপাতালের সংশ্লিষ্ট কর্মকর্তা ও চিকিৎসকরা।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য সৈয়দ জাহাঙ্গীর আলম বলেন, দিনাজপুরবাসীর দীর্ঘদিনের প্রত্যাশা ছিল হাসপাতালে শিশু বিভাগ চালু করা। নতুন ভবনের আধুনিক সুযোগ-সুবিধার মাধ্যমে এখন থেকে জেলার শিশুরা আরও উন্নত ও মানসম্মত চিকিৎসাসেবা পাবে।

তিনি চিকিৎসক ও নার্সদের প্রতিটি শিশুকে সর্বোচ্চ আন্তরিকতা ও মমতার সঙ্গে চিকিৎসাসেবা দেওয়ার আহ্বান জানান। পাশাপাশি শিশুদের সার্বিক চিকিৎসা নিশ্চিত করতে সেবার মান বজায় রাখার ওপর গুরুত্ব দেন।



৭৫ এসএসসি পরীক্ষার্থীকে আর্থিক সহায়তা দিল নিউ জার্নি

ঘাটাইল প্রতিনিধি

টাঙ্গাইলের ঘাটাইলে মেধাবী এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য আর্থিক সহায়তা দিয়েছে নিউ জার্নি বাংলাদেশ লিমিটেড। আর্থিক অসচ্ছলতার কারণে যাতে কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ থেকে বঞ্চিত না হয় এবং তাদের পড়াশোনা অব্যাহত থাকে, সে লক্ষ্যেই এ কর্মসূচির আয়োজন করা হয়। গতকাল উপজেলার শাহপুর বাসস্ট্যান্ড এলাকার সোনার তরী পার্ক অ্যান্ড রেস্টুরেন্টে 'মেধাবী এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের আর্থিক সহায়তা প্রদান কর্মসূচি-২০২৬' অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা মো. হাবিবুর রহমান। প্রধান অতিথি ছিলেন নিউ জার্নি বাংলাদেশ লিমিটেডের শিক্ষা প্রকল্পের পরিচালক মো. মাসুদুল আলম।

এ সময় উপস্থিত ছিলেন নিউ জার্নি বাংলাদেশের ঘাটাইল এরিয়া অফিসার ইনচার্জ শাহরিয়ার শামীম, বাংলাদেশ শিক্ষক সমিতির ঘাটাইল উপজেলা শাখার সভাপতি মুহাম্মদ হাসান আলী, বিভিন্ন স্কুল ও মাদ্রাসার প্রধান শিক্ষক, শিক্ষার্থীদের অভিভাবক এবং উপকারভোগীরা।

অনুষ্ঠানে উপজেলার ২৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৭৫ জন শিক্ষার্থীকে ফরম পূরণের জন্য প্রত্যেককে ২ হাজার ৫০০ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়। আয়োজক ও উপস্থিত ব্যক্তিরা বলেন, এ ধরনের উদ্যোগ মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাজীবন এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আর্থিক সংকটের কারণে কোনো শিক্ষার্থীর শিক্ষার পথ যেন বন্ধ না হয়, সে বিষয়ে সবাইকে সচেতন হতে হবে।

বক্তারা শিক্ষার প্রসার ও শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে সমাজের বিত্তবান ব্যক্তি এবং বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানান।

পাহাড়ি-বাঙালি ২৭ পরিবারকে বিজিবির মানবিক সহায়তা

পার্বত্যাঞ্চল প্রতিনিধি

পাহাড়ে সম্প্রীতি ও উন্নয়ন জোরদারে খাগড়াছড়ির মাটিরাঙ্গায় দুস্থ পাহাড়ি-বাঙালি পরিবার ও বিভিন্ন সামাজিক-ধর্মীয় প্রতিষ্ঠানের মাঝে মানবিক সহায়তা দিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

খেদাছড়া ব্যাটালিয়ন (৪০ বিজিবি) ও পলাশপুর জোনের উদ্যোগে কৃষি, শিক্ষা, ধর্মীয় ও সামাজিক উন্নয়নে এসব সহায়তা প্রদান করা হয়।

গতকাল সকাল ১০টার দিকে পলাশপুর জোন সদরে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জোন কমান্ডার ও খেদাছড়া ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল সৈয়দ ফজলে মুনীম।

কর্মসূচির আওতায় একজন কৃষককে ইউরিয়া সার ও কীটনাশক স্প্রে মেশিন, ১০টি দুস্থ পরিবারকে আর্থিক অনুদান, পাঁচটি অসহায় পরিবারকে ঘর নির্মাণের জন্য সাড়ে সাত বান্ডিল ঢেউটিন এবং একটি মাদ্রাসাকে এক বান্ডিল ঢেউটিন দেওয়া হয়।

এ ছাড়া ছয়টি পরিবারকে খাদ্যসামগ্রী, দুটি পরিবারকে সেলাই মেশিন, দুজন শিক্ষার্থীকে শিক্ষা উপকরণ এবং একটি পরিবারকে নলকূপ ও পাইপ দেওয়া হয়।

এ ছাড়া একটি শিক্ষাপ্রতিষ্ঠানকে ক্রীড়াসামগ্রী, একটি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে উন্নয়নকাজের জন্য আর্থিক অনুদান, একটি এতিমখানায় ১০০ কেজি চাল, একটি স্কুলের জেনারেটর মেরামতের জন্য অর্থ এবং আরেকটি এতিমখানায় রান্নার তিনটি সামগ্রী দেওয়া হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা বগুড়ার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
গাবতলী আমলী আদালত।

আদেশ/বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তপশীল এ উল্লেখিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী হইয়াছে এবং যেহেতু ফৌজদারী কার্যবিধির ১৮৯৮ এর ৮৭ এবং ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, অত্র আদালতে বিচারার্থে উক্ত আসামী সোপর্দ/গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামীকে শীঘ্রই গ্রেফতার করিবার সম্ভবনা নাই। এক্ষণে যেহেতু কার্যবিধি ৩৩৯বি(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে উক্ত আসামী নিম্নের তপশীল এ তাহার নামের পার্শ্বে বর্ণিত অপরাধের বিচারের জন্য অত্র আদেশ জারী হইবার ১০(দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর আদালতে হাজির হইবার জন্য নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় তাহার অনুপস্থিতিতেই বিচারকার্য সমাধান করা হইবে।

তফসিল বিবরণীঃ

ক্রমিক নং	আসামীর নাম ও ঠিকানা	মামলার নং ও ধারা	মন্তব্য
০১.	মোঃ ছানাউল হক পিতা-মোঃ মোস্তেজার রহমান সাং-বড় ইটালী পোঃ বাগবাড়ী থানা-গাবতলী, জেলা-বগুড়া।	মামলা নং-৪৯৩ সি/২০২৫ (গাবঃ) ধারাঃ-এন.আই.এ্যাক্ট এর ১৩৮ ধারা ধার্য্য তাং: ২০/১২/২০২৬ ইং।	জেলা বগুড়ার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট গাবতলী থানা আমলী আদালত

আদেশক্রমে
(জনাব আরিফুল)
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
আমলী আদালত গাবতলী থানা বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা বগুড়ার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
গাবতলী আমলী আদালত।

আদেশ/বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তপশীল এ উল্লেখিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী হইয়াছে এবং যেহেতু ফৌজদারী কার্যবিধির ১৮৯৮ এর ৮৭ এবং ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, অত্র আদালতে বিচারার্থে উক্ত আসামী সোপর্দ/গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামীকে শীঘ্রই গ্রেফতার করিবার সম্ভবনা নাই। এক্ষণে যেহেতু কার্যবিধি ৩৩৯বি(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে উক্ত আসামী নিম্নের তপশীল এ তাহার নামের পার্শ্বে বর্ণিত অপরাধের বিচারের জন্য অত্র আদেশ জারী হইবার ১০(দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর আদালতে হাজির হইবার জন্য নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় তাহার অনুপস্থিতিতেই বিচারকার্য সমাধান করা হইবে।

তফসিল বিবরণীঃ

ক্রমিক নং	আসামীর নাম ও ঠিকানা	মামলার নং ও ধারা	মন্তব্য
০১.	মোঃ আমিরুল ইসলাম পিতা-মোঃ নান্নু খাঁ সাং-ধনঞ্জয় পোঃ নেপালতলী-৫৮২০ থানা-গাবতলী, জেলা-বগুড়া।	মামলা নং-২৩ সি/২০২৬ (গাবঃ) ধারাঃ-এন.আই.এ্যাক্ট এর ১৩৮ ধারা ধার্য্য তাং: ০২/১২/২০২৬ ইং।	জেলা বগুড়ার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট গাবতলী থানা আমলী আদালত

আদেশক্রমে
(জনাব আরিফুল)
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
আমলী আদালত গাবতলী থানা বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জেলা
বগুড়ার শেরপুর সদর আমলী আদালত।

আদেশ/বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তফশীলে উল্লেখিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে এবং ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ সালের ৮৭ এবং ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহন করা হয়েছে এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, অত্র আদালতে বিচারার্থে উক্ত আসামী গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছেন বা আত্মগোপন করিয়াছেন এবং যেহেতু উক্ত আসামীকে শ্রীঘ্রই গ্রেফতার করিবার সম্ভাবনা নাই। এক্ষণে সেহেতু কার্যবিধি ৩৩৯বি(২) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে উক্ত আসামীকে নিম্ন তফশীলে তাহার নামের পার্শ্বে বর্ণিত মামলার বিচারের জন্য অত্র আদেশ জারী হইবার ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর আদালতে হাজির হইবার জন্য নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় তার অনুপস্থিতেই বিচার কার্য সমাধান করা হইবে।

তপশীল

ক্রমিক নং	আসামীর নাম ও ঠিকানা	মামলা নং ও ধারা
১.	মোঃ শাহিন (৫২), পিতাঃ মোঃ শামছুল হক, সাং-সিমলা, পোঃ চান্দাইকোনা, থানাঃ রায়গঞ্জ, জেলাঃ সিরাজগঞ্জ।	১২১সি/২০২৪(শেরপুর) এন আই এক্ট এর ১৩৮ ধারা। ধার্য তারিখ-২৫/১১/২৬

মোঃ আবুহেনা সিদ্দিকী
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
আমলী আদালত শেরপুর থানা, বগুড়া।